# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 18, 1433 Bangla, July 02, 2026, Thursday, No. 177, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has called for Japan's stronger role to facilitate safe and sustainable repatriation of Rohingyas to Myanmar. [R. Today: 31]

This Year's HSC and its equivalent examinations has begun simultaneously across country today. [Jago FM: 28]

National Implementation Committee for Administrative Reorganization has approved creation of three new upazilas and one new thana in country. [BBC: 09]

Information and Broadcasting Minister has stressed on ensuring country's cyber security. [Jago FM: 27]

Education Minister has said, optimum importance will be given to research, innovation & technical education to advance country's textile sector. [R. Today: 33]

State Minister for Foreign Affairs has stated that government maintains a firm stance against all forms of terrorism and violent extremism. [Jago FM: 23]

Another 109 Bangladeshis rescued from cyber scam compounds in Cambodia returned home. [Jago FM: 28]

US President Donald Trump has said that negotiation with Iran is preceding well ahead and recent meetings with Qatar have also been successful. [BBC: 03]

Death toll from Venezuela earthquake has risen to 1,943. [DW: 15]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**আষাঢ় ১৮, বাংলা ১৪৩৩, জুলাই ০২, ২০২৬, বৃহস্পতিবার, নং- ১৭৭, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে জাইকার প্রতিনিধি দলের সাক্ষাৎ, জ্বালানি খাতসহ চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা । [রে. টুডে: ৩১]

এ বছরের এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়েছে আজ। [জাগো এফএম: ২৮]

তিনটি নতুন উপজেলা ও একটি থানা অনুমোদন দিয়েছে প্রশাসনিক পুনর্বিন্যাসসংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি । [বিবিসি: ০৯]

দেশের সাইবার নিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী । [জাগো এফএম: ২৭]

বস্ত্র খাতকে বিশ্ববাজারে আরও প্রতিযোগিতামূলক করে তুলতে গবেষণা , উদ্ভাবন এবং কারিগরি শিক্ষার ওপর সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী । [রে. টুডে: ৩৩]

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেছেন, সরকার সব ধরনের সন্ত্রাসবাদ ও সহিংস উগ্রবাদের বিরুদ্ধে দৃঢ় অবস্থানে রয়েছে। [জাগো এফএম: ২৩]

কম্বোডিয়ার বিভিন্ন সাইবার স্ক্যাম কম্পাউন্ড থেকে উদ্ধার হওয়া আরও ১০৯ বাংলাদেশি দেশে ফিরেছেন। [জাগো এফএম: ২৮]

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে আলোচনা ভালোভাবে চলছে এবং কাতারের সাথে সম্প্রতি অনুষ্ঠিত হওয়া বৈঠকগুলোও সফল হয়েছে। [বিবিসি: ০৩]

ভেনেজুয়েলায় ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো এক হাজার ৯৪৩ জন। [ডয়চে ভেলে: ১৫]

# বিবিসি

## আয়াতুল্লাহ খামেনি হত্যার প্রতিশোধ নেওয়া হবেঃ ইরানের জাতীয় নিরাপত্তা পরিষদ

ইরানের প্রয়াত সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি হত্যার প্রতিশোধ নেওয়ার কথা জানিয়েছে ইরানের সর্বোচ্চ জাতীয় নিরাপত্তা পরিষদ। বুধবার ইরানের জাতীয় নিরাপত্তা পরিষদের মিডিয়া শাখার এক্স (সাবেক টুইটার) অ্যাকাউন্টে পরিষদের সচিব মোহাম্মদ বাঘের জোলঘাদর স্বাক্ষরিত একটি বার্তা প্রকাশ করা হয়। এতে বলা হয়েছে, ”আয়াতুল্লাহ আলী খামেনিকে হত্যার জন্য দায়ী, পরিকল্পনাকারী ও অপরাধীদের বিরুদ্ধে প্রতিশোধ নেওয়া হবে।„ গত ২৮ ফেব্রুয়ারি ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার প্রথম দিনেই খামেনি নিহত হন। ওই হামলায় ইরানের আরও কয়েকজন কর্মকর্তা এবং খামেনির পরিবারের কয়েকজন সদস্যও নিহত হন। আগামী ৪ জুলাই থেকে ৮ জুলাইয়ের মধ্যে তেহরান, কোম ও মাশহাদে তার জানাজা ও দাফনের আনুষ্ঠানিকতা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এছাড়া ইরাকের বাগদাদ, কাজিমাইন, কারবালা ও নাজাফ শহরেও শোকানুষ্ঠানের আয়োজন করা হবে।
(বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ নারগীস)

## ইরানের বিরুদ্ধে নিষেধাজ্ঞা অবিলম্বে প্রত্যাহারের আহ্বান চীনের

ইরানের বিরুদ্ধে আরোপিত নিষেধাজ্ঞা অবিলম্বে প্রত্যাহারের আহ্বান জানিয়েছে চীন। একইসঙ্গে, একটি সামগ্রিক রাজনৈতিক সমাধানের লক্ষ্যে আলোচনা এগিয়ে নিতে যুক্তরাষ্ট্র ও ইরানকে স্বাক্ষরিত সমঝোতা স্মারক বাস্তবায়নের আহ্বানও জানিয়েছে বেইজিং। এএফপির তথ্য অনুযায়ী, চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র গুও জিকুন তাদের দৈনিক সংবাদ সম্মেলনে বলেন, ইরানের ওপর আরোপিত একতরফা নিষেধাজ্ঞা যত দ্রুত সম্ভব প্রত্যাহার করা উচিত, এটাই চীনের ধারাবাহিক অবস্থান। তিনি বলেন, ”আমরা আশা করি, যুক্তরাষ্ট্র ও ইরান এর আগে যে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছে, তা বাস্তবায়ন করবে এবং যত দ্রুত সম্ভব একটি সামগ্রিক রাজনৈতিক সমাধানে পৌঁছাতে আলোচনা এগিয়ে নেবে।„ চীন বারবার জোর দিয়ে বলেছে যে, ইরান ইস্যুর সমাধানে সংলাপ ও কূটনীতিই একমাত্র বাস্তবসম্মত পথ। এছাড়া আলোচনা প্রক্রিয়া অব্যাহত রেখে আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতায় অবদান রাখার জন্য সব পক্ষের প্রতি আহ্বান জানিয়েছে দেশটি। (বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ নারগীস)

## ইরানের সঙ্গে আলোচনা ভালোভাবে চলছে- জানালেন ডোনাল্ড ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বুধবার বলেছেন যে, ইরানের সঙ্গে আলোচনা ভালোভাবে চলছে এবং কাতারের সাথে সম্প্রতি অনুষ্ঠিত হওয়া বৈঠকগুলোও সফল হয়েছে। তিনি বলেন, ”ইরানের পারমাণবিক নিরস্ত্রীকরণও খুব ভালোভাবে এগোচ্ছে। তাদের মধ্যে খুব ভালো বৈঠক হয়েছে„। নর্থ ডাকোটার উদ্দেশে রওনা হওয়ার আগে বুধবার সাংবাদিকদের এই কথা বলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট। ”আমরা তাদের ওপর খুব চাপ দিয়েছিলাম, আমাদের মধ্যে খুব ভালো সম্পর্কও রয়েছে,„ বলেন তিনি। কাতার ও পাকিস্তানের মধ্যস্থতায় বুধবার দোহায় ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে পরোক্ষ কারিগরি পর্যায়ের আলোচনা চলছে বলে একটি সূত্রের বরাত দিয়ে বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ নারগীস)

## বাংলাদেশে সরকারি চাকরিজীবীদের বেতন বাড়ানো নিয়ে সবশেষ কী জানা যাচ্ছে

বাংলাদেশে সরকারি চাকরিজীবীদের বেতন নতুন অর্থবছরে বাড়বে- এটা নিশ্চিত করেছিলেন অর্থমন্ত্রী নিজেই। বাজেট বক্তব্যে অর্থমন্ত্রী পহেলা জুলাই থেকে নতুন বেতন কাঠামো বাস্তবায়নের ঘোষণা দিলেও এ নিয়ে এখনো চূড়ান্ত গেজেট প্রকাশ করেনি সরকার। অর্থাৎ, সরকারি চাকরিজীবীদের গ্রেডের ভিত্তিতে কার বেতন কত বাড়ছে, এটি এখনো সুনির্দিষ্টভাবে জানানো হয়নি। এছাড়া নতুন পে-স্কেল দেওয়ার ক্ষেত্রে অন্তর্বর্তীকালীন সরকারের সময় গঠিত কমিশন যে প্রস্তাব দিয়েছে, সেটিই কার্যকর হবে, নাকি বর্তমান সরকার ভিন্ন কোনো সিদ্ধান্ত নিচ্ছে, সেটিও স্পষ্ট নয়। যদিও, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর পরিস্থিতি পর্যালোচনার জন্য একটি উচ্চপর্যায়ের কমিটি করে ইতোমধ্যে নতুন বেতন কাঠামোর একটি খসড়া রূপরেখা তৈরি করেছে বলে জানানো হয়েছিল। যে খসড়া রূপরেখাটি চূড়ান্ত পর্যায়ে নিতেই এখন কাজ চলছে বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। যেখানে বেতন কত বাড়বে, কয় ধাপে বেতন-ভাতা বাড়ানো হবে, মূল্যস্ফীতি এড়ানোর পন্থা কী হবে- এই বিষয়গুলো বিশ্লেষণ করা হচ্ছে বলে জানা গেছে। এমন প্রেক্ষাপটে কবে থেকে বেতন কাঠামো কার্যকর হবে, বেতন-ভাতা কত বাড়বে, কত ধাপে বা পর্যায়ে বাড়ানো হবে- সরকারি চাকরিজীবীদের মধ্যে এমন নানা বিষয়ে আলোচনা রয়েছে। নাম প্রকাশ না করার শর্তে অর্থ মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানিয়েছেন, নতুন অর্থবছরের শুরু থেকেই নতুন বেতন কার্যকর হওয়ার কথা থাকলেও, গেজেট প্রকাশ হওয়ার আগ পর্যন্ত নিশ্চিতভাবে কিছুই বলার সুযোগ নেই। আর প্রশাসনিক আদেশ, গেজেট প্রকাশ এবং আইনি প্রক্রিয়ার কারণে নতুন কাঠামোয় বেতন দেওয়ার পরিকল্পনা চূড়ান্ত করতে আরও কিছুটা সময় লাগতে পারে বলেও জানান তিনি। তবে যখন থেকেই এটি পূর্ণাঙ্গভাবে কার্যকর হোক না কেন, বকেয়াসহ তা পরিশোধ করার

বিষয়টি আলোচনায় রয়েছে বলেও তিনি জানান। আর সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, 'যথাসময়েই' বাস্তবায়ন হবে নতুন বেতন কাঠামো।

এদিকে, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা ও অর্থনীতিবিদরা বলছেন, সরকারি চাকরিজীবীদের বেতন কাঠামোয় পরিবর্তন আসা জরুরি; তবে কীভাবে সরকার এটি বাস্তবায়ন করবে, বর্তমান অর্থনৈতিক বাস্তবতা বিবেচনায় রেখেই সরকারকে এই সিদ্ধান্ত নিতে হবে।

**নতুন কাঠামোয় বেতন কবে থেকে?**

বাংলাদেশে সরকারি চাকরিজীবীদের জন্য সর্বশেষ জাতীয় বেতন স্কেল ঘোষিত হয়েছিল ২০১৫ সালে। এরপর থেকে প্রতি বছর তাদের মূল বেতনের নির্ধারিত ৫ শতাংশ হারে বৃদ্ধি পেলেও, নতুন করে আর পে-স্কেলের ঘোষণা আসেনি। ফলে দীর্ঘদিন ধরেই নতুন বেতন কাঠামো ঘোষণার অপেক্ষায় রয়েছেন সরকারি চাকরিজীবীরা। ২০২৫ সালে সাবেক অর্থ সচিব জাকির আহমেদ খান-এর নেতৃত্বে 'জাতীয় বেতন কমিশন, ২০২৫' গঠন করেছিল অন্তর্বর্তী সরকার। ওই কমিশন গত ২২ জানুয়ারি সরকারের কাছে যে প্রতিবেদন জমা দিয়েছিল, সেখানে সরকারি কর্মচারীদের বেতন-ভাতা ১০০ থেকে ১৪০ শতাংশ পর্যন্ত বাড়ানোর সুপারিশ করা হয়। কমিশনের সুপারিশ অনুযায়ী, বিদ্যমান সর্বনিম্ন বেতন স্কেল ৮ হাজার ২৫০ টাকা থেকে বাড়িয়ে ২০ হাজার টাকা এবং সর্বোচ্চ ধাপ ৭৮ হাজার টাকা থেকে বাড়িয়ে ১ লাখ ৬০ হাজার টাকা করার প্রস্তাব দেওয়া হয়। এছাড়া, বৈশাখি ভাতার হার বর্তমানের ২০ শতাংশ থেকে বাড়িয়ে ৫০ শতাংশ করার সুপারিশ এবং যাতায়াত ভাতা প্রদানের ক্ষেত্রেও ১০ম থেকে ২০তম গ্রেড পর্যন্ত ব্যাপক সংস্কারের কথা বলা হয়েছিল। কমিশনের প্রধান জাকির আহমেদ খান ওই সময় জানিয়েছিলেন যে, গত এক দশকে দেশের জাতীয় ও আন্তর্জাতিক অর্থনৈতিক সূচকে যে বিশাল পরিবর্তন এসেছে, তা মাথায় রেখেই এই সুপারিশ প্রণয়ন করা হয়েছে। তখন জানানো হয়েছিল যে, পুরো সুপারিশ বাস্তবায়নে অতিরিক্ত প্রায় ১ লাখ ৬ হাজার কোটি টাকার প্রয়োজন হবে, যা জাতীয় বাজেটের ওপর বড়ো ধরনের প্রভাব ফেলার সম্ভাবনা রাখে। ক্ষমতায় আসার পর পরিস্থিতি পর্যালোচনার জন্য মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনির নেতৃত্বে ১০ সদস্যের একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করে বর্তমান সরকার। যে কমিটি ইতোমধ্যে নতুন বেতন কাঠামোর একটি খসড়া রূপরেখা তৈরি করেছে। যার ওপর ভিত্তি করে বর্তমানে গেজেট তৈরির কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে বলে জানা গেছে।

প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর বলছেন, দেশের অর্থনৈতিক দিক বিবেচনায় রেখেই নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী সিদ্ধান্ত নেবে সরকার। "ইশতাহারে বলা হয়েছে যে, যথাসময়ে বাস্তবায়ন করা হবে এবং সেই অনুযায়ীই একটা রিভিউ করা হয়েছে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। কবে নাগাদ গেজেট প্রকাশ হতে পারে এই প্রশ্নের সরাসরি কোনো জবাব দেননি প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টা। বিবিসি বাংলাকে তিনি জানান, "পর্যায়ক্রমে বাস্তবায়নটা করা হবে।„ যদিও, জাতীয় সংসদে দেওয়া বাজেট বক্তব্যে নতুন অর্থবছরের শুরু থেকেই সরকারি কর্মচারীদের জন্য পে-স্কেল বাস্তবায়নের ঘোষণা দিয়েছিলেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। "সরকারি কর্মচারীরা বিগত প্রায় ১১ বছর যাবৎ একই বেতন কাঠামোতে বেতন-ভাতা পাচ্ছেন। ইতোমধ্যে মূল্যস্ফীতিজনিত কারণে জীবনযাত্রার ব্যয় অনেক বৃদ্ধি পেয়েছে। আমরা সরকারি কর্মচারীদের জন্য নতুন বেতন কাঠামো আগামী পহেলা জুলাই ২০২৬ হতে ধাপে ধাপে বাস্তবায়ন করার ঘোষণা দিচ্ছি,„ জাতীয় সংসদে বলেন তিনি। বেতন-ভাতা ধাপে ধাপে বাস্তবায়নের কথা জানিয়েছিল পে-স্কেল পর্যালোচনা কমিটিও। প্রথম দুই অর্থবছরে মূল বেতনের ৫০ শতাংশ হারে বৃদ্ধি এবং তৃতীয় বছরে ভাতা কার্যকরের কথাও জানানো হয়েছিল। নতুন পে-স্কেলে বেতন-ভাতা একসাথে কার্যকর না করার বিষয়টি বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর। তিনি বলছেন, "আমরা কয়েকটা ধাপে এটা করবো, প্রথমেই বেতন বা বেসিকটা বাড়ানো হবে।„ তবে কোন গ্রেডের কর্মচারীর বেতন কত হতে পারে, সে বিষয়ে এখনই কিছু জানাতে রাজি হননি মি. তিতুমীর। তিনি বলছেন, গেজেট চূড়ান্ত করতে সরকার পর্যালোচনা করছে, "এই পর্যালোচনা এবং রাজনৈতিক দিক-নির্দেশনার আলোকেই পে-স্কেল বাস্তবায়ন করা হবে।„ যদিও অর্থ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে যে, চলতি মাসের মাঝামাঝি বা শেষ নাগাদ বেতন বৃদ্ধির গেজেট প্রকাশ করা হতে পারে।

**মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রাখাও জরুরি**

২০২৬-২৭ অর্থবছরের বাজেটে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও ভাতা বাবদ প্রায় ৮৯ হাজার ৮৩৬ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। পেনশন ও গ্রাচুইটিসহ যা এক লাখ ৪১ হাজার ৪৩৪ কোটি টাকা। বাজেটের 'জনপ্রশাসন-নিট' খাতে চলতি অর্থবছরের সংশোধিত বাজেটের তুলনায় ৫৪ হাজার ৫৭২ কোটি টাকা বেশি বরাদ্দ রাখা হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এই অতিরিক্ত অর্থের অন্তত ৪৪ হাজার কোটি টাকা রাখা হয়েছে মূলত সরকারি কর্মচারী, এমপিওভুক্ত শিক্ষক এবং পেনশনভোগীদের জন্য নতুন বেতন কাঠামোর আংশিক বাস্তবায়নের জন্য। জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআরের সাবেক চেয়ারম্যান মোহাম্মদ আবদুল মজিদ বলছেন, সরকারি কর্মচারীদের বেতন বৃদ্ধির যৌক্তিকতা রয়েছে, তবে এক্ষেত্রে বাজারের অন্যদের পরিস্থিতি কী, সেটাও বিবেচনা করা জরুরি। "অন্তর্বর্তীকালীন

সরকারের সময় গঠিত পে-কমিশন একটি প্রস্তাবনা দিয়েছে, কিন্তু সেই সময়ের অর্থনীতির সঙ্গে বর্তমান অর্থনীতিতে কী পরিবর্তন হয়েছে, সেটি যাচাই করতে হবে। কারণ বাজারে দাম বাড়লে সবার জন্যই বাড়বে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। তিনি বলছেন, বেতন কাঠামো বাস্তবায়ন করলেই হবে না, দেশের অর্থনীতিতে সেটি সহনশীল কি না, সেটাও নিশ্চিত করতে হবে, তা না হলে এর কার্যকারিতা হারাবে বলেও মনে করেন মি. মজিদ।

প্রায় একযুগ পর সরকারি চাকরিজীবীদের জন্য পে-স্কেল দেওয়ার বিষয়টি ইতিবাচক হিসেবেই দেখছেন অর্থনীতিবিদরা। তারা বলছেন, এই সময়ে যে মাত্রায় সরকারি চাকরিজীবীদের বেতন বৃদ্ধি হয়েছে, সার্বিক মূল্যস্ফীতির তুলনায় সেটি বেশ কম। ”নতুন বেতন কাঠামো বাস্তবায়নে সরকারের ওপর বিশাল আর্থিক দায় তৈরি হবে, কিন্তু এটাকে ব্যয় হিসেবে না দেখে বিনিয়োগ হিসেবেও দেখা যেতে পারে„ বলেই মনে করেন বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ বা সিপিডি এর সম্মাননীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান। তবে নতুন বেতন কাঠামো কেবল মূল বেতন বৃদ্ধির মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। এর ফলে বাড়িভাড়া, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা এবং শিক্ষা ভাতার মতো আনুষঙ্গিক সুবিধাগুলোও স্বয়ংক্রিয়ভাবে বৃদ্ধি পাবে। একইসাথে সরকারি চাকরিজীবীদের বেতন বৃদ্ধির প্রভাব অন্যান্য খাতের উপরেও পড়বে, যা চাপ কীভাবে সামাল দেওয়া হবে, সেটিও বিবেচনায় রাখার কথা বলছেন এই অর্থনীতিবিদ। ”সরকারি কর্মচারীদের বেতন বৃদ্ধির বিকল্প নেই, তবে সার্বিক মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রেখে কীভাবে এই সিদ্ধান্ত বাস্তবায়ন করা যায়, সেটি নিশ্চিত করাও জরুরি,„ বিবিসি বাংলাকে বলেন মি. রহমান। বেতন বৃদ্ধির সাথে সরকারি কর্মচারীদের সাধারণ মানুষকে সেবা দেওয়ার বিষয়টিও নিশ্চিত করতে বলছেন, জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআরের সাবেক চেয়ারম্যান মোহাম্মদ আবদুল মজিদ। তিনি বলছেন, ”সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন হয় মানুষের টাকায়। তারা মানুষকে সেবা দিচ্ছে কি না, সেটা তো নিশ্চিত হতে হবে। সেটি না হলে বেতন বৃদ্ধি করা হলো, দুর্নীতিও চলতে থাকলো, তাহলে তো দুদিকেই ক্ষতি।„

(বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ নারগীস)

## খেলাপি ঋণ কমাতে সুদ মওকুফের সিদ্ধান্ত, এই সুবিধা কারা পাবে?

বাংলাদেশের ব্যাংক খাতে যে বিপুল পরিমাণ খেলাপি ঋণ রয়েছে, সেটি কমিয়ে আনার লক্ষ্যে বড়ো ধরনের ছাড় ঘোষণা করেছে দেশটির কেন্দ্রীয় ব্যাংক। নতুন ঘোষণা অনুযায়ী, গ্রাহকদের মধ্যে যারা ঋণ খেলাপি রয়েছেন, মূল অর্থ একসাথে পরিশোধ করে তারা দায়মুক্তি পেতে পারেন। অর্থাৎ ঋণের বিপরীতে আগে তাদের যে নির্দিষ্ট হারে সুদ গুনতে হতো, সেটি আর পরিশোধ করতে হবে না। তবে এই সুবিধা পেতে হলে গ্রহীতাদেরকে তাদের খেলাপি ঋণের অর্থ আগামী **৩১** ডিসেম্বরের মধ্যে পরিশোধ করতে হবে। এ সংক্রান্ত একটি নির্দেশনা জারি করে ইতোমধ্যেই দেশটির সব তফশিলি ব্যাংকে পাঠিয়েছে বাংলাদেশ ব্যাংক। কর্মকর্তারা মনে করেন, বিশেষ এই সুবিধা দেওয়ার ফলে সরকারি-বেসরকারি সব ব্যাংক তাদের খেলাপি ঋণের একটি বড়ো অংশ আদায় করতে সক্ষম হবে। পরে সেই অর্থ পুনরায় ঋণ আকারে নতুন গ্রাহকদের দেওয়া হবে, যার ফলে দেশের অর্থনীতিতে গতি সঞ্চার হবে বলে আশা করছেন তারা। যদিও কেন্দ্রীয় ব্যাংকের এমন সিদ্ধান্তের ন্যায্যতা নিয়ে প্রশ্ন তুলছেন ব্যবসায়ীদের কেউ কেউ। ”আমরা যারা ঠিক টাইমে ঋণের টাকা পরিশোধ করছি, তাদের কাছ থেকে ঠিকই সুদের পুরো টাকাটা নেওয়া হচ্ছে। অথচ যারা পরিশোধ করছে না, জরিমানার বদলে তাদেরকে উল্টো সুদ মাফ করা হচ্ছে। এটা হতাশাজনক,„ বিবিসি বাংলাকে বলছিলেন ঢাকার একজন ব্যবসায়ী শফিকুল ইসলাম।

অর্থনীতিবিদরা বলছেন, খেলাপি ঋণ আদায়ের যে কৌশল সরকার নিয়েছে, সেটির সফলতা নির্ভর করছে সিদ্ধান্তটির যথাযথ বাস্তবায়নের ওপর। ”প্রথমত, এটার অপব্যবহার করে বা রাজনৈতিক প্রভাব খাটিয়ে কেউ যেন অন্যায়ভাবে তার সুদ মওকুফ করতে না পারে, বাংলাদেশ ব্যাংককে সেটা নিশ্চিত করতে হবে। সেইসঙ্গে, এই বার্তাও দিতে হবে যে, এই সুযোগ পরে আর দেওয়া হবে না। নির্ধারিত সময়ের মধ্যে ঋণ পরিশোধ না করলে অবশ্যই শাস্তি পেতে হবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের (বিস) গবেষণা পরিচালক ড. মাহফুজ কবীর।

### নির্দেশনায় কী আছে?

সুদ মওকুফের সুবিধা ঘোষণা করে কেন্দ্রীয় ব্যাংকের পক্ষ থেকে নির্দেশনাটি জারি করা হয়েছে গত সোমবার। **১৯৯১** সালের ব্যাংক কোম্পানি আইনের ক্ষমতাবলে জারি করা ওই নির্দেশনায় বলা হয়েছে, দেশে কর্মসংস্থান সৃষ্টি ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে উৎপাদনশীল খাতে ঋণপ্রবাহ বাড়ানো অত্যন্ত জরুরি। কিন্তু বর্তমানে ব্যাংক খাতে খেলাপি ঋণের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ায় ব্যাংকগুলোর সম্পদের গুণগত মান, তারল্য ব্যবস্থাপনা ও নতুন ঋণ দেওয়ার ক্ষমতা নেতিবাচকভাবে প্রভাবিত হচ্ছে। ফলে খেলাপি ঋণের পরিমাণ কমিয়ে আনা দরকার বলে মনে করছে সরকার। ঋণের অনাদায়ি অর্থ যেন ব্যাংকে ফেরত আনা যায়, সেই চেষ্টার অংশ হিসেবেই বিশেষ এই পদক্ষেপ গ্রহণ করেছে কেন্দ্রীয় ব্যাংক। এতে ব্যাংকগুলোর খেলাপি ঋণ কমবে এবং নতুন ঋণ দেওয়ার সক্ষমতা বাড়বে বলে নির্দেশনাপত্রে উল্লেখ করেছে কেন্দ্রীয় ব্যাংক। সার্বিকভাবে এই সিদ্ধান্ত দেশের উৎপাদন, বিনিয়োগ ও কর্মসংস্থান

সৃষ্টিতে ইতিবাচক ভূমিকা রাখবে বলেও মনে করে প্রতিষ্ঠানটি। নির্দেশনাটি সরকারি-বেসরকারি সব ব্যাংকের ক্ষেত্রে প্রযোজ্য বলে জানানো হয়েছে।

**কারা পাবে?**

কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা অনুযায়ী, চলতি বছরের ৩০ জুনের মধ্যে ব্যাংকের 'মন্দ ও ক্ষতিজনক' শ্রেণিতে যে-সব ঋণ খেলাপির নাম রয়েছে, তারা সুবিধার আওতায় আসবে। সাধারণত ৯০ দিন বা তার বেশি সময় ধরে ঋণ পরিশোধ করা না হলে ব্যাংক সেটিকে খেলাপি ঋণ হিসেবে চিহ্নিত করে। এর মধ্যে কোনো ঋণের কিস্তি বা মেয়াদোত্তীর্ণ হওয়ার সময় এক বছর বা তার বেশি অতিক্রান্ত হলে সেটা 'মন্দ বা ক্ষতিজনক' শ্রেণিভুক্ত করা হয়। এসব ঋণ আদায়ের সম্ভাবনা খুবই ক্ষীণ থাকে। ৩০ জুনের আগে যারা এই তালিকায় জায়গা পেয়েছেন, তারাই কেবল সুদ মওকুফের সুবিধা নিতে পারবেন। এক্ষেত্রে যে ব্যাংকে তার ঋণ রয়েছে, সেটার পরিচালনা পর্ষদের অনুমোদন প্রয়োজন হবে। তারা ব্যাংকের সঙ্গে ঋণগ্রহীতার সম্পর্কের ভিত্তিতে সিদ্ধান্ত নেবেন যে, তার সুদ মওকুফ করা হবে কি-না। যে-সব ঋণগ্রহীতা বিভিন্ন কারণে আর্থিক সংকটে পড়লেও ব্যবসা পরিচালনার সক্ষমতা রাখেন কি-না এবং ঋণ পরিশোধের আন্তরিকতা রয়েছে কি-না, সেটা যাচাই করতে হবে। "এসব যাচাই-বাছাইয়ের পর যদি দেখা যায়, গ্রহীতা ঋণ পরিশোধের ব্যাপারে আন্তরিক, কিন্তু সত্যিকার অর্থেই আর্থিক সমস্যায় পড়ায় পুরো অর্থ পরিশোধ করতে পারছেন না এবং লেনদেনের ক্ষেত্র তার অতীত রেকর্ড ভালো, তখন ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে তিনি সুদ মওকুফের সুবিধা পাবেন,„ বিবিসি বাংলাকে বলছিলেন বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান। তবে সুবিধা পাওয়ার প্রধান শর্ত হলো ঋণগ্রহীতাকে তার অতীতের সকল ঋণ বা আর্থিক দায় একসঙ্গে পরিশোধ করতে হবে। আর সেটি নিশ্চিত করতে পারলে ঋণগ্রহীতার ওপর থেকে সব ধরনের আরোপিত ও অনারোপিত সুদ মওকুফ করা যাবে। ফলে তাকে ব্যাংকের কস্ট অব ফান্ড বা তহবিল ব্যয়ও দিতে হবে না। তহবিল ব্যয় হচ্ছে একটি ব্যাংকের সেই ব্যয়, যা ঋণ দেওয়ার জন্য সংগৃহীত অর্থের বিপরীতে খরচ হয়।

২০২২ সালে প্রকাশিত একটি নির্দেশনায় সুদ মওকুফ করতে গেলে ব্যাংকের তহবিল ব্যয় আদায় নিশ্চিত করার বাধ্যবাধকতা রাখা হয়েছিল। সেইসঙ্গে, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকগুলোর আয়ের খাত বিকলন করে সুদ মওকুফ না করার শর্তও রাখা হয়েছিল। ২৯ জুন জারি করা নতুন নির্দেশনায় শর্ত দুটি শিথিল করা হয়েছে। ফলে সরকারি-বেসরকারি সব ব্যাংকই এখন তাদের ঋণ খেলাপিদের সুদ মওকুফের সুবিধা দিতে পারবে। "এক্ষেত্রে কৃষক থেকে শুরু করে শিল্পপতি পর্যন্ত সবার জন্যই সমান সুযোগ থাকবে। ঋণ ৫০ হাজার নাকি ৫০ কোটি টাকার, সেটার ভিত্তিতে কোনো বৈষম্য হবে না,„ বলেন মি. খান। "বরং কৃষি, ক্ষুদ্র ও কুটির শিল্পের স্বল্পমেয়াদি ঋণের ক্ষেত্রে অগ্রাধিকারভিত্তিতে এই সুবিধা দিতে নির্দেশনা দেওয়া হয়েছে,„ যোগ করেন কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র।

**সফলতা আসবে?**

বাংলাদেশ ব্যাংকের হিসেবে, দেশটিতে বর্তমানে নন-পারফর্মিং লোন বা খেলাপি ঋণের পরিমাণ বেড়ে প্রায় পাঁচ লাখ ৮৮ হাজার ৭০৪ কোটি টাকা দাঁড়িয়েছে। বিপুল পরিমাণ এই অর্থের প্রায় পুরোটাই নানান অনিয়ম-দুর্নীতির মাধ্যমে দেওয়া হয়েছে বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ সরকারের দেড় দশকের শাসনামলে। মূলত তৎকালীন সরকার ঘনিষ্ঠ ব্যক্তি ও গোষ্ঠীরাই ব্যাংকখাতের বিভিন্ন অনিয়ম-দুর্নীতির সঙ্গে জড়িত ছিল বলে অন্তর্বর্তী সরকারের সময় প্রকাশ অর্থনৈতিক শ্বেতপত্রে উল্লেখ করা হয়েছে। "২০২৪ সালের গণ-অভ্যুত্থানে শেখ হাসিনার সরকার ক্ষমতাচ্যুত হওয়ার পর এস আলমসহ সুবিধাভোগী ওইসব গোষ্ঠী ও ব্যক্তিরা দেশ থেকে চলে গেছে। ফলে তাদের ঋণের অর্থ ফেরত পাওয়া অনিশ্চিত হয়ে পড়েছে," বিবিসি বাংলাকে বলছিলেন অর্থনীতিবিদ ড. মুস্তাফিজুর রহমান। এ অবস্থায় নগদ অর্থ সংকটে অনেক ব্যাংক নতুন করে ঋণ তো দিতেই পারছে না, এমনকি সাধারণ গ্রাহকের আমানত ফেরত দিতে গিয়েও কোনো কোনো ক্ষেত্রে বেগ পেতে হচ্ছে। "ফলে ব্যাংকগুলো বাঁচাতে বাংলাদেশ ব্যাংক সুদ মওকুফের যে বিশেষ সুবিধা ঘোষণা করেছে, সেটা একটা ভালো উদ্যোগ। এর ফলে খেলাপি ঋণের অর্ধেকও যদি ব্যাংকে ফেরত আনা যায়, সেটাও একটা বড়ো সাফল্য হিসেবে বিবেচিত হবে,„ বলছিলেন মি. রহমান। তবে ব্যাংকগুলোর সবাই নির্দেশনা যথাযথভাবে পালন না করলে বা এর অপব্যবহার হলে সরকারি উদ্যোগ ব্যর্থ হবে বলে মনে করেন এই অর্থনীতিবিদ। "এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের নজরদারি বাড়াতে হবে,„ বলেন মি. রহমান।

এছাড়া সুদ মওকুফের এমন সুযোগ পরবর্তীতে আর না দেওয়ার বিষয়েও জোর দিচ্ছেন কেউ কেউ। "৩০ জুন পর্যন্ত যে সময় বাংলাদেশ ব্যাংক বেঁধে দিয়েছে, সেটি আর না বাড়ানোই ভালো। এর মধ্যে যারা ঋণ খেলাপি হয়েছেন, কেবল তারাই এই সুবিধা পারেন। পরবর্তীতে নতুন কেউ যেন এখানে যুক্ত হতে না পারে, সেটা নিশ্চিত করতে হবে,„ বলছিলেন অর্থনীতিবিদ ড. মাহফুজ কবীর। তা না হলে ঋণ খেলাপির সংখ্যা আরও বেড়ে যাবে বলে আশঙ্কা করছেন তিনি। "নতুন যুক্ত হওয়ার সুযোগ রাখা হলে দেখা যাবে, যারা এখন নিয়মিত কিস্তি দিচ্ছেন, তারাও সেটা বন্ধ করে দিয়ে খেলাপি হয়ে সুদ মওকুফের পথে হাঁটছেন। ফলে সেটা করা যাবে না,„ বলেন মি. কবীর। তা ছাড়া ঋণের সুদের অর্থে যেহেতু ব্যাংক চলে, সেজন্য এটা মওকুফ করার ক্ষেত্রেও সতর্ক থাকা জরুরি বলে মনে করেন এই অর্থনীতিবিদ।

"মওকুফের সুবিধাটা যেন সবাইকে ঢালাওভাবে না দেওয়া হয়, সেটাও খেয়াল রাখতে হবে। শুধুমাত্র যারা প্রকৃতপক্ষেই খারাপ পরিস্থিতির মধ্যদিয়ে যাচ্ছেন, সেইসব ব্যবসায়ীরাই যেন এই সুযোগ পান। তা-না হলে ব্যাংক চালানোও কঠিন হয়ে পড়বে,„ যোগ করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের (বিস) গবেষণা পরিচালক মি. কবীর। (বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ আলী আহমেদ)

## হোলি আর্টিজানের এক দশক, বাংলাদেশে জঙ্গি তৎপরতা বেড়েছে নাকি কমেছে?

পহেলা জুলাই ২০১৬। ঠিক এক দশক আগে বাংলাদেশের রাজধানী ঢাকার অভিজাত এলাকা গুলশানের হোলি আর্টিজান বেকারিতে ভয়াবহ জঙ্গি হামলার ঘটনা ঘটে। ওই হামলায় নিহত হন দু-জন পুলিশ সদস্যসহ অন্তত ২২জন। বাংলাদেশের ইতিহাসের সবচেয়ে ভয়াবহ এই সন্ত্রাসী হামলায় শেষ পর্যন্ত সৈন্যদের কমান্ডো অভিযানে নিহত হয়েছিল পাঁচ হামলাকারী। বিশ্বব্যাপী আলোড়ন তৈরি করা ওই ঘটনায় জঙ্গিরা ওই রাতে ২০ জনকে হত্যা করে, যাদের নয়জন ইতালি, সাতজন জাপান, তিনজন বাংলাদেশি এবং একজন ভারতীয় নাগরিক। হামলার দায় স্বীকার করে ওই রাতেই বিবৃতি দিয়েছিল আন্তর্জাতিক জঙ্গি সংগঠন ইসলামিক স্টেট বা আইএস। তৎকালীন আওয়ামী লীগ সরকার আইএসের এই দাবি নাকচ করে দিয়ে বলেছিল, দেশীয় জঙ্গি সংগঠন নব্য জেএমবি এই হামলার জন্য দায়ী। ঢাকার গুলশানে হোলি আর্টিজান হামলায় বহু বিদেশি নাগরিক নিহত হওয়ায় সেই ঘটনাটি বিশ্ব জুড়ে খবরের শিরোনাম হয়। ওই ঘটনার পর জঙ্গি নির্মূলে একের পর এক অভিযান চালায় আইন-শৃঙ্খলা বাহিনী। হোলি আর্টিজানের ঘটনার পরের তিন বছরেই সারাদেশে অভিযানে জঙ্গি সংশ্লিষ্টতার অভিযোগে অনেকেই নিহত হন, অভিযানে গ্রেফতারও হন অনেকেই। গণ-অভ্যুত্থানের মুখে ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতন হয়। এরপর গত প্রায় দুই বছরে বাংলাদেশের বিভিন্ন স্থানে জঙ্গি বা উগ্রবাদী সংগঠনগুলোর তৎপরতার বিষয়গুলো সামনে আসছে। অপরাধ বিশ্লেষকরা বলছেন, আওয়ামী লীগ সরকার পতনের পর বাংলাদেশের বিভিন্ন কারাগার থেকে জঙ্গি সংশ্লিষ্টতায় আটক অনেকেই মুক্তি পায়। যে কারণে বর্তমানে আবারও বাংলাদেশে জঙ্গি কর্মকাণ্ড কিংবা তৎপরতা বেড়েছে।

গত দুই বছরে বাংলাদেশে জঙ্গি বা উগ্রবাদী বিভিন্ন সংগঠনের তৎপরতার বিষয়গুলোও আবারও সামনে আসছে। বিশেষ করে, ঢাকার রাস্তায় কালেমা লেখা পতাকা নিয়ে মিছিল, সম্প্রতি বিভিন্ন জায়গায় উগ্রবাদী সংগঠনগুলোর আদলে কলেমা লেখা পতাকা টানানো কিংবা জঙ্গি হামলার আশঙ্কায় পুলিশের বিশেষ সতর্কতা ও নিরাপত্তা জারির বিষয়গুলোও নিয়েও নানা আলোচনা রয়েছে। যদিও বাংলাদেশের আইন-শৃঙ্খলা বাহিনী বলছে, বর্তমানে বাংলাদেশে তেমন কোনো জঙ্গি বা উগ্রবাদী সংগঠনের তৎপরতা নেই, যা ছিলও সেটিও কমে এসেছে অনেকাংশে। পুলিশের অ্যান্টি- টেরোরিজম ইউনিট বা এটিইউ প্রধান ও অতিরিক্ত আইজিপি মো. রেজাউল করিম বিবিসি বাংলাকে বলেছেন, জঙ্গি বা জঙ্গিবাদী কোনো কার্যক্রম এখন সেভাবে দেখতে পাচ্ছে না আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এদিকে, হোলি আর্টিজান বেকারির ওই ঘটনার এক দশক পর ওই ঘটনায় অপরাধীদের বিচারের অগ্রগতি নিয়ে প্রশ্ন তুলেছেন নিহতদের পরিবার।

### হোলি আর্টিজানে নিহতদের পরিবার কী বলছে?

হোলি আর্টিজান বেকারিতে জঙ্গি হামলায় নিহত হয় দু-জন পুলিশ সদস্যসহ অন্তত ২২জন, যাদের মধ্যে ছিলেন পুলিশের সহকারী কমিশনার রবিউল ইসলাম। পহেলা জুলাই সন্ধ্যায় দেশি-বিদেশি বেশ কয়েকজন নাগরিক জিম্মি হওয়ার পর ঢাকা মেট্রোপলিটন পুলিশের একটি দল তাদের উদ্ধার করতে গেলে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে লক্ষ্য করে বিস্ফোরক নিক্ষেপ করে জঙ্গিরা। এতেই নিহত হন মি. ইসলাম। মি. ইসলাম যেদিন নিহত হন, তার ঠিক একমাস পর ওই বছর পহেলা আগস্ট জন্ম নেন তার মেয়ে কামরুন নাহার রাইনা। মি. ইসলামের স্ত্রী উম্মে সালমা বিবিসি বাংলাকে বলছিলেন, দশ বছর পর রাজনৈতিক প্রেক্ষাপট বদলে যাওয়ায় আগের মতো সেই সম্মানটুকু এখন আর তারা পাচ্ছেন না। এর পেছনে অবশ্য একটি কারণও রয়েছে। ২০২৪ সালে ৫ আগস্ট শেখ হাসিনা সরকার পতনের খবর ছড়িয়ে প্রার পর ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন ভাস্কর্য, স্মৃতি স্তম্ভ ভাঙচুরের ঘটনা ঘটে। ঢাকার গুলশানের হোলি আর্টিজান বেকারিতে জঙ্গি হামলায় নিহত দুই পুলিশ কর্মকর্তার স্মরণে তৈরি হয়েছিল ভাস্কর্য 'দীপ্ত শপথ'। বাংলাদেশের বিভিন্ন গণমাধ্যমের খবরে বলা হয়, ৫ আগস্টেই গুলশান থানা সংলগ্ন এই ভাস্কর্যটি ভেঙে ফেলা হয়েছিল। হোলি আর্টিজানে নিহত পুলিশ কর্মকর্তা রবিউল ইসলামের ছোটো ভাই শামসুজ্জামান শামস বিবিসি বাংলাকে বলছিলেন, "রাষ্ট্রের জন্য, পুলিশ বাহিনীর মর্যাদা জন্য জিম্মি উদ্ধার করতে গিয়ে রবিউল ইসলাম শাহাদাৎ বরণ করলো। তাদের সম্মানে স্মৃতি স্তম্ভ করা হয়েছিল, সেটাও ভেঙে ফেলা হলো। গত বছর, সেখানে পুলিশের পক্ষ থেকে কোনো সম্মাননাও জানানো হলো না।„ অন্যদিকে, এই মামলায় প্রথমে মৃত্যুদণ্ডের রায় পরবর্তীতে উচ্চ আদালতে সাজা কমানোর বিষয়গুলো নিয়েও পরিবারগুলোর মাঝে হতাশা রয়েছে। মি. শামস বিবিসি বাংলার কাছে অভিযোগ করেন, হোলি আর্টিজানের ঘটনায় বিচার নিয়ে এক ধরনের দীর্ঘসূত্রিতাও রয়েছে।

### হোলি আর্টিজানের ঘটনায় বিচার কতদূর?

২০১৬ সালে হোলি আর্টিজানের ওই ঘটনার তিন বছরেরও বেশি সময় পর ২০১৯ সালের ২৭ নভেম্বর বিশেষ ট্রাইব্যুনালের রায়ে সাতজনের মৃত্যুদণ্ড দেওয়া হয়। এ মামলার বিচার শুরুর সময় আট আসামির ছয়জন কারাগারে ছিলেন। বিচার চলাকালে বাকি দুইজন গ্রেফতার হন। যখন এই মামলার রায় ঘোষণা করা হয়েছিল, তখন মোট আটজন আসামির মধ্যে সাতজনকে মৃত্যুদণ্ড ও একজনকে বেকসুর খালাস দেওয়া হয়। ঢাকার সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল রায়ে যে সাতজনকে মৃত্যুদণ্ড দেওয়া হয় তারা হলেন- জাহাঙ্গীর হোসেন ওরফে রাজিব গান্ধী, আসলাম হোসেন ওরফে রাশেদ ওরফে রাশ, সোহেল মাহফুজ ওরফে হাতকাটা মাহফুজ, হাদিসুর রহমান সাগর, রাকিবুল হাসান রিগ্যান, মামুনুর রশিদ রিপন ও শরিফুল ইসলাম খালিদ। এরপর ডেথ রেফারেন্স, আসামিদের আপিল ও জেল আপিলের শুনানি শেষে হাইকোর্ট ২০২৩ সালের ১০ অক্টোবর রায় দেন। রায়ে সাত আসামিকে আমৃত্যু কারাদণ্ড ও অর্থদণ্ড দেওয়া হয়। হাইকোর্টের এই রায়ের বিরুদ্ধে আমৃত্যু কারাদণ্ডপ্রাপ্ত আসামিরা গত বছরের অর্থাৎ ২০২৫ সালের জুন মাসে আপিল বিভাগে পৃথক লিভ টু আপিল করেন। সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে প্রকাশিত ২২৯ পৃষ্ঠার পূর্ণাঙ্গ রায়ে হাইকোর্ট বলেছেন, ঘটনাস্থলে উপস্থিত না থাকলেও এই সাত আপিলকারী ষড়যন্ত্র ও ঘটনায় সহায়তা করেছেন, যা সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। এতে আরো বলা হয়, ষড়যন্ত্র ও ঘটনায় (জঙ্গি হামলা) সহায়তার কারণে সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯-এর ধারা ৬-এর ১ উপধারা (ক) (আ) দফায় বর্ণিত অপরাধে তারা দোষী। কিন্তু সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনাল সংশ্লিষ্ট ধারা-উপধারার সঠিক উপলব্ধি না করে আপিলকারীদের সর্বোচ্চ সাজা মৃত্যুদণ্ড দিয়েছেন, যা সঠিক ও গ্রহণযোগ্য নয়। যে কারণে উক্ত রায়টি হস্তক্ষেপযোগ্য। বর্তমানে, ওই মামলাটি এখনো উচ্চ আদালতে বিচারাধীন রয়েছে। তবে, হোলি আর্টিজানের ঘটনায় অভিযুক্তদের বিচারকাজে দীর্ঘসূত্রিতা নিয়ে প্রশ্ন তুলেছেন পরিবারের সদস্যরা।

**দেশে জঙ্গি আছে নাকি নাই?**

২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকার পতনের পর জঙ্গিবাদের বিভিন্ন মামলায় অভিযুক্ত অনেকেই জামিনে মুক্তি পেয়েছেন, কারা কর্তৃপক্ষের হিসেবেই এই সংখ্যা তিন শতাধিক। শেখ হাসিনা সরকার পতনের পর ওই বছরই রাজধানী ঢাকাসহ বিভিন্ন জায়গায় কালেমা খচিত কালো পতাকা নিয়ে মিছিল করতে দেখা গেছে। এসব মিছিল থেকে ফিলিস্তিনে গণহত্যা বন্ধ, ইসলামের নবীকে কটূক্তির প্রতিবাদ কিংবা ইসলামি খেলাফত কায়েমেরও দাবি তুলতে দেখা গেছে। এরপর বিভিন্ন জায়গায় জঙ্গি বা উগ্রবাদী কিছু কর্মকাণ্ডের বেশ কিছু ঘটনা সামনে আসে অন্তর্বর্তীকালীন সরকারের সময়। গত বছর ঢাকায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররম এলাকায় নিষিদ্ধ সংগঠন হিযবুত তাহরিরের একটি মিছিল টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড ছুড়ে ছত্রভঙ্গ করে দেওয়ার ঘটনাও ঘটে। চলতি বছরের ফেব্রুয়ারিতে বিএনপি সরকার দায়িত্ব নেওয়ার পর নতুন করে 'জঙ্গি' ইস্যুটি শুধু সামনে আসে। গত এপ্রিলে বাংলাদেশে 'জঙ্গি তৎপরতার' বিষয়টি সরকারের উচ্চ মহলের বক্তব্যের মাধ্যমেও সামনে আসে। সেখানে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ দেশে কোনো জঙ্গি তৎপরতা নেই বলে জানালেও, তখন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান বলেছিলেন, "দেশে জঙ্গি রয়েছে„, তবে সরকার তা "শূন্যের কোটায়„ নামিয়ে আনার চেষ্টা করছে। জঙ্গি ইস্যুতে সরকারের একজন মন্ত্রী ও প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টার বক্তব্য এমন এক সময় সামনে এসেছিল, ঠিক তার কয়েকদিন আগেই জঙ্গি তৎপরতার আশঙ্কা থেকে পুলিশ সদরদপ্তর একটি সতর্কতামূলক নির্দেশনা দিয়েছিল। যার ফলে দেশের প্রধান বিমানবন্দরসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় নিরাপত্তা জোরদার করতে দেখা গিয়েছিল। অ্যান্টি-টেরোরিজম ইউনিট বা এটিইউ প্রধান ও অতিরিক্ত আইজিপি মো. রেজাউল করিম বিবিসি বাংলাকে বলেন, অনলাইন বা সামাজিক যোগাযোগ মাধ্যমে এই ধরনের কিছু তৎপরতা দেখা গেলেও বাস্তবে আমরা এমন কোনো তৎপরতা লক্ষ্য করছি না।„ মি. করিম মনে করেন, আগে তাদের যে ধরনের তৎপরতা দেখা যেতো, সেটি নির্বাচনের পর অনেকাংশেই কম দেখা যাচ্ছে।

**'জঙ্গি শব্দের রাজনৈতিক ব্যবহার নিয়ে প্রশ্ন'**

২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত আওয়ামী লীগ সরকারের আমলে বাংলাদেশে নানা ধরনের জঙ্গি তৎপরতার বিষয়গুলো সামনে এসেছিল। এর আগে বিএনপি সরকারের আমলেও সিরিজ বোমা হামলাসহ জঙ্গি সংগঠনগুলোর নানা কর্মকাণ্ড লক্ষ্য করা গেছে। আওয়ামী লীগ সরকারের আমলে গুলশানের হোলি আর্টিজান ছিল অন্যতম বড়ো ঘটনা। ওই ঘটনার পর জঙ্গিবাদ দমনে সরকারের নানা তৎপরতা ও বেশ কিছু অভিযান লক্ষ্য করা গিয়েছিল। গবেষকরা বলছেন, আওয়ামী লীগ কিংবা এর আগের বিএনপির সরকার সব আমলেই বাংলাদেশে জঙ্গিবাদী সংগঠনগুলোর তৎপরতা ছিল। সব সরকারই এই ইস্যুটিকে রাজনৈতিকভাবে ব্যবহার করেছে। মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্রিমিনোলজি অ্যান্ড পুলিশ সায়েন্স বিভাগের অধ্যাপক মুহাম্মদ উমর ফারুক বিবিসি বাংলাকে বলেন, "সাধারণত আমাদের দেশে যে দল যখন ক্ষমতায় থাকে, তারা কখনও স্বীকার করতে চায় না, তারা জঙ্গি বিষয়টি রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করে থাকে।„ "কারণ যদি তারা স্বীকার করে, তাহলে বহির্বিশ্বের কাছে তাদের ইমেজটা নষ্ট হতে পারে। অন্যদিকে, রাজনৈতিক সরকার বা দলগুলো এটাকে আবার পুঁজিও করতে চায় যে, আমরা সক্রিয়ভাবে দমন

করছি,„ যোগ করেন তিনি। বিশ্লেষকদের অনেকেই মনে করেন, জঙ্গি সংশ্লিষ্টতায় যারা আগেও যুক্ত ছিলেন ৫ আগস্টের পর তাদের অনেকেই কৌশল পরিবর্তন করেছে। কিন্তু এটি দমনে আইন-শৃঙ্খলা বাহিনী ততটা সক্রিয় ছিল না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও অপরাধ তৌহিদুল হক বিবিসি বাংলাকে বলেন, "যখন কোনো হামলার সাথে উগ্র সাথে জড়িত হয়, এই তখন কারণটা নির্মূল করা জরুরি। রাজনৈতিক দলগুলো রাজনৈতিক দৃষ্টিভঙ্গি থেকে বিচার করে তখন সমাধানের পরিবর্তে ব্যাপারগুলোকে ভিন্ন খাতে প্রবাহিত করে।„

(বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ আলী আহমেদ)

## আয়াতুল্লাহ খামেনির জানাজার সময় তেহরানে ফ্লাইট নিয়ন্ত্রণের ঘোষণা

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় গত ২৮ ফেব্রুয়ারি নিহত ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির শেষ কৃত্যানুষ্ঠানকে কেন্দ্র করে ব্যাপকভাবে ফ্লাইট নিয়ন্ত্রণের ঘোষণা দিয়েছে ইরানের বেসামরিক বিমান চলাচল সংস্থা। এই সংস্থার প্রধান আবুজার শিরুডি জানিয়েছেন, মেহরাবাদ বিমানবন্দর শুক্রবার সকাল থেকে সম্পূর্ণভাবে বন্ধ থাকবে। এই নিষেধাজ্ঞার আওতায় কূটনৈতিক ও রাজনৈতিক ফ্লাইট অন্তর্ভুক্ত থাকবে না এবং ওইদিন ইমাম খোমেনি বিমানবন্দর সাধারণ মানুষের জন্য খোলা থাকবে বলেও জানানো হয়েছে। তিনি আরও বলেন, আগামী সোমবার জানাজার কারণে তেহরানের আকাশ সম্পূর্ণভাবে ফ্লাইটশূন্য থাকবে। মি. শিরুডি বলেন, সোমবার তেহরানের দুটি প্রধান বিমানবন্দর থেকেই `কোনো ফ্লাইট, পরিচালিত হবে না। ৪ থেকে ৮ জুলাইয়ের মধ্যে তেহরান, কুম ও মাশহাদে আলী খামেনেই-এর জানাজা ও দাফন সম্পন্ন হওয়ার কথা রয়েছে। ইরাকের বাগদাদ, কাজমিন, কারবালা ও নাজাফ শহরেও আনুষ্ঠানিকতা হবে। (বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ আলী আহমেদ)

## ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে দোহায় পরোক্ষ কারিগরি আলোচনা `চলছে,

কাতার ও পাকিস্তানের মধ্যস্থতায় দোহায় ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে পরোক্ষ কারিগরি আলোচনা অনুষ্ঠিত হচ্ছে বলে বিষয়টি সম্পর্কে অবগত একটি সূত্র বার্তা সংস্থা রয়টার্সকে জানিয়েছে। সূত্রটি জানায়, বুধবারের কারিগরি বৈঠকের জন্য পরিবেশ তৈরি করতে মার্কিন দূত স্টিভ উইটকফ এবং ডোনাল্ড ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনার গতকাল কাতারের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন, তবে তারা নিজেরা এই আলোচনায় উপস্থিত নেই।

(বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে আরো তিনটি নতুন উপজেলা ও একটি থানা অনুমোদন

বাংলাদেশে আরো তিনটি নতুন উপজেলা ও একটি থানা অনুমোদন দিয়েছে `প্রশাসনিক পুনর্বিন্যাসসংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার),। এছাড়া, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন পূর্বাঞ্চল নতুন শহর প্রকল্প এলাকার নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলা প্রকল্পের অংশগুলো ঢাকার অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত হয়েছে। মঙ্গলবার সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে নিকার-এর ১২১তম বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। নিকার প্রস্তাব অনুযায়ী, তিনটি নতুন উপজেলা হচ্ছে- চট্টগ্রাম জেলা ফটিকছড়ি উপজেলার ছয়টি ইউনিয়ন নিয়ে `ফটিকছড়ি উত্তর, উপজেলা, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাকে ভাগ করে `বাঙ্গরা, এবং ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার পাগলা থানার ৮টি ইউনিয়ন নিয়ে `দক্ষিণ গফরগাঁও, উপজেলা। চট্টগ্রামের হাটহাজারি থানাকে বিভক্ত করে গঠন করা হয়েছে `হালদা থানা,। এর ফলে বাংলাদেশে উপজেলার সংখ্যা হবে ৪৯৮ এবং থানার সংখ্যা হবে ৬৪০টি।

(বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ আলী আহমেদ)

## শুভেন্দু অধিকারীকে আম উপহার বাংলাদেশের ডেপুটি হাই কমিশনারের

বাংলাদেশের আম্রপালি আম উপহার দেওয়া হয়েছে পশ্চিমবঙ্গের নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে। কলকাতায় নিযুক্ত বাংলাদেশের ডেপুটি হাইকমিশনের পক্ষ থেকে এই আম পাঠানো হয়েছে। একইসঙ্গে শুভেচ্ছা বার্তাও দিয়েছেন বাংলাদেশ হাইকমিশনের ডেপুটি হাইকমিশনার আয়েশা আক্তার। প্রসঙ্গত, সম্প্রতি কথিত বাংলাদেশি অনুপ্রবেশকারীদের নিয়ে শুভেন্দু অধিকারীর বক্তব্য নিয়ে বাংলাদেশের রাজনীতিকদের মধ্যে প্রতিক্রিয়া দেখা গেছে। বাংলাদেশের সংসদেও এনসিপি নেতা নাহিদ ইসলাম শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে `লাগামহীন, মন্তব্য করার অভিযোগ করেছিলেন। অন্যদিকে, পশ্চিমবঙ্গের বিভিন্ন সীমান্ত দিয়ে বাংলাদেশে 'পুশ-ইন' চেষ্টা বিভিন্ন সময়ে বানচালের তথ্য জানাচ্ছে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি।(বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ নারগীস)

## বাড়তে পারে তাপমাত্রা, তিন মাসের আবহাওয়ার পূর্বাভাস জানাল অধিদপ্তর

আধুনিক প্রযুক্তি, আবহাওয়া বিন্যাস ও বায়ু মণ্ডলের বিভিন্ন স্তরের আবহাওয়া মানচিত্র ও জলবায়ু মডেল অনুসরণ করে আগামী তিন মাসের আবহাওয়ার পূর্বাভাস দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। এতে বলা হয়েছে, আগামী তিন মাস অর্থাৎ জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এর মধ্যে জুলাই মাসে সারাদেশের অন্যান্য বিভাগে স্বাভাবিক বৃষ্টিপাত হলেও, স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপাত হবে চট্টগ্রাম বিভাগে। আবহাওয়া অফিসের পূর্বাভাস অনুযায়ী, জুলাইয়ে চট্টগ্রাম বিভাগে ৬৯৪ মিলিমিটার বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। জুলাই

মাসে সবচেয়ে কম বৃষ্টির পূর্বাভাস রয়েছে রাজশাহী বিভাগে। আবহাওয়া অফিসের পূর্বাভাস অনুযায়ী, জুলাইয়ে রাজশাহীতে ৩১১ মিলিমিটার বৃষ্টিপাত হতে পারে। আবহাওয়া অফিস জানিয়েছে, আগামী তিন মাসে বঙ্গোপসাগরে চার থেকে ছয়টি লঘুচাপ সৃষ্টি হতে পারে। যার মধ্যে এক থেকে তিনটি মৌসুমি নিম্নচাপে পরিণত হতে পারে। এই সময়ে দেশে অন্তত ১০ থেকে ১৫ দিন বজ্রপাত হতে পারে। তবে, পরবর্তী তিন মাসে তাপমাত্রা বৃদ্ধিরও ইঙ্গিত দেওয়া হয়েছে পূর্বাভাসে। এতে বলা হয়, এই তিন মাসে দেশে দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে। এই সময়ে বিচ্ছিন্নভাবে দেশে তিন থেকে পাঁচটি মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যেতে পারে।
(বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ নারগীস)

### মেক্সিকোয় বিশ্বকাপ খেলার জয় উদযাপনের সময় তিনজনের মৃত্যু

বিশ্বকাপের নকআউট পর্বে মেক্সিকোর জয় উদযাপনের সময় দেশটির রাজধানী মেক্সিকো সিটিতে শ্বাসরোধ বা দম বন্ধ হয়ে তিনজনের মৃত্যু হয়েছে। মেক্সিকো সিটির স্বাস্থ্য কর্তৃপক্ষ বুধবার জানিয়েছে, নিহতদের মধ্যে একজন ১৯ বছর বয়সী তরুণী। অন্য দুজন হলেন ৪৮ বছর বয়সী একজন নারী এবং ৪৪ বছর বয়সী একজন পুরুষ। ইকুয়েডরকে ২-০ গোলে হারানোর পর রাজধানীর বিভিন্ন এলাকায় বিপুলসংখ্যক মানুষের সমাগম হলে এই ঘটনাটি ঘটে। সরকারের দেওয়া তথ্য অনুযায়ী, ১৯৮৬ সালের পর প্রথমবারের মতো বিশ্বকাপের নকআউট পর্বে জয় উদযাপন করতে ১০ লাখেরও বেশি মানুষ মেক্সিকো সিটির রাস্তায় নেমে আসে। তাদের বেশিরভাগই শহরের কেন্দ্রস্থলের অ্যাঞ্জেল অব ইনডিপেনডেন্স স্মৃতিস্তম্ভের আশপাশে জড়ো হয়েছিল। মেক্সিকো সিটির মেয়র ক্লারা ব্রুগাদা নিহতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। মেক্সিকো সিটির স্বাস্থ্য কর্তৃপক্ষ জানায়, জরুরি সেবাকর্মীরা সড়কের আশপাশের তিনটি পৃথক স্থান থেকে অচেতন অবস্থায় তিনজনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। পরে চিকিৎসরা তাদের মৃত ঘোষণা করেন। চিকিৎসকেরা জানিয়েছেন, ওই তিনজনই শ্বাসরোধে মারা গেছেন। তাদের স্বজনরা মরদেহ শনাক্ত করেছেন। মেক্সিকো সিটিতে দুই কোটিরও বেশি মানুষ বসবাস করে, যা বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ নগরাঞ্চলগুলোর একটি।
(বিবিসি ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ নারগীস)

## এনএইচকে

### কাতারে যুক্তরাষ্ট্র-ইরান সরাসরি আলোচনার কোনো পরিকল্পনা নেই

মার্কিন ও ইরানি আলোচকরা মধ্যস্থতাকারীদের সঙ্গে আলোচনা করতে কাতারে রয়েছেন। তবে দুই পক্ষ যে মুখোমুখি আলোচনায় জড়িত হবে, তার কোনো লক্ষণ এখন পর্যন্ত দেখা যাচ্ছে না। একজন মার্কিন কর্মকর্তা এনএইচকে -কে বলেছেন যে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফ এবং তার জা মাতা জ্যারেড কুশনার কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আবদুল রহমান আল -থানির সঙ্গে সাক্ষাৎ করবেন। ওই কর্মকর্তা বলেন, মার্কিন ও ইরানি প্রতিনিধিদল বুধবার কাতারি ও পাকিস্তানি মধ্যস্থতাকারীদের সঙ্গে পৃথকভাবে আলোচনা করবে। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেছেন, তাঁর দেশের প্রতিনিধিদল কাতারের মধ্যস্থতাকারীদের সঙ্গে বৈঠক করবে। তিনি বলেন, সমঝোতা স্মারকের বিভিন্ন অংশের বাস্তবায়ন নিয়ে তারা আলোচনা করবেন, যার মধ্যে ইরানের জব্দকৃত সম্পদ মুক্ত করার বিষয়টিও অন্তর্ভুক্ত আছে। পাশাপাশি তিনি আবারও জোর দিয়ে বলেছেন যে, আগামী কয়েকদিনে মার্কিন পক্ষের সঙ্গে বৈঠকের কোনো পরিকল্পনা নেই। কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মাজেদ আল-আনসারি বলেছেন, উইটকফ ও কুশনার কাতারের মধ্যস্থতাকারীদের সঙ্গে সাক্ষাৎ করতে দোহায় অবস্থান করছেন। ইরানিদের সঙ্গে সরাসরি আলোচনার জন্য তাঁরা সেখানে নেই বলে তিনি আরও উল্লেখ করেন।
(এনএইচকে ওয়েব পেজ: ০১.০৭.২০২৬ রুবাইয়া)

## রেডিও তেহরান

### ইরান আসছেন বাংলাদেশের স্পিকার ও জামায়াতের সংসদীয় প্রতিনিধিদল

ইরানের ইসলামী বিপ্লবের নেতা শহিদ আয়াতুল্লাহিল সাইয়্যিদ আলী হুসাইনি খামেনেয়ীর জানাজা ও রাষ্ট্রীয় শোকানুষ্ঠানে অংশ নিতে তেহরান আসছেন বাংলাদেশের জাতীয় সংসদের স্পিকার হাফিজউদ্দিন আহমদ বীরবিক্রম এবং বাংলাদেশ জামায়াতে ইসলামীর একটি উচ্চপর্যায়ের সংসদীয় প্রতিনিধিদল। আজ (মঙ্গলবার) বিএনপি মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান স্পিকারের সফরের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, বাংলাদেশ সরকার ও প্রধানমন্ত্রী তারেক রহমানের পক্ষ থেকে আগামী ২ জুলাই ঢাকা থেকে ইরানের উদ্দেশ্যে রওয়ানা করবেন স্পিকার হাফিজউদ্দিন আহমদ।

এদিকে, ইরান সরকারের আমন্ত্রণে বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমীর অধ্যাপক মুজিবুর রহমান এমপির নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের সংসদীয় প্রতিনিধিদল আগামী ৩ জুলাই ঢাকা ত্যাগ করবে। প্রতিনিধিদলের অপর সদস্যগণ হলেন- জনাব মো. নুরুল আমীন এমপি, ড. মো. কেরামত আলী এমপি এবং ডা. এসএম খালিদুজ্জামান। জামায়াতের এই প্রতিনিধিদলটি আগামী ৯ জুলাই ২০২৬ পর্যন্ত ইরান সফর করবে। জামায়াতে ইসলামীর পক্ষ থেকে জানানো

হয়েছে, ইরানের সরকার ও জনগণের প্রতি গভীর শোক, সমবেদনা ও সংহতি প্রকাশ করতেই তাদের এই সফর। সফরকালে সরকারি কর্মসূচি অনুযায়ী প্রতিনিধিদলটি ইরানের শীর্ষ নেতৃত্ব এবং সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। এই সফরের মাধ্যমে বাংলাদেশ ও ইরানের জনগণের মধ্যকার দীর্ঘদিনের ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক ও দ্বিপাক্ষিক সহযোগিতা আরও সুদৃঢ় হবে বলে আশা প্রকাশ করা হয়েছে। একই সাথে, এই গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোর জন্য জামায়াতের পক্ষ থেকে ইরান সরকারের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করা হয়েছে। ইরানের শহিদ সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ সাইয়্যেদ আলী খামেনির স্মরণে গঠিত কেন্দ্রীয় কমিটি ইরান জুড়ে এবং ইরাকে ছয় দিনের জানাজা ও শোকানুষ্ঠানের সময়সূচি ঘোষণা করেছে। এই কর্মসূচি পাঁচটি শহরজুড়ে অনুষ্ঠিত হবে। ৪ জুলাই তেহরানে দুইদিনের বিদায়ি অনুষ্ঠানের মাধ্যমে এটি শুরু হবে এবং ৯ জুলাই মাশহাদে দাফনের মাধ্যমে শেষ হবে। কমিটির মুখপাত্রের মতে, জানাজার কর্মসূচি শুরু হবে ৪ জুলাই (শনিবার) এবং ৫ জুলাই (রবিবার) তেহরানের ইমাম খোমেনী মোসাল্লায় অনুষ্ঠিত বিদায়ি অনুষ্ঠানের মাধ্যমে। গত ফেব্রুয়ারির শেষ দিকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলি বাহিনীর যৌথ বিমান হামলায় ইরানের সর্বোচ্চ নেতা সাইয়্যেদ আলী খামেনেয়ী শহিদ হন। ইরানের কর্তৃপক্ষ আশা করছে, এই জানাজা ও দাফন অনুষ্ঠানে প্রায় দুই কোটি মানুষের সমাগম ঘটবে।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ০১.০৭.২০২৬ নারগীস)

## শেখ হাসিনার দেশে ফিরে আসার বক্তব্য বাংলাদেশের রাজনীতিতে নতুন আলোচনার জন্ম নিয়েছে

বাংলাদেশের পলাতক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের এনডিটিভিকে দেয়া সাক্ষাৎকারে বলেছেন তিনি খুব শিগগিরই দেশি ফিরছেন। তার এই দাবির পর বাংলাদেশের রাজনীতিতে নতুন করে আলোচনার জন্ম দিয়েছে। তবে রাজনৈতিক ইতিহাস বলছে কোন ক্ষমতাচ্যুত শাসকের দেশে ফিরে আসার ঘোষ ণা এবং বাস্তবে পুনরায় রাষ্ট্র ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার বিষয় এক নয়। ব্যক্তিগতভাবে দেশে ফেরা রাজনৈতিকভাবে সক্রিয় হওয়া এবং আবার ক্ষমতায় ফিরে আসা এই তিনটি সম্পূর্ণ ভিন্ন বাস্তবতা। তাই শেখ হাসিনার বক্তব্যকে রাজনৈতিক বার্তা হিসেবে গুরুত্ব দেয়া গেলেও সেটিকে অবশ্যম্ভাবী রাজনৈতিক বাস্তবতা হিসেবে দেখার সুযোগ নেই। বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে শেখ হাসিনার অবস্থান অত্যন্ত জটিল। ২০২৪ সালের জুলাই আগস্ট এর গণঅভ্যুত্থানের পর তিনি দেশত্যাগ করে ভারতে আশ্রয় নেন। এরপর বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল তাকে মানবতা বিরোধী অপরাধ ও গণহত্যার অভিযোগ সংশ্লিষ্ট মামলায় অবস্থান অনুপস্থিত অবস্থায় মৃ ত্যুদণ্ড প্রদান করেছে। তিনি এই রায়কে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত প্রত্যাখ্যান করেছেন। অন্যদিকে বর্তমান রাষ্ট্র ব্যবস্থা এবং বিচারিক প্রক্রিয়া তার বিরুদ্ধে চলমান রয়েছে। ফলে তিনি দেশে ফিরতে চাইলে প্রথমে আইনি বাস্তবতার মুখোমুখি হতে হবে। কোন রাজনৈতিক বক্তব্য সেই আইনি প্রক্রিয়াকে স্বয়ংক্রিয়ভাবে অকার্যকর করে না। রাজনৈতিক বিশ্লেষকদের একটি বড় অংশ মনে করেন শেখ হাসিনার বর্ত মান রাজনৈতিক অবস্থান অতীতের যে কোন সময়ের তুলনায় অনেক বেশি দুর্বল। দীর্ঘ সময় ক্ষমতায় থাকার পর তার সরকারের বিরুদ্ধে ব্যাপক দুর্নীতি অর্থপাচার নির্বাচন ব্যবস্থা ধ্বংস এবং বিচার বহির্ভূ ত হত্যাকাণ্ড গুম বিরোধী দলের উপর দমন পীড়ন এবং রাষ্ট্রযন্ত্রের দলীয়করণের অভিযোগ দীর্ঘদিন ধরে আলোচিত ছিল। ২০২৪ সালের আন্দোলনের পর এসব অভিযোগ আর তীব্রভাবে জনসম্মুখে আসে।

যদিও এসব অভিযোগের অনেকগুলো নিয়ে এখনো আইনি ও ঐতিহাসিক মূল্যায়ন চলমান তবুও রাজনৈতিকভাবে এগুলোর প্রভাব অস্বীকার করার কোন সুযোগ নেই। শেখ হাসিনার সম্ভাব্য প্রত্যা বর্ষণের পথে সবচেয়ে বড় বাধাগুলোর একটি হলো তার রাজনৈতিক দলের বর্তমান অবস্থা। আওয়ামী লীগের বহু কেন্দ্রীয় নেতা দেশ ছেড়ে চলে গেছেন। কেউ আত্মগোপনে রয়েছেন আবার অনেকে বিভিন্ন মামলার আসামী। একটি রাজনৈতিক দল তখনই কার্যকরভাবে ক্ষমতায় ফেরার লড়াই করতে পারে যখন তা র সাংগঠনিক কার্যক্রম মাঠ পর্যায়ে সক্রিয় থাকে। কিন্তু যদি কেন্দ্রীয় নেতৃত্ব বিচ্ছিন্ন হয়ে যায় সাংগঠনিক যোগাযোগ দুর্বল হয়ে পড়ে এবং তৃণমূল পর্যায়ে কার্যক্রম সীমিত হয়ে যায় তাহলে রাজনৈতিক পুনর্গঠন অত্যন্ত কঠিন হয়ে দাঁড়ায়। ইতিহাস বলছে কোন রাজনৈতিক ব্য ক্তির জনপ্রিয়তার চেয়েও গুরুত্বপূর্ণ হলো সংগঠনের সক্ষমতা। একটি শক্তিশালী দল মাঠ পর্যায়ের কর্মী আর্থিক সক্ষমতা নির্বাচনে অংশগ্রহণ এবং রাজনৈতিক জোট এসব মিলেই প্রত্যাবর্তনের সম্ভাবনা তৈরি হয়। শেখ হাসিনার বর্তমান অবস্থান এই উপাদান গুলোর অনেকগুলোই প্রশ্নের মুখে রয়েছে। ফলে কেবল তার ব্যক্তিগত ঘোষণা রাজনৈতিক বাস্তবতা বদলে দিতে পারেনা। জনমতও এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয়। ১৬ বছর ক্ষমতায় থাকার সময়ে দেশের একাংশ উন্নয়নমূলক কর্মকাণ্ডের কথা উল্লেখ করলেও অন্য একটি বড় অংশ অভিযোগ করে যে সেই সময়ে গণতান্ত্রিক প্রতি ষ্ঠানগুলো দুর্বল হয়ে পড়েছে বিরোধী মত দমন করা হয়েছে এবং নির্বাচনের গ্রহণযোগ্যতা ধ্বংস করা হয়েছে। বিশেষ করে ২০২৪ সালের আন্দোলনে বহু মানুষের প্রাণহানির ঘটনা যেন মনে গভীর প্রভাব ফেলেছে । সেই স্মৃতি এখনো মানুষের রাজনৈতিক অবস্থানকে প্রভাবিত করছে। ফলে শেখ হাসি না দেশে ফিরলেও আগের মত জনসমর্থন পুনরুদ্ধার করা সহজ হবে এমন নিশ্চয়তা দেওয়া যায় না। অন্যদিকে ইতিহাসে দেখা যায় ক্ষমতাচ্যুত শাসকদের অধিকাংশই আর কখনোই ক্ষমতায় ফিরতে পারেননি। কারণ একটি গণঅভ্যুত্থান বা রাজনৈতিক বিপ্লবের পর সাধারণত রাষ্ট্রের প্রশাসন

নিরাপত্তা বাহিনী বিচার ব্যবস্থা এবং রাজনৈতিক ক্ষমতার কেন্দ্র নতুন বাস্তবতার সঙ্গে খাপ খাইয়ে নেয়। পুরনো শাসকের জন্য সেই কাঠামো পুনরায় নিজের অনুকূলে আনা অত্যন্ত কঠিন হয়ে পড়ে।

তবে এর ব্যতিক্রমও রয়েছে। ফ্রান্সের সম্রাট নেপোলিয়ন বোনাপার্ট ১৮১৪ সালে পরাজিত হয়ে নির্বা সিত হন। কিন্তু তিনি ১৮১৫ সালে এলবা দ্বীপ থেকে ফিরে এসে আবারো ক্ষমতা ক্ষ মতা দখল করেন। যদিও সেই শাসন মাত্র একশ দিনের মতো স্থায়ী হয় এবং শেষ পর্যন্ত ব্যাটেল অফ ওয়াটার লু 'তে পরাজিত হয়ে চূড়ান্তভাবে ক্ষমতা হারান। এটি ইতিহাসের সবচেয়ে বিখ্যাত প্রত্যাবর্তনের ঘটনা হলেও এর স্থায়িত্ব ছিল অত্যন্ত স্বল্প। আফ্রিকার ঘানার সামরিক শাসক জেরি লরিংস এর ঘটনাও উল্লেখযোগ্য। তিনি সামরিক অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতায় আসেন। পরে নির্বাচন করেন এবং আবারও নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রপতি নির্বাচিত হন। যদিও তার ক্ষেত্রে গণআন্দোলনে উ ৎখাত করা হয়নি। তাই এটি শেখ হাসিনার পরিস্থিতির সঙ্গে পুরোপুরি তুলনীয় নয় । অন্যদিকে চিলির সাবেক সামরিক শাসক অগাস্তো পিরাশো ক্ষমতা ছাড়ার পর আর কখনোই রাষ্ট্র ক্ষমতায় ফিরতে পারেননি। বরং জীবনের শেষ ভাগে তাকে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে বিভিন্ন আইনি জটিলতার মু খোমুখি হতে হয়েছে। ফিলিপাইনের সাবেক প্রেসিডেন্ট ফার্দিনান্দ মার্কোস ১৯৮৬ সালে গণঅভ্যুত্থানের মুখে দেশ ছেড়ে পালিয়ে যান এবং কখনো ক্ষমতায় ফিরতে পারেননি। তবে ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ দিক হলো তার পরিবারের রাজনৈতিক পুনরুত্থান ঘটে। বহু বছর পর তার ছেলে ফার্দিনান্দ বংবম মার্কোস জুনিয়র নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রপতি নির্বাচিত হন। অ র্থাৎ ব্যক্তি ফিরে না এলেও রাজনৈতিক পরিবার ফিরে আসতে পারে। একইভাবে তিউনিশিয়া সাবেক প্রেসিডেন্ট জিন এল আবেদিন বেন আলি ২০১১ সালে আরব বসন্তের সময় দেশ ছেড়ে পালিয়ে যান। তিনি নির্বাসনেই মৃত্যুবরণ করেন এবং আর কখনো রাজনীতিতে ফিরতে পারেননি। মিশরের সাবেক প্রেসিডেন্ট হোসনি মোবারক গণআন্দোলনের মাধ্যমে ক্ষমতা হারানোর পর বিচার ও কারাবাসের মুখোমুখি হন। পরবর্তীতে কিছু অভিযোগ থে কে অব্যাহতি পেলেও তিনি আর রাষ্ট্র ক্ষমতায় ফেরেননি। ইরাকের সাবেক প্রেসিডেন্ট সাদ্দাম হুসাইন, লিবিয়ার সাবেক নেতা মোহাম্মদ গাদ্দাফি কিংবা রোমানিয়া র সাবেক নেতা নিকোলাই চাও সেংকু এদের কেউই ক্ষমতায় ফিরে আসার সুযোগ পাননি। বরং তাদের পতনের পথ দ্রুতই তাদের শাসনের সমাপ্তি ঘটে। অন্যদিকে গণতান্ত্রিক রাজনীতিতে ক্ষমতা হারিয়ে আবার নির্বা চনের মাধ্যমে ফিরে আশার বহু উদাহরণ রয়েছে যেমন -উইসটন চার্চিল, ইন্দিরা গান্ধী, লুইস এনাসিও লুলা দা সিলভা ক্ষমতা হারানোর পর আবার নির্বাচনে জয়ী হয়ে সরকার গঠন করেন। তবে এদের কেউই দেশ ছেড়ে পালিয়ে যাওয়া, অনুপস্থিত অবস্থায় মৃত্যুদণ্ড বা গণঅভ্যুত্থানে উৎখাত হওয়া শাসক ছিলেন না।

ফলে এই উদাহরণগুলো শেখ হাসিনার বর্তমান পরিস্থিতির সঙ্গে সরাসরি তুলনা যোগ্য নয়। শেখ হাসিনার সম্ভাব্য প্রত্যাবর্তনের প্রশ্নে কয়েকটি বাস্তব বিষয় বিবেচনা করা জরুরী। প্রথমত তিনি যদি দেশে ফিরতে চান তাহলে তার বিরুদ্ধে থাকা বিচারিক রায় এবং অন্যান্য আইনি প্রক্রিয়ার মুখোমুখি হওয়ার বিষয়টি সামনে আসবে। দ্বিতীয়ত বর্তমান রাজনৈতিক পরিবেশে তার দল নিষিদ্ধ থাকলে সাংগঠনিকভাবে পুনরায় রাজনীতিতে সক্রিয় হওয়া কঠিন হতে পারে তৃতীয়ত দেশের প্রশাসন, নির্বাচন ব্যবস্থা এবং রাজনৈতিক শক্তির ভারসাম্য গুরুত্বপূ র্ণ ভূমিকা পালন করবে। চতুর্থত আন্তর্জাতিক কূটনৈতিক সম্পর্কে একটি প্রভাবক হতে পারে। তবে শেষ পর্যন্ত বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতি ও সাংবিধানিক প্রক্রিয়ায় নির্ধারণ করবে ভবিষ্যৎ। ইতিহাসের একটি বড় শিক্ষা হল কোন শাসকের প্রত্যাবর্তন কেবল ব্যক্তিগত ইচ্ছার উপর নির্ভর করে না। এর জন্য প্রয়োজন শক্তিশালী রাজনৈতিক সংগঠন , উল্লেখযোগ্য জনসমর্থন, অনুকূল আইনি পরিবেশ এবং কখনো কখনো রাষ্ট্রের ক্ষমতার কেন্দ্রগুলোর সমর্থন। এই চারটি উপাদান একসঙ্গে না থাকলে প্রত্যাবর্তনের ঘোষণা বাস্তবায়ন করা অত্যন্ত কঠিন হয়ে পড়ে। আবার এটিও সত্য যে, রাজনীতিতে কখনই সম্ভব নয় এমন কথা ইতিহাস বহুবার ভুল প্রমাণ করেছে। নেপোলিয়ন বোনাপার্টের প্রত্যাবর্তন বিভিন্ন দেশে নির্বাসিত মানুষের পুনরায় নির্বাচনে অংশগ্রহণ কিংবা রাজনৈতিক পরিবারের পরিবারের পুনরুত্থান দেখায় যে রাজনৈতিক বাস্তবতা সময়ের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হতে পারে। তবে একইসঙ্গে ইতিহাস এটাও দেখায় যে , গণআন্দোলনের মাধ্যমে ক্ষমতাচ্যুত এবং পরে গুরুতর অভিযোগে অভিযুক্ত বা দণ্ডিত অধিকাংশ শাসক ব্যক্তিগতভাবে আর রাষ্ট্র ক্ষমতায় ফিরতে পারেননি। সুতরাং শেখ হাসিনা `এ বছরই দেশে ফিরব' এই ঘোষণা রাজনৈতিকভাবে তাৎ পর্যপূর্ণ হলেও এটি বাস্তবে ক্ষমতার প্রত্যাবর্তনের নিশ্চয়তা নয়। দেশে ফেরা এবং রাষ্ট্রক্ষমতায় পুনরায় অধিষ্ঠিত হওয়া দু 'টি পৃথক বিষয়। ইতিহাসের আলোকেই বলা যায় , পতিত বা উৎখাত শাসকদের ব্যক্তিগতভাবে পুনরায় রাষ্ট্র ক্ষমতায় ফিরে আসা উদাহরণ বিরল এবং ব্যতিক্রম ধর্মী। অধিকাংশ ক্ষেত্রে তারা আর ক্ষমতায় ফিরতে পারেননি। তবে ইতিহাসে কিছু ব্যতিক্রম থাকায় ভবিষ্যত সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত দেয়া সম্ভব নয়। শেষ পর্যন্ত বাংলাদেশের রাজনৈতিক প্রক্রিয়া , বিচার ব্যবস্থা, জনসমর্থন, নির্বাচন এবং সাংবিধানিক কাঠামোর বিকাশই নির্ধা রণ করবে শেখ হাসিনার ঘোষণা বাস্তবে কতটা রূপ পায়।(রেডিও তেহরান: ০১.০৭.২০২৬ রুবাইয়া, এলিনা)

## ডয়চে ভেলে

### মিয়ানমারে সামরিক অভ্যুত্থান-পরবর্তী সংঘাতে নিহত এক লাখেরও বেশি মানুষ

একটি সংঘাত পর্যবেক্ষণ সংস্থার তথ্য অনুযায়ী, পাঁচ বছর আগে মিয়ানমারে সামরিক অভ্যুত্থানের পর শুরু হওয়া গৃহযুদ্ধে এ পর্যন্ত এক লাখেরও বেশি মানুষ নিহত হয়েছে। ২০২১ সালের ফেব্রুয়ারি মাসে অং সান সু চির নির্বাচিত সরকারকে ক্ষমতাচ্যুত করে মিয়ানমারের সেনাবাহিনী। ক্ষমতাচ্যুত করার পর শান্তিতে নোবেলজয়ী সুচিকে আটক করা হয়। ক্ষমতা দখলের পর অভ্যুত্থানবিরোধী বিক্ষোভ নিরাপত্তা বাহিনী কঠোরভাবে দমন শুরু করলে আন্দোলনকারীদের একাংশ শহর ছেড়ে গিয়ে গণতন্ত্রপন্থি গেরিলা গোষ্ঠী গড়ে তোলে। কেন্দ্রীয় শাসনের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে লড়াই করে আসা জাতিগত সংখ্যালঘু সশস্ত্র গোষ্ঠীগুলোর সঙ্গে মিলে যুদ্ধ শুরু করে তারা। আর্মড কনফ্লিক্ট লোকেশন অ্যান্ড ইভেন্ট ডাটা (এসিএলইডি) নামের সংঘাত পর্যবেক্ষণ সংস্থা সংবাদমাধ্যমের প্রতিবেদনের তথ্যের ভিত্তিতে তৈরি এক প্রতিবেদনে জানিয়েছে, অভ্যুত্থানের পর থেকে মিয়ানমারে সংঘাতে অন্তত এক লাখ ১১৪ জন মানুষ নিহত হয়েছে। পাঁচ বছরেরও বেশি সময় ধরে চলা এ সংঘাত সম্পর্কে মিয়ানমারে কোনো সরকারি তথ্য বা পরিসংখ্যান নেই। ২০২১ সালের মার্চ মাস থেকে চলমান এই গৃহযুদ্ধকে এশিয়ার সবচেয়ে প্রাণঘাতী সংঘাত মনে করেন বিশ্লেষকদের অনেকেই। এসিএলইডি-র তথ্য অনুযায়ী, গত বছর ফিলিস্তিনের পর মিয়ানমারই ছিল বিশ্বের সবচেয়ে সংঘাতপূর্ণ দেশ। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৭.২০২৬ রনি)

### বাংলাদেশে ফুটবল বিশ্বকাপ উন্মাদনার মাঝে `ইসলামি পতাকা, নিয়ে আলোচনা

সংবিধান অনুযায়ী ধর্মনিরপেক্ষ বাংলাদেশ যখন ফিফা বিশ্বকাপ উন্মাদনায় ভাসছে, তখনই সারা দেশে `ইসলামি পতাকা, উত্তোলনের আহ্বান জানান কট্টরপন্থি এক ধর্মীয় বক্তা। তাতে সাড়া দিয়ে দেশের বিভিন্ন এলাকায় উত্তোলন করা হয় সেই পতাকা। মুসলিম-অধ্যুষিত বাংলাদেশে ফুটবল খুব জনপ্রিয়। দেশজুড়ে রয়েছে ফুটবলখেলুড়ে বিভিন্ন দেশের অসংখ্য সমর্থক। তাদের মধ্যে আর্জেন্টিনা আর ব্রাজিলের সমর্থকই সবচেয়ে বেশি। বিশ্বকাপের সময় দেশজুড়ে দক্ষিণ আমেরিকার দুই ফুটবল পরাশক্তির পতাকা ছড়িয়ে পড়াও দীর্ঘদিন ধরে চলে আসা স্বাভাবিক ঘটনা। কট্টরপন্থি ধর্মীয় নেতা মুফতি হারুন ইজহার সম্প্রতি এক বক্তৃতায় তার অনুসারীদের আর্জেন্টিনা ও ব্রাজিলের পতাকা নামিয়ে সম্ভব সব জায়গায় কালিমা-খচিত সাদা পতাকা উত্তোলনের আহ্বান জানান। এরপর দেশের বেশ কয়েকটি জেলায় এ ধরনের পতাকা উড়তে দেখা যায়। বিষয়টি নজরে আসার পর পুলিশের পক্ষ থেকে জানানো হয়, ``এসব পতাকা আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটালে ব্যবস্থা নেয়া হবে।,, বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের উপদেষ্টা ডাঃ জাহেদ উর রহমান জানিয়েছেন, কালিমা-খচিত পতাকা উত্তোলনের বিষয়টি সরকার নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। মঙ্গলবার সাংবাদিকদের তিনি বলেন, ``এটি বিশ্বজুড়ে ভুল বার্তা দিতে পারে।,, (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৭.২০২৬ রনি)

### বাংলাদেশে অন্তত ৩১১ উগ্রপন্থি পলাতক:অ্যান্টি টেররিজম ইউনিট

বাংলাদেশে নিষিদ্ধঘোষিত বিভিন্ন সংগঠনের অন্তত ৩১১ সদস্য এখন পলাতক। এক বিশেষ প্রতিবেদনে পুলিশের বিশেষায়িত ইউনিট অ্যান্টি টেররিজম ইউনিট (এটিইউ)-কে উদ্ধৃত করে এসব তথ্য জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো। নজরুল ইসলামের করা প্রতিবেদনে বলা হয়, পলাতক ও আত্মগোপনে থাকা এসব ব্যক্তি উগ্রবাদী তৎপরতা সংশ্লিষ্ট বিভিন্ন মামলার আসামি। এর বাইরে ২০২৪ সালের ৫ আগস্ট গণ-অভ্যুত্থানের দিন গাজীপুরের কাশিমপুরের হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার থেকে পালিয়ে যান উগ্রবাদী তৎপরতাসংশ্লিষ্ট মামলায় সাজাপ্রাপ্ত ৯ জন কারাবন্দি। পলাতক এসব উগ্রপন্থির অবস্থান ও তৎপরতা নিয়ে নিরাপত্তা-সংশ্লিষ্ট মহলের উদ্বেগের কথাও বলা হয় প্রতিবেদনে। পুলিশের বিশেষায়িত ইউনিট অ্যান্টি টেররিজম ইউনিটের (এটিইউ) গত এপ্রিল পর্যন্ত হালনাগাদ করা তথ্য থেকে পলাতক উগ্রপন্থিদের তথ্য পাওয়া যায়। পলাতকদের মধ্যে জামাআতুল মুজাহিদীন বাংলাদেশ (জেএমবি)-র ১৮৫ জন, আনসার আল ইসলামের ৮৩ জন, হরকাতুল জিহাদ বাংলাদেশ (হুজি-বি)-র ১৬ জন, নব্য জেএমবির ১৬ জন, `আল্লাহর দল'-এর ৯ জন, জামাআতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার ১ জন এবং `ইমাম মাহমুদের কাফেলা'র ১ জন রয়েছেন। এর বাইরে নিষিদ্ধ আরেক সংগঠন হিযবুত তাহ্‌রীরের ৫৯ জন বিভিন্ন মামলায় পলাতক রয়েছেন বলে এটিইউর তথ্যে এসেছে। নিরাপত্তা বিশ্লেষকেরা মনে করছেন, জেল পলাতক, জামিনে মুক্ত হয়ে আত্মগোপনে থাকা এবং মামলার আসামি হিসেবে পলাতক দুর্ধর্ষ উগ্রপন্থিরা নিরাপত্তার জন্য ঝুঁকি। ২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থানের সময় পুলিশের বিভিন্ন স্থাপনা ও কারাগার থেকে লুট হওয়া অধিকাংশ আগ্নেয়াস্ত্র এখনো উদ্ধার হয়নি। এই বাস্তবতায় পলাতক উগ্রপন্থিদের ওপর নজরদারি জরুরি। সুযোগ পেলে তারা সংঘবদ্ধ হওয়ার চেষ্টা করতে পারেন। পলাতক উগ্রপন্থিদের দিক থেকে কোনো হুমকি রয়েছে কি না— জানতে চাইলে গত ৪ এপ্রিল এটিইউর প্রধান ও অতিরিক্ত মহাপরিদর্শক মো. রেজাউল করিম কোনো মন্তব্য করেননি। তবে তিনি বলেন, ``বাংলাদেশে উগ্রবাদের কোনো স্থান নেই। দেশের শান্তিপ্রিয় মানুষ উগ্রবাদ পছন্দ করেন না।''

২০২৪ সালের ৫ আগস্ট সন্ধ্যায় কাশিমপুরের হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগারে হামলার ঘটনা ঘটে। ওই দিন দুর্বৃত্তরা কারাগারের প্রধান ফটক ভেঙে ভেতরে ঢুকে তৃতীয় তলার গুদামে আগুন ধরিয়ে দেয়। এ সময় উগ্রবাদী তৎপরতাসংশ্লিষ্ট মামলায় কারাবন্দি ৯ জনসহ মোট ২০২ বন্দি পালিয়ে যান। এটিইউ সূত্র জানায়, ২০২১ থেকে ২০২৪ সাল পর্যন্ত সারা দেশে বিভিন্ন মামলায় নিষিদ্ধঘোষিত উগ্রপন্থি সংগঠনগুলোর ২ হাজার ১৪৩ সদস্য গ্রেপ্তার হন। ২০২১ থেকে ২০২৫ সালের ডিসেম্বর পর্যন্ত পাঁচ বছরে কারাগার থেকে জামিনে মুক্ত হন ১ হাজার ৬১১ জন। তাদের মধ্যে ২০২৪ সালের ৫ আগস্ট গণ-অভ্যুত্থানের পর জামিনে মুক্ত হয়েছেন ৩৮০ জন। এখন কারাগারে আছেন ১৬২ জন।লিশের বিশেষায়িত ইউনিট অ্যান্টি টেরিরিজম ইউনিট এটিইউর দেওয়া তথ্য অনুযায়ী, বাংলাদেশের দেশের ১৬ কারাগারে উগ্রপন্থি বিভিন্ন সংগঠনের ৫৯ জন মৃত্যুদণ্ডপ্রাপ্ত, ৪৬ জন যাবজ্জীবন সাজাপ্রাপ্ত এবং ২৫ জন বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্ত আসামি আছেন। এ ছাড়া কারাবন্দি আরো ৩২ জনের বিরুদ্ধে হওয়া মামলাগুলোর বিচার চলছে। পুলিশ সূত্রকে উদ্ধৃত করে প্রথম আলো জানায়, জুলাই গণ-অভ্যুত্থান-পরবর্তী সময়ে জামিনে মুক্ত হওয়া ব্যক্তিদের মধ্যে কয়েকজন আলোচিত উগ্রপন্থি নেতাও রয়েছেন। গত বছরের ২০ অক্টোবর জামিনে মুক্ত হন জসীম উদ্দিন রাহমানী। আদালত-সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, তার নামে আরো দুটি মামলা বিচারাধীন। এর একটি চলছে ঢাকার সন্ত্রাস দমন ট্রাইব্যুনালে, অন্যটি সাইবার ট্রাইব্যুনালে। মামলায় পুলিশ তাকে আনসারুল্লাহ বাংলা টিমের নেতা হিসেবে উল্লেখ করেছে। মুক্তি পাওয়ার পর বিভিন্ন বক্তৃতায় দাবি করেছেন, তিনি এই সংগঠনের নেতা নন। নিষিদ্ধঘোষিত সংগঠন জেএমবির প্রধান মাওলানা সাইদুর রহমান গত ২১ মার্চ কাশিমপুর-২ কেন্দ্রীয় কারাগার থেকে জামিনে মুক্ত হন। এ ছাড়া গত ডিসেম্বরে ঢাকার কেরানীগঞ্জের একটি মহিলা মাদ্রাসায় বিস্ফোরণের ঘটনায় পুলিশ যাকে মূল ব্যক্তি মনে করছে, সেই শেখ আল আমিন ও তার কয়েক সহযোগী ২০২৪ সালের ৫ আগস্টের পর জামিনে বের হন। কেরানীগঞ্জের ঘটনার পর তাঁরা আবার গ্রেপ্তার হয়েছেন। সংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন, অতীত অভিজ্ঞতা বিবেচনায় পলাতক ও জামিনে মুক্ত উগ্রপন্থিদের ওপর নজরদারি শিথিল করার সুযোগ নেই। বিশেষ করে কারাগার থেকে পালানো, জামিনে বেরিয়ে আত্মগোপনে চলে যাওয়া এবং মামলার আসামি হয়ে পলাতক থাকা ব্যক্তিদের অবস্থান শনাক্ত করা নিরাপত্তার জন্য গুরুত্বপূর্ণ। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তারা বলছেন, ২০১৩ থেকে ২০১৬ সাল পর্যন্ত দেশে উগ্রবাদী তৎপরতা ঘিরে মারাত্মক উদ্বেগ তৈরি হয়েছিল। সেই সময় ব্লগার, লেখক, প্রকাশক, শিক্ষক ও বিদেশি নাগরিক হত্যার ঘটনা ঘটে। ২০১৬ সালে রাজধানীর গুলশানের হোলি আর্টিজান বেকারিতে ভয়াবহ হামলা চালানো হয়। এর আগে ২০০৫ সালে ৬৩ জেলায় একযোগে ৫০০ বোমা ফাটায় জেএমবি। সংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন, অতীত অভিজ্ঞতা বিবেচনায় পলাতক ও জামিনে মুক্ত উগ্রপন্থিদের ওপর নজরদারি শিথিল করার সুযোগ নেই। বিশেষ করে কারাগার থেকে পালানো, জামিনে বেরিয়ে আত্মগোপনে চলে যাওয়া এবং মামলার আসামি হয়ে পলাতক থাকা ব্যক্তিদের অবস্থান শনাক্ত করা নিরাপত্তার জন্য গুরুত্বপূর্ণ।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৭.২০২৬ রবি)

## ভারতে বাস-ট্রাক ধাক্কায় নিহত সাত

রাজস্থানের দৌসার কাছে দিল্লি মুম্বই এক্সপ্রেসওয়েতে যাত্রীবাহী বাস গিয়ে একটি ট্রাকে ধাক্কা মারে। তারপরই বাস ও ট্রাকে আগুন লেগে যায়। এর ফলে সাতজন মারা গেছেন, ২২ জন আহত হয়েছেন। রাত আড়াইটে নাগাদ এই দুর্ঘটনা হয়। বাসটি উত্তরাখণ্ডের ঋষিকেশ থেকে মধ্যপ্রদেশের ইন্দোর যাচ্ছিল। বাসটির গতি খুব বেশি ছিল। সরকারি কর্মকর্তারা জানিয়েছেন, আগুনে পুড়ে পাঁচজনের মৃত্যু হয়েছে। মাথায় আঘাত লেগে দুইজন মারা গেছেন। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, যখন বাস-ট্রাক সংঘর্ষ হয়, তখন অধিকাংশ যাত্রীই ঘুমাচ্ছিলেন। দমকল এসে আগুন নেভায় ও যাত্রীদের উদ্ধার করে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৭.২০২৬ রবি)

## সব গণতান্ত্রিক আন্দোলনে নেতৃত্বে ছিল ঢাবি-র পড়ুয়ারা:প্রধানমন্ত্রী তারেক রহমান

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বাংলাদেশের সব গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নেতৃত্ব দিয়েছেন। অনেক ত্যাগ ও রক্তের বিনিময়ে দেশে গণতন্ত্র পুনরুদ্ধার করা সম্ভব হয়েছে। এবার গণতন্ত্র সুসংহত করার পালা। এ ক্ষেত্রেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা রয়েছে। 'ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস, উপলক্ষে দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী এ কথা বলেন। বুধবার (১ জুলাই) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৫তম প্রতিষ্ঠাবার্ষিকী। তারেক রহমান বলেন, ''প্রাচ্যের অক্সফোর্ড বলে পরিচিত উপমহাদেশের অন্যতম প্রাচীন ও ঐতিহ্যবাহী উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত হচ্ছে। এটি অবশ্যই আমাদের জন্য গৌরবের। এই উপলক্ষ্যে আমি সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয় পরিবারের সব সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।', তারেক রহমান বলেন, প্রযুক্তিগত বিপ্লব মোকাবিলায় কৃত্রিম বুদ্ধিমত্তা, সাইবার সিকিউরিটি, প্রোগ্রামিং, ডিজিটাল এন্টারপ্রেনিউরশিপ, কোয়ান্টাম কম্পিউটিং, ন্যানোটেকনোলজি, ফাইভ-জি প্রযুক্তির মতো বিষয়গুলো শিক্ষা কারিকুলামে অন্তর্ভুক্ত করার বিকল্প নেই। শিক্ষাকে শুধু সার্টিফিকেটনির্ভর না রেখে কর্মদক্ষতা ও প্রায়োগিক শিক্ষার ওপর জোর দিতে হবে, যা বাস্তব জীবনে

যেকোনো দায়িত্ব পালনের সক্ষমতা অর্জনে শিক্ষার্থীদের সহায়তা করবে। এ কারণেই তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি শিক্ষার্থীদের ব্যবহারিক দক্ষতা অর্জনের দিকেও নজর দেওয়া জরুরি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৭.২০২৬ রনি)

## ভেনেজুয়েলায় মৃতের সংখ্যা বেড়ে প্রায় দুই হাজার

ভেনেজুয়েলায় ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো এক হাজার ৯৪৩ জন। ১০ হাজার পাঁচশোর বেশি মানুষ আহত। ১৬ হাজার গৃহহীন, ৪৩ হাজার মানুষ নিখোঁজ, ছয় লক্ষ ৮০ হাজার বাচ্চার মানবিক ত্রাণ দরকার, ৫৯ হাজার বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। ভেনেজুয়েলাতে মঙ্গলবারও উদ্ধারকারীরা ভূমিকম্প বিধ্বস্ত এলাকায় আটকে পড়া মানুষকে উদ্ধারের চেষ্টা করে গেছেন। পরপর দুইটি ভয়ংকর ভূমিকম্পের ফলে দেশের বিভিন্ন অঞ্চল ভয়ংকর ক্ষয়ক্ষতি হয়েছে। উদ্ধারকারীরা এখনো আশা করছেন, ধ্বংসস্তূপের মধ্যে থেকে বেঁচে থাকা মানুষদের তারা উদ্ধার করতে পারবেন। তবে তারা এখন মৃত মানুষদের খোঁজও করছেন। ৪০ ঘণ্টা ধরে আটকে পড়া মা ও শিশুকে উদ্ধারের চেষ্টা করছিল যুক্তরাষ্ট্র ও ইকুয়েডর থেকে আসা উদ্ধারকারীরা। কিন্তু মঙ্গলবার তারা ধ্বংসস্তূপে আর জীবনের চিহ্ন না পাওয়ায় সেই কাজ বন্ধ করে দিয়েছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৭.২০২৬ রনি)

## বাংলাদেশে ডেঙ্গু সংক্রমণ দ্রুত বাড়ার শঙ্কা

ভয়াবহ হাম সংক্রমণের সময়েই বাংলাদেশে দেখা দিয়েছে ডেঙ্গুর সংক্রমণও দ্রুত বাড়ার শঙ্কা। স্বাস্থ্য বিশেষজ্ঞরা মনে করেন, আর্দ্র আবহাওয়া ও মশা নিয়ন্ত্রণে অপর্যাপ্ত ব্যবস্থার কারণে ডেঙ্গু-পরিস্থিতি দ্রুত ভয়াবহ হতে পারে।বিশেষজ্ঞরা বলছেন, গত কয়েক সপ্তাহে বাংলাদেশে ডেঙ্গুর বিস্তার অনেক গতি পেয়েছে। এর ফলে ২০২৩ সালে যে ভয়াবহ প্রাদুর্ভাব দেখা দিয়েছিল, সেরকম পরিস্থিতির আশঙ্কাও করছেন তারা। স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য বলছে, মে মাসের শেষে বাংলাদেশে ডেঙ্গুতে মারা গিয়েছিলেন মাত্র এক জন। কিন্তু জুন মাসের শেষে ডেঙ্গুতে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১৮। এ সময়ে ডেঙ্গুতে সংক্রমিত রোগীর সংখ্যা বৃদ্ধি ছিল আরো উদ্বেগজনক। মে মাসের শেষে শনাক্ত রোগীর সংখ্যা ছিল ৭১৪, জুন মাসের শেষে সেই সংখ্যা আট গুণেরও বেশি বেড়ে হয়ে যায় পাঁচ হাজার ৯২৪। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, কীটতত্ত্ববিদ কবিরুল বাশার বার্তা সংস্থা রয়টার্সকে বলেন, ``জুলাই মাসে ঢাকায় ডেঙ্গু রোগীর সংখ্যা জুনের তুলনায় অন্তত দ্বিগুণ হবে বলে আমাদের ধারণা। আগস্ট নাগাদ তিন থেকে চার গুণও বেড়ে যেতে পারে।'' তার আশঙ্কা, তখন ``রাজধানীর বাইরের এলাকাগুলোতে পরিস্থিতি সামলানোই বড় চ্যালেঞ্জ হয়ে উঠতে পারে, কারণ, সেখানে (ঢাকার বাইরে) বেশ কয়েকটি জেলায় সংক্রমণের হার খুব দ্রুত বাড়ার ঝুঁকি রয়েছে।'' ২০২৩ সালে বাংলাদেশে ডেঙ্গুর বিস্তার ভয়াবহ রূপ নিয়েছিল। তিন লাখ ২১ হাজারেরও বেশি মানুষ সংক্রমিত এবং এক হাজার ৭০৫ জন প্রাণ হারিয়েছিল ডেঙ্গুতে। ২০২৪ সালে সারা দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়েছিলেন এক লাখ এক হাজার ২১৪ জন, ডেঙ্গুতে মারা যান ৫৭৫ জন।গত বছর, অর্থাৎ ২০২৫ সালে বাংলাদেশে ডেঙ্গু রোগে ভুগেছেন এক লাখ দুই হাজার ৮৬১ জন, ডেঙ্গুতে মারা যান ৪১৩ জন। চলতি বছর এমন এক সময়ে ডেঙ্গুর ঝুঁকি বাড়ছে, যখন কয়েক দশকের মধ্যে অন্যতম ভয়াবহ হামের প্রাদুর্ভাব মোকাবিলা করছে বাংলাদেশ। সরকারি হিসেব অনুযায়ী, মার্চের মাঝামাঝি থেকে এ পর্যন্ত বাংলাদেশে এক লাখেরও বেশি `সন্দেহভাজন' ও ১০ হাজারের বেশি নিশ্চিতভাবে হামে সংক্রমিত হয়েছেন। সরকারি হিসেব অনুযায়ী মৃতের সংখ্যা ইতিমধ্যে ৭০০ ছাড়িয়েছে।জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, কীটতত্ত্ববিদ কবিরুল বাশার বলেন, ভারী বৃষ্টিপাত, উষ্ণ তাপমাত্রা এবং উচ্চ আর্দ্রতা ডেঙ্গু বিস্তারের জন্য অনুকূল।এ কারণে দেশে ডেঙ্গুর বিস্তার ত্বরান্বিত হওয়ার আশঙ্কা বাড়ছে। তিনি মনে করেন, ডেঙ্গুর সংক্রমণ বৃদ্ধির ঝুঁকি বাড়লেও এখনো তার সঙ্গে তাল মিলিয়ে মশা নিয়ন্ত্রণের কার্যক্রম চালানো হয়নি। তাই সরকারের প্রতি মশা নিয়ন্ত্রণে দেশব্যাপী আগাম সতর্কবার্তা-ব্যবস্থা চালুর আহ্বান জানান অধ্যাপক কবিরুল বাশার। এর মাধ্যমে মশার প্রজনন ক্ষেত্র ও সংক্রমণের হটস্পটগুলো শনাক্ত করা যাবে, কর্তৃপক্ষ দ্রুত পদক্ষেপ নিতে পারবে এবং প্রাদুর্ভাব ভয়াবহ পর্যায়ে যাওয়ার আগেই জনগণকে সতর্ক করা যাবে – এমন আশা প্রকাশ করে তিনি বলেন, ``প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে আনার সুযোগ বা সময় কিন্তু দ্রুত ফুরিয়ে আসছে।'' (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৭.২০২৬ রনি)

# জাগো নিউজ

## জাপানের সঙ্গে সম্পর্কের নতুন অধ্যায়: বাড়ছে বিনিয়োগ ও কৌশলগত সহযোগিতা

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছে জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) প্রেসিডেন্ট ড. তানাকা আকিহিকোসহ একটি প্রতিনিধিদল। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন জাপানের বৈদেশিক সম্পর্কবিষয়ক সংসদীয় ভাইস মিনিস্টার শিমাদা তোমাকি। বুধবার (১ জুলাই) বিকেল সোয়া ৫টার দিকে সচিবালয়ে প্র ধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান। সাক্ষাৎকালে জাইকার অর্থায়নে বাংলাদেশে চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। এর মধ্যে মাতারবাড়ী গভী র সমুদ্রবন্দর, এমআরটি লাইনগুলো এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিশেষভাবে গুরুত্ব পায়। বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান আশা প্রকাশ করেন , আগামী

ডিসেম্বরের মধ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের নির্মাণকাজ নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন হবে এবং তা উদ্বোধন করা যাবে। এ সময় জ্বালানি সংকট মোকাবিলায় বাংলাদেশকে জাপানের সহায়তা বাড়ানোর বিষয়েও আলোচনা হয়। বর্তমানে ঘোষিত ৩১২ মিলিয়ন মার্কিন ডলারের সহায়তা ৫০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করার বিষয়ে ইতিবাচক সাড়া দিয়েছে জাপান। বাংলাদেশ ও জাপানের মধ্যে স্বাক্ষরিত বাংলাদেশ – জাপান অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি (ইপিএ) দ্রুত বাস্তবায়নে উভয় পক্ষ তাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে। বৈঠকে জাপানি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীকে জানায়, বাংলাদেশ নৌবাহিনীকে জাপান সরকারের পক্ষ থেকে পাঁচটি পেট্রোল বোট উপহার হিসেবে দেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## সরকারি বিদ্যালয়ের রাস্তা নেই, অস্থায়ী পথেও ব্যারিকেড

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চলাচলে নেই সরকারি রাস্তা। প্রায় এক দশক ধরে ব্যক্তিমালিকানাধীন জমির ওপর দিয়ে চলাচল করেই পাঠদান চালিয়ে আসছিল বিদ্যালয়টি। সম্প্রতি জমির মালিকানা দ্বন্দ্ব নিয়ে সেই অস্থায়ী পথও ইটের ব্যারিকেড দিয়ে বন্ধ ক রে দেওয়া হয়েছে। এতে চরম দুর্ভোগে পড়েছেন শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকরা। বিদ্যালয় কর্তৃপক্ষ বলছে, যাতায়াত সংকটের কারণে প্রতিবছর কমছে শিক্ষার্থীর সংখ্যা। দ্রুত স্থায়ী সড়ক নির্মাণ না হলে পরিস্থিতি আরও ভয়াবহ হতে পারে। আলমডাঙ্গা পৌর এলাকার পৌর বাস টার্মিনাল সরকারি প্রাথমিক বিদ্যালয় চুয়াডাঙ্গা -কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়ক থেকে মাত্র আড়াইশ গজ দূরে অবস্থিত। অথচ বিদ্যালয়ে যাওয়ার জন্য কোনো সরকারি রাস্তা নেই। ২০১৪-২০১৪ অর্থবছর শেষে ২০১৫ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠার পর থেকে স্থানীয় দুই ব্যক্তির জমির ওপর দিয়ে চলাচল করে আসছিল শি ক্ষার্থীরা। তবে সম্প্রতি সেই রাস্তাটিও ব্যারিকেড দিয়ে বন্ধ করে দেওয়া হয়েছে। শিক্ষা কর্মকর্তা ও বিদ্যালয় সূত্রে জানা গেছে, প্রাথমিক বিদ্যালয়বিহীন এলাকা বিবেচনায় দেশে দেড় হাজার নতুন বিদ্যালয় স্থাপনের প্রকল্প নেয় তৎকালীন সরকার। ওই প্রকল্পের আওতায় ২০১৫ সালে চু য়াডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়ক থেকে প্রায় ২৫০ গজ দূরে প্রতিষ্ঠা করা হয় পৌর বাস টার্মিনাল সরকারি প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয় নির্মাণের জন্য আলমডাঙ্গা পৌরসভা জমি দিলেও মহাসড়ক থেকে বিদ্যালয়ে যাওয়ার কোনো সরকারি রাস্তা নির্মাণ করা হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## ব্যাংক থেকে ব্যাংকে টাকা লেনদেনে নতুন নির্দেশনা

ব্যাংক-টু-ব্যাংক ডিজিটাল লেনদেন আরও সুশৃঙ্খল ও কার্যকর করতে নতুন নির্দেশনা জারি করেছে কেন্দ্রীয় ব্যাংক। জাতীয় পেমেন্ট সুইচ বাংলাদেশ (এনপিএসবি) প্ল্যাটফর্মে বাংলা কিউআর কোডের মাধ্যমে মার্চেন্ট পেমেন্টের ক্ষেত্রে মার্চেন্ট ডিসকাউন্ট রেট (এমডিআর) বা সেবা ফির সর্বনিম্ন হার ভ্যাটসহ এক শতাংশ নির্ধারণ করা হয়েছে। বুধবার (১ জুলাই) বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস বিভাগ -২ (পিএসডি-২) এ-সংক্রান্ত একটি সার্কুলার জারি করে। নির্দেশনাটি জারির সঙ্গে সঙ্গেই কা র্যকর হয়েছে। সার্কুলারে বলা হয়েছে, এর আগে এনপিএসবির মাধ্যমে পরিচা লিত লেনদেন এবং কার্ড স্কিমের মাধ্যমে সরকারি অর্থ পরিশোধ ব্যবস্থায় পয়েন্ট অব সেল (পিওএস) ও বাংলা কিউআরভিত্তিক লেনদেনের জন্য মার্চেন্ট ডিসকাউন্ট রেটের সীমা নির্ধারণ করা হয়েছিল। বিদ্যমান সার্কু লারের অন্যান্য ফি, চার্জ ও শর্ত অপরিবর্তিত রেখে শুধু বাংলা কিউআর কোডভিত্তিক মার্চেন্ট পেমেন্টের ক্ষেত্রে এমডিআরের সর্বনিম্ন হার পুনর্নির্ধারণ করা হয়েছে। নতুন নির্দেশনা অনুযায়ী, ব্যাংক হিসাব, ডেবিট কার্ড, প্রিপেইড কার্ড, ক্রেডিট কার্ড, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) এবং পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি) ব্যবহার করে বাংলা কিউআর কোডের মাধ্যমে মার্চেন্ট পেমেন্ট গ্রহণের ক্ষেত্রে অ্যাকোয়ারিং ব্যাংক বা প্রতিষ্ঠান মার্চেন্টের কাছ থেকে ভ্যাটসহ সর্বনিম্ন এক শতাংশ এমডিআর আদায় করতে পারবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## এক মাস পর জুলাইযোদ্ধা সার্টিফিকেট দেবো, পার পিস ৫০ টাকা: উমামা ফাতেমা

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র উমামা ফাতেমা বলেছেন, `এক মাস পর জুলাইযোদ্ধা সার্টিফিকেট দেবো, পার পিস ৫০ টাকা।, বুধবার (১ জুলাই) নিজের ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে এ কথা বলেন তিনি। ফেসবুক পোস্টে উমামা ফাতেমা লেখেন, `জুলাইয়ের এই এক মাস জুলাই সবার থাকবে, ঠিকাছে? এক মাস পর থেকে জুলাই আমার সম্পত্তি, আমি সবাইকে জুলাইযোদ্ধা সা র্টিফিকেট দেবো, পার পিস ৫০ টাকা।, তিনি আরও লেখেন, `ভোট করার সময় সার্টিফিকেটপ্রাপ্তদের সাথে জোট করবো, দারুণ সব টাইটেল হবে, লেটস ছে- জুলাইয়ের ফিনিক্স পাখি, জুলাইয়ের আবাবিল পা খি, জুলাইয়ের ইমাম, জুলাইয়ের মাস্টারমাইন্ড।, এরপর তিনি লেখেন, কেমন লাগল আইডিয়াটা? (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## আদাবরে ব্রাজিলের খেলা নিয়ে দ্বন্দ্বে বিএনপির দুই নেতাকে কুপিয়ে জখম

রাজধানীর আদাবরের নবোদয় হাউজিং এলাকায় ব্রাজিলের খেলা নিয়ে দ্বন্দ্বের জেরে সালিশি বৈঠক চলাকালে বিএনপির দুই নেতাকে কুপিয়ে গুরুতর জখম করার অভিযোগ উঠেছে। বুধবার (১ জুলাই) রাত সাড়ে ৮টার দিকে নবোদয় বাজার এলাকায় এ ঘটনা ঘটে। আহতরা হলেন- নবোদয় হাউজিং ইউনিট বিএনপির সভাপতি মো. সাদ্দাম (৩৫) এবং

সাধারণ সম্পাদক মো . আবুল বাসার বাদশা (৩০)। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তাদের উদ্ধার করে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। তারা সেখানেই চিকিৎসাধীন। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, গত ২৯ জুন নবো দয় হাউজিং এলাকায় ব্রা জিলের ফুটবল খেলা দেখা শেষে ঢোল বাজানোকে কেন্দ্র করে স্থানীয় কয়েকজন যুবকের সঙ্গে আদাবর থানা বিএনপির সদস্য হাবিবুর রহমানের বিরোধের সৃষ্টি হয়। পরে ওই বিরোধ মীমাংসার লক্ষ্যে আজ বুধবার রাতে নবোদয় বাজারে একটি সালিশি বৈঠকের আয়োজন করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## আইসিটি অধিদপ্তর, সাইবার নিরাপত্তা এজেন্সি ও নভোথিয়েটারে নতুন ডিজি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) অধিদপ্তর, জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি এবং নভোথিয়েটারে নতুন মহাপরিচালক (ডিজি) নিয়োগ দিয়েছে সরকার। বুধবার (১ জুলাই) জনপ্রশাসন মন্ত্রণালয় এ বিষয়ে আলাদা তিনটি প্রজ্ঞাপন জারি করে। প্রজ্ঞাপন অনুযায়ী , যুগ্ম-সচিব মাহফুজা আক্তারকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন আইসিটি অধিদ প্তরের মহাপরিচালক করা হয়েছে। এছাড়া যুগ্ম -সচিব মো. আশরাফুল মমিন খান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধী ন জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সির মহাপরিচালক এবং যুগ্মসচিব এ কে এম শওকত আলম মজুমদার বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন নভোথিয়েটারের মহাপরিচালক নিয়োগ পেয়েছেন। নিয়োগ করা কর্মকর্তাদের আগামী ৭ জুলাইয়ের মধ্যে বর্তমান কর্মস্থল থেকে অবমুক্ত হয়ে নতুন কর্মস্থ লে যোগদান করতে হবে। অন্যথায় ওইদিন অপরাহ্ন থেকে তারা বর্তমান কর্মস্থল থেকে `স্ট্যান্ড রিলিজড, (তাৎক্ষণিক অবমুক্ত) হিসেবে গণ্য হবেন বলেও প্রজ্ঞাপনে জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## বরিশালের নতুন ডিসি মামুন খন্দকার

বরিশালের নতুন জেলা প্রশা সক (ডিসি) পদে নিয়োগ পে য়েছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব মো . মামুন খন্দকার। বুধবার (১ জুলাই) বিসিএস প্রশাসন ক্যাডারের এই কর্মকর্তাকে ডিসি নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে জানানো হয়ে, এই আদেশ অবিলম্বে কার্যকর হবে। অন্যদিকে বরিশালের জেলা প্রশাসকের দায়িত্ব চালিয়ে আসা মো . খায়রুল আলম সুমনকে পরবর্তী পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## এনসিটি পরিচালনায় ডিপি ওয়ার্ল্ড নিয়ে মুখ খুললেন বন্দর চেয়ারম্যান

নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) অপারেশনের দায়িত্ব ডিপি ওয়ার্ল্ডকে দেওয়ার বিষয়ে এবার মুখ খুললেন চট্টগ্রাম বন্দর চেয়ারম্যান রিয়ার অ্যাডমিরাল এস এম মনিরুজ্জামান। বুধবার (১ জুলাই) দুপুরে চট্টগ্রাম বন্দরে ওয়ান স্টপ সার্ভিস ভবন উদ্বোধনী অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে এ বিষয়ে কথা বলেন তিনি। বন্দর চেয়ারম্যান বলেন , `বন্দরের যে আইন আছে , তাতে বন্দর চেয়ারম্যান হলেন একজন জনসেবক। আমি এখানে সেবাদানকারী হিসেবে এসেছি। আমার কাজ হলো জনসেবা করা। ভবিষ্য ৎ প্রজন্মের জন্য যেটা করা সেটা রাষ্ট্রীয় সিদ্ধান্ত। এখানে ডিপি ওয়ার্ল্ড নিয়ে এখন যে কথা হচ্ছে। এটি আজকের কথা নয়। আমি বন্দরে যোগ দেওয়ার আগে থেকে এ আলোচনা হয়ে আসছে। ২০১৯ সাল থেকে এ কাজটা শুরু হয়েছিল।, তিনি বলেন, `২০১৯ সালে ডিপি ওয়ার্ল্ডের বিষয়ে জিটুজির ভিত্তিতে সংযুক্ত আরব আমিরাত সরকারের সঙ্গে আমাদের প্ল্যাটফর্ম মিটিং হয়। ওই মিটিংয়ে বন্দ রের তরফ থেকে এনসিটিকে তাদের (ডিপি ওয়ার্ল্ড) নেওয়ার জন্য বলা হয়েছিল। সেটি আমাদের (বন্দরের) প্রস্তাব ছিল। ডিপি ওয়ার্ল্ড আমিরাত সরকারের শতভাগ নিজস্ব প্রতিষ্ঠান।, (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## সব ধর্মের মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ বদ্ধপরিকর এসপি মাসুদ

সব ধর্মের মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশ পুলিশ বদ্ধপরিকর বলে মন্তব্য করেছেন চট্টগ্রামের পুলিশ সুপার (এসপি) মো. মাসুদ আলম। বুধবার (১ জুলাই) নগরের দুই নম্বর গেট এলাকায় জেলা পুলিশের সম্মেলন কক্ষে আয়োজিত মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সভায় চট্টগ্রাম জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন পূজা উদযাপন কমিটির নেতারা অংশ নেন। পুলিশ সুপার মো . মাসুদ আলম বলেন, সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা, ধর্মীয় স্বাধীনতা এবং নির্বিঘ্নে ধর্মীয় কার্যক্রম পালনের পরিবেশ নিশ্চিত করতে জেলা পুলিশ সব সময় কাজ করে যা চ্ছে। ধর্ম -বর্ণ নির্বিশেষে সব নাগরিকের জানমাল ও উপাসনালয়ের নিরাপত্তা নিশ্চিত করা বাংলাদেশ পুলিশের অন্যতম দায়িত্ব। তিনি প্রতিটি পূজামণ্ডপে নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা জোরদার , মানসম্মত সিসিটিভি ক্যামেরা স্থাপন এবং সেগুলো সচল রাখার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি গুজব ও অপ প্রচার প্রতিরোধ, স্বেচ্ছাসেবকদের সক্রিয় রাখা এবং যে কোনো পরিস্থিতিতে ধৈর্য ও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## শেখ হাসিনাকে দেশে ফেরানোর চেষ্টা চলছে পররাষ্ট্র প্রতিমন্ত্রী

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে বিচারের মুখোমুখি করতে সরকারের প্রচেষ্টা অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। বুধবার (১ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাম্প্রতিক বিভিন্ন ইস্যুতে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। শেখ হাসিনাকে ফেরানোর বিষয়ে জানতে চাইলে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, নতুন কোনো আপডেট নেই। বিষয়টি প্রক্রিয়াধীন আছে। তিনি বলেন, অবশ্যই একজন আসামি, যিনি অন্যায় করে, অপরাধ করে আরেক দেশে অবস্থান করছেন। যার বিচার হয়েছে, যিনি সাজাপ্রাপ্ত হয়েছেন, তাকে আমরা দেশে ফিরিয়ে এনে বাংলাদেশের মাটিতে সেই বিচার সম্পন্ন করতে চাই। বাংলাদেশের জনগণও সেটাই চায়। সেই লক্ষ্যেই কাজ চলছে। বিষয়টি প্রক্রিয়াধীন আছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## শুভেন্দু ও মানিক সাহার জন্য আম পাঠালো বাংলাদেশ

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডা. মানিক সাহার জন্য আম পাঠিয়েছে বাংলাদেশ সরকার। শুভেচ্ছা উপহার হিসেবে আম্রপালি ও হাঁড়িভাঙ্গা জাতের আম পাঠানো হয়েছে। মঙ্গলবার (৩০ জুন) বিকেলে যশোরের বেনাপোল ও ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর দিয়ে আমগুলো কলকাতায় নিযুক্ত বাংলাদেশ উপ-হাইকমিশন ও আগরতলায় নিযুক্ত বাংলাদেশের সহকারী হাইকমিশনের কাছে হস্তান্তর করা হয়। জানা গেছে, কলকাতার উপ-হাইকমিশনের জন্য ১০০ কার্টনে ৫ কেজি করে মোট ৫০০ কেজি এবং আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশনের জন্য ১২০ কার্টনে ৫ কেজি করে মোট ৬০০ কেজি আম পাঠানো হয়েছে। সব মিলিয়ে দুই রাজ্যের জন্য ১১০০ কেজি আম পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## ঝরে গেলো গণঅভ্যুত্থানের বছরে এসএসসি পাস ৫ লাখ শিক্ষার্থী

গণঅভ্যুত্থানের বছর ২০২৪ সালে এসএসসি ও সমমান পরীক্ষায় পাস করে ১৬ লাখ ৮১ হাজার ৬৮৮ জন শিক্ষার্থী। তাদের মধ্যে ১৪ লাখ ৯১ হাজার ৯৩২ জন শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ভর্তি হয়। নিয়মিত শিক্ষার্থী হিসেবে তারা রেজিস্ট্রেশন করে। তবে তাদের মধ্যে ৫ লাখ ৪৩ হাজার ৯৮৯ জন শিক্ষার্থী এ বছর এইচএসসি ও সমমান পরীক্ষায় বসছে না; শতাংশের হিসাবে যা ৩৬ দশমিক ৪৩ শতাংশ। দেশের ১১টি শিক্ষা বোর্ডের মোর্চা বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তথ্য বিশ্লেষণে ঝরে পড়ার এ তথ্য পাওয়া গেছে। বৃহস্পতিবার (২ জুলাই) থেকে শুরু হতে যাওয়া এইচএসসি ও সমমান পরীক্ষা নিয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে উদ্বেগও জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। রেজিস্ট্রেশন করেও এতসংখ্যক শিক্ষার্থী এইচএসসিতে বাদ পড়ার কারণ খোঁজার তাগিদ দিয়েছেন তিনি। শিক্ষাবিদরা বলছেন, প্রতি শিক্ষাবর্ষে ঝরে পড়ার চিত্র রয়েছে। তবে ২০২৪ সালে এসএসসি পাস করাদের মধ্যে ঝরে যাওয়ার হার বিগত বছরগুলোর তুলনায় বেশি। গণঅভ্যুত্থানের পর দেশের রাজনৈতিক অস্থিতিশীলতা, শিক্ষাঙ্গণের অস্থিরতা এবং তরুণদের অতিমাত্রায় রাজনীতিতে জড়িয়ে পড়াও এর পেছনে কারণ হিসেবে কাজ করতে পারে। পাশাপাশি সাবজেক্ট ম্যাপিংয়ের মাধ্যমে ফল প্রকাশও ঝরে পড়ার নেপথ্যে কাজ করতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## আইন সাংবাদিকতায় নৈতিকতা ও পেশাদরিত্ব বজায় রাখার আহ্বান রাষ্ট্রপতির

আইন সাংবাদিকতায় সর্বোচ্চ পেশাদারিত্ব, নৈতিক মান, সততা ও দায়িত্বশীলতা বজায় রেখে কাজ করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। বুধবার (১ জুলাই) বঙ্গভবনে ল, রিপোর্টার্স ফোরামের (এলআরএফ) সভাপতি হাসান জাবেদ ও সাধারণ সম্পাদক মনিরুজ্জামান মিশনের নেতৃত্বে ১২ সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাতে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, আইন সাংবাদিকতা বিচারব্যবস্থা ও জনগণের মধ্যে একটি গুরুত্বপূর্ণ সেতুবন্ধ। ল, রিপোর্টাররা আদালতের কার্যক্রম ও গুরুত্বপূর্ণ রায় সম্পর্কে বস্তুনিষ্ঠ ও নির্ভুল সংবাদ পরিবেশনের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। পাশাপাশি সহজ ভাষায় আইন বিষয়ে জনসচেতনতা তৈরিতেও তারা তাৎপর্যপূর্ণ অবদান রাখছেন। তিনি বলেন, সংবিধানের প্রাধান্য, আইনের শাসন এবং ন্যায়বিচার প্রতিষ্ঠা একটি গণতান্ত্রিক রাষ্ট্রের মৌলিক ভিত্তি। বর্তমান সরকার সংবিধানের আলোকে আইনের শাসন, ন্যায়বিচার, মানবাধিকার ও সুশাসন প্রতিষ্ঠা সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। বিচারব্যবস্থার আধুনিকায়ন এবং তথ্যপ্রযুক্তির ব্যবহার সম্প্রসারণেও বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। রাষ্ট্রপতি বলেন, বিচার বিভাগ, আইনজীবী, আইনবিষয়ক সাংবাদিক এবং সংশ্লিষ্ট সব অংশীজনের সম্মিলিত প্রচেষ্টা ও আন্তরিক অংশগ্রহণ নিশ্চিত করা গেলে ন্যায়বিচার প্রাপ্তি আরও সহজ ও ত্বরান্বিত হবে। তিনি আদালতের মর্যাদা ও বিচারাধীন বিষয়ের সংবেদনশীলতা অক্ষুণ্ণ রেখে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার জন্য আইন সাংবাদিকদের প্রতি আহ্বান জানান। একই সঙ্গে অপতথ্য, ভ্রান্ত তথ্য এবং সামাজিক যোগাযোগমাধ্যমে মিথ্যাচারের চ্যালেঞ্জ মোকাবিলায় সাংবাদিকদের আরও সচেতন ও সতর্ক থাকার আহ্বান জানান রাষ্ট্রপতি। এর আগে রাষ্ট্রপতি ল, রিপোর্টার্স ফোরামের রজতজয়ন্তী উপলক্ষে প্রকাশিত বিশেষ স্মরণিকার মোড়ক উন্মোচন করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## রাস্তার পাশ দিয়ে হেঁটে যাচ্ছিলেন যুবক, পেছন থেকে এসে প্রকাশ্যে গুলি

চট্টগ্রাম নগরের পাঁচলাইশ থানাধীন এলাকায় প্রকাশ্যে গুলি করে আজাদ (২৫) নামের এক যুবককে হত্যা করা হয়েছে। বুধবার (১ জুলাই) বিকেল পৌনে ৪টার দিকে পাঁচলাইশ মুরাদপু রের ফরেস্ট গেট এলাকায় এ ঘটনা ঘটে। নিহত আজাদ পাঁচলাইশের হামজারবাগ এলাকার হাকিম শাহ হুজুরের বাড়ির বাসিন্দা মো . রশীদের ছেলে। চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতাল সূত্র জানায়, বিকেলে রাস্তার পাশ দিয়ে হেঁটে যাচ্ছিলেন আজাদ। এসময় হঠাৎ সময় পেছন থেকে আসা অজ্ঞাতপরিচয় ব্যক্তিরা তাকে লক্ষ্য করে গুলি করে। পরে সঙ্গে থাকা অন্যরা তাকে দ্রুত উদ্ধার করে চট্টগ্রাম মেডিকে ল কলেজ হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) উত্তর বিভাগের উপকমিশনার মো. হাসান মোস্তফা স্বপন বলেন, মুরাদপুরের ফরেস্ট গেট এলাকায় গুলির ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তদন্ত শুরু করেছে। তিনি আরও বলেন , হত্যাকাণ্ডের কারণ ও এর সঙ্গে কারা জড়িত , তা এখনো নিশ্চিত হওয়া যায় নি। বিষয়টি গুরুত্বের সঙ্গে খতিয়ে দেখা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## স্মার্টকার্ড হাতে পেয়েছেন ৭ কোটি ৩৬ লাখ নাগরিক

৭ কোটি ৩৬ লাখ ৫৪১ জন নাগরিকের হাতে জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) স্মার্টকার্ড পৌঁছে দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। তবে দেশের ৪০৪টি থানার মধ্যে ১১৫টিতে এখনও স্মার্টকার্ড বিতরণ শুরু হয়নি। বুধবার (১ জুলাই) নির্বাচন কমিশনের এনআইডি শাখা এ তথ্য জানিয়েছে। ইসি জা নায়, গত মে মাস পর্যন্ত আঞ্চলিক কার্যালয়গুলোতে মোট ৮ কোটি ৭৫ লাখ ৭২ হাজার ৯৯৮ জনের স্মার্টকার্ড পাঠানো হয়েছে। এর মধ্যে ৭ কোটি ৩৬ লাখ ৫৪১ জনের কার্ড বিতরণ করা হয়েছে। বিতরণের অপেক্ষায় রয়েছে আরও ১ কোটি ৩৯ লাখ ২ হাজার ৪৫৭ জনের স্মার্টকার্ড। এ পর্যন্ত বিতরণের হার ৮৪ দশমিক ০৪ শতাংশ। ঢাকা, নারায়ণগঞ্জ, নওগাঁ, গাইবান্ধা, পঞ্চগড়, গোপালগঞ্জ, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল, ঝিনাইদহ, বরগুনা, ঝালকাঠি ও পিরোজপুর জেলার সব উপজেলায় স্মার্টকার্ড বিতরণ সম্পন্ন হয়েছে। বর্তমানে ইসির সার্ভারে ১২ কোটি ৮৩ লাখ ২৩ হাজার ২৪০ জন নাগরিকের তথ্য সংরক্ষিত রয়েছে। তাদের মধ্যে পুরুষ ৬ কোটি ৫২ লাখ ১২ হাজার ৭৩১ জন, নারী ৬ কোটি ৩১ লাখ ৯ হাজার ২৬৬ জন এবং তৃতীয় লিঙ্গের ১ হাজার ২৪৩ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## আমরা বলেছি সরকারি সুবিধা না নেওয়ার চেষ্টা করবো, তবে কেউ নিলে অপরাধ নয়

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা . শফিকুর রহমান বলেছেন , `নির্বাচনের সময় দেশবাসীর সামনে বলেছিলাম সরকারি সু যোগ সুবিধা যতটা না নিলে না হয় আমরা চেষ্টা করবো। কিন্তু কেউ যদি এটা নিতে চায় এখানে কোনো অপরাধ নাই। তা আমরা সেটা রক্ষা করে চলা র চেষ্টা করছি।, বুধবার (১ জুলাই) জাতীয় সংসদের এলডি হলে সাংবাদিকদের সঙ্গে বাজেট পরবর্তী মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। জামায়াতের আমির বলেন, `আমরা নির্বাচনের সময় দেশবাসীর সামনে ওয়াদা করেছিলাম , আমাদের কেউ নির্বাচিত হলে এমপি হোক মন্ত্রী হোক যাই হোক আমরা বিনা ট্যাক্সের গাড়ি কিনবো না। সরকারি কোনো প্লটের সুবিধা নেবো না। কিছু বন্ধু ওই গুড়ের সঙ্গে কিছু লবণ না ছিটাইলে আরাম পায় না।, তিনি বলেন, `আমরা যা বলেছি স্পষ্ট বলেছি, অস্পষ্ট কোনো কথা বলিনি। এখানে লাগায়ে দিছে ফ্ল্যাট নিবো না , এখন সরকারি ফ্ল্যাট এমপিদের জন্য ডেজিগনেটেড। এটা সরকারি দায়িত্ব পালনের জন্য। এটা কি সরকার আমাকে দিয়ে দিচ্ছে নাকি? ওইটা যত সময় সংসদ কার্যকর থাকবে তত সময় উনি এটা ব্যবহার করবেন। সরকারি দল, বিরোধীদল সবাই ব্যবহার করবে। যখন সংসদ বিলুপ্ত হয়ে যাবে তখন আর কেউ এক সেকেন্ড এখানে থাকার কোনো নৈতিক এবং বৈধ অধিকার নাই। ছেড়ে দিতে হবে। এটাকে নিয়ে আবার বিভিন্ন ধরনের জল ঘোলা করা হয়।, এসময় প্রবাসীদের পক্ষে সবসময় জোরালো বক্তব্য রাখার প্রত্যয় ব্যক্ত করে ডা . শফিকুর রহমান বলেন, `আমরা এই দাবি ইনশাআল্লাহ জোরালোভাবে উত্থাপন করবো সংসদে। প্রবাসীদের ভোগান্তি নিয়ে আমরা কথা বলেছি, আপনারা দেখেছেন আজ খবর পেলাম যে একদল আমার বিরুদ্ধে খেপে গেছে। আমি কেন বললাম মালয়েশিয়ায় ৮৫ হাজার টাকায় লোক পাঠাতে হবে। দালাল যারা তাদের আইনের আওতায় আনতে হবে। , (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## যুক্তরাষ্ট্র-সিঙ্গাপুর থেকে ১০৫২ কোটি টাকার গম কিনছে সরকার

যুক্তরাষ্ট্র ও সিঙ্গাপুর থেকে ২ লাখ ৭০ হাজার মেট্রিক টন গম আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। এতে মোট ব্যয় হবে ১ হাজার ৫২ কোটি ৪০ লাখ ৯৪ হাজার টাকা। এর মধ্যে যুক্তরাষ্ট্র থেকে ২ লাখ ২০ হাজার মেট্রিক টন এবং সিঙ্গাপুর থেকে ৫০ হাজার মেট্রিক টন গম আনা হবে। বুধবার (১ জুলাই) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্র য়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এই গম আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠক শেষে অর্থ মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে , খাদ্য মন্ত্রণালয়েল প্রস্তাবের পরিপ্রেক্ষিতে যুক্তরাষ্ট্র থেকে সরকার থেকে সরকার (জিটুজি) পদ্ধতিতে ২ লাখ ২০ লাখ মেট্রিক টন গম আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। প্রতি মেট্রিক টন গমের দাম ধরা হয়েছে ৩২২ মার্কিন ডলার। আর মোট মূল্য ধরা হয়েছে ৮৬৯ কোটি ৫৬ লাখ ১০ হাজার টাকা হবে। বৈঠকে খাদ্য মন্ত্রণালয়ের আর এক প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সিঙ্গাপুরের এগ্রোকর্প ইন্টারন্যাশনাল পিটিই লিমিটেড

থেকে ৫০ হাজার মেট্রিক টন গম আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্রের মাধ্যমে এই গম কেনার ব্যয় ধরা হয়েছে ১৮২ কোটি ৮৪ লাখ ৮৪ হাজার টাকা। প্রতি মেট্রিক টন গমের দাম ধরা হয়েছে ২৯৭.৯২ মার্কিন ডলার। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## আয় ও কনটেইনার হ্যান্ডলিং বেড়েছেচট্টগ্রাম বন্দরে

সদ্যবিদায়ী ২০২৫-২০২৬ অর্থবছরে চট্টগ্রাম বন্দরে কনটেইনার , কার্গো ও জাহাজ হ্যান্ডলিংয়ের পাশাপাশি রাজস্ব আয়ে নতুন রেকর্ড হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে (২৯ জুন পর্যন্ত) চট্টগ্রাম বন্দরে কনটেইনার হ্যান্ডলিং হয়েছে ৩৫ লাখ ৩১ হাজার ১১৮ টিইইউস (২০ ফুট দীর্ঘ একক)। যা গত ২০২৪-২৫ অর্থবছরে হ্যান্ডলিং হয়েছিল ৩২ লাখ ৯৬ হাজার ৬৭ টিইইউ,স। এক বছরের ব্যবধানে কনটেইনার হ্যান্ডলিং বেড়েছে ২ লাখ ৩৫ হাজার ৫১ টিইইউস। এতে বছরের ব্যবধানে কনটেইনার হ্যান্ডলিংয়ে ৭ দশমিক ১৩ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে দেশের প্রধান সমুদ্রবন্দরটিতে। ব ন্দর সূত্র জানিয়েছে, ২০২৫-২০২৬ অর্থবছরে একই সময়ে বাল্ক কার্গো হ্যান্ডলিং হয়েছে ১৩ কোটি ৮০ লাখ ৭২ হাজার ৮২৬ মেট্রিক টন, গত ২০২৪-২৫ অর্থবছরে হ্যান্ডলিং হয়েছিল ১৩ কোটি ৭ লাখ ২৪ হাজার ৭৮৩ মেট্রিক টন। এক বছরে বাল্ক কার্গো হ্যান্ডলিং বেড়েছে ৭৩ লাখ ৪৮ হাজার ৪৩ মেট্রিক টন। কার্গো হ্যান্ডলিংয়ে প্রবৃদ্ধি হয়েছে ৫ দশমিক ৬২ শতাংশ। অন্যদিকে ২০২৫-২৬ অর্থবছরের ২৯ জুন পর্যন্ত চট্টগ্রাম বন্দরে জাহাজ হ্যান্ডলিং হয়েছে ৪ হাজার ৩৩৬টি। আগের ২০২৪-২৫ অর্থবছরে হ্যান্ডলিং হয়েছে ৪ হাজার ৭৭টি জাহাজ। এতে এক বছরের তুলনায় ২৫৯টি জাহাজ বেশি হ্যান্ডলিং করেছে চট্টগ্রাম বন্দর। জাহাজ হ্যান্ডলিংয়ে বছরের ব্যবধানে ৬ দশমিক ৩৫ প্রবৃদ্ধি হয়েছে। আয়ের সূচকেও রেকর্ড প্রবৃদ্ধি হয়েছে চট্টগ্রাম বন্দরে। ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব আয় হয়েছে ৬ হাজার ৬২৯ কোটি ১৭ লাখ টাকা। আগের ২০২৪-২৫ অর্থবছরে আয় হয়েছিল ৫ হাজার ৩৬৬ কোটি ৪৯ লাখ টাকা। এতে প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ২৩ দশমিক ৫৩ শতাংশ। তবে রাজস্ব ব্যয়ের ক্ষেত্রে ঋণাত্মক প্রবৃদ্ধি হয়েছে। যা ইতিবাচক হিসেবেই দেখা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## সরকারি শিশু পরিবারে রাতে নিবাসীদের ভিডিও করেন সমাজসেবার ডিডি

চুয়াডাঙ্গা সরকারি শিশু পরিবার (বালিকা) ঘিরে ফের নানা অভিযোগ সামনে এসেছে। একসময় বিতর্কিত হয়ে বদলি হওয়া কম্পাউন্ডার রুহুল আমীন পুনরায় একই প্রতিষ্ঠানে যোগদানের পর আবাসিক ছাত্রীদের মধ্যে আতঙ্ক ও উদ্বেগ দেখা দিয়েছে। মড়ার ওপর খাঁড়ার ঘা হয়ে দাঁড়িয়েছেন চুয়াডাঙ্গা জেলা সমাজসে বা কার্যালয়ের উপপরিচালক (ডিডি) মো. জাকির হোসেন। হুটহাট সন্ধ্যা ও রাতে চুয়াডাঙ্গা সরকারি শিশু পরিবারে যাওয়া এবং মেয়েদের ডরমিটরিতে গিয়ে তাদের ভিডিও ধারণের অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে। বিতর্কিত কম্পাউন্ডারকে জেলা সমাজসেবা কার্যালয়ের প্রবেশন অফিস থেকে আবারও শিশু পরিবারে যোগদান করানো এবং সমাজসেবা কার্যালয়ের উপপরিচালকের এমন হুটহাট পরিদর্শনে উদ্বিগ্ন ছাত্রীরা। এছাড়া বর্তমান এই উপপরিচালকের বিরুদ্ধে নানা অভিযোগ রয়েছে। তিনি মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলায় সহকারী পরিচালক (এডি) হিসেবে দীর্ঘদিন কর্মরত ছিলেন। তখন তিনি তৎকা লীন আওয়ামী লীগ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের ঘনিষ্ঠ ছিলেন বলে অভিযোগ রয়েছে। পরবর্তীতে আওয়ামী লীগ সরকারের পতন হলে এডি থেকে ডিডি হিসেবে পদোন্নতি পেয়ে মাগুরায় পোস্টিং হয়। এরপর কয়েক মাস আগে চুয়াডাঙ্গায় পোস্টিং হয় জাকির হোসেনের। অনুসন্ধা নে জানা যায়, ২০২১ সালে কম্পাউন্ডার রুহুল আমীনের বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা , কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য , প্রতিষ্ঠানের শৃঙ্খলাভঙ্গ , সরকারি শিশু পরিবারের নিবাসীদের সঙ্গে অসদাচরণ ও অনৈতিক আচরণ , নিবাসীদের নিরাপত্তা ও স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত করার মতো কর্মকাণ্ড এবং দায়িত্বে অবহেলার কারণে এক নিবাসী কিশোরীর মৃত্যুর অভিযোগ উঠলে চুয়াডাঙ্গা থেকে হবিগঞ্জ সরকারি শিশু পরিবারে (বালক) বদলি করা হয়। পরে তিনি হবিগঞ্জে দেড় বছর ও পরবর্তীতে মেহেরপুরে শিশু পরিবারে দায়িত্ব পালন করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## স্কুল ফিডিংয়ের ডিম খেয়ে ১১ শিক্ষার্থী অসুস্থ

বাগেরহাটের শরণখোলায় স্কুল ফিডিংয়ের ডিম খেয়ে ১১ শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছে। পরে তাদের হাসপাতালে নেওয়া হয়। এ ঘটনায় শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। বুধবার (১ জুলাই) দুপুরে উপজেলার ৯৮ নম্বর পূর্ব ধানসাগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা ডিম খেলে এ ঘটনা ঘটে। পরে তাদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। অবশ্য সন্ধ্যা নাগাদ শিক্ষার্থীরা সুস্থ হয়ে যায়। বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুন নুর বলেন , `আজ ৫৫ শিক্ষার্থী স্কুল ফিডিংয়ের ডিম খায়। এদের মধ্যে ১১ জন পেটে প্রচণ্ড ব্যথা অনুভব করে। তা দের প্রথমে বিদ্যালয়ে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। পরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। , শরণখোলা উপজেলা শিক্ষা কর্মকর্তা মনির আহমেদ বলেন , `শিক্ষার্থীরা বর্তমানে সুস্থ রয়েছে। অসুস্থ হওয়ার সঙ্গে ডিমের কোনো সম্পর্ক রয়েছে কি-না, তা নিশ্চিত হতে তদন্ত করা হবে। তদন্তে ডিম সরবরাহে কোনো ত্রুটি বা অস্বাস্থ্যকর ডিম সরবরাহ হয়ে থাকলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। , খোঁজ নিয়ে জানা গেছে , `ওসাকা পাবনা, নামের একটি প্রতিষ্ঠান স্থানীয় মুকতি

নামের এক ব্যক্তির মাধ্যমে শরণখোলায় স্কুল ফিডিংয়ের খা বার সরবরাহ করে। তবে তাদের কারও যো গাযোগের নম্বর স্কুল কর্তৃপক্ষ সরবরাহ করতে পারেনি। ফলে এ ঘটনায় তাদের বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে মেট্রোরেলের যাত্রাবিরতি বন্ধ

ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রো স্টেশনে ট্রেনে র যাত্রাবিরতি (স্টপেজ) সাময়িকভাবে বন্ধ থাকবে বলে জানিয়েছে মেট্রোরেল নির্মাণ ও পরিচালনা প্রতিষ্ঠান ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। বুধবার (১ জুলাই) ডিএমটিসিএলের ভ্যারিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে এ তথ্য জানানো হয়। ওই পোস্টে বলা হয় , ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুরোধের পরিপ্রেক্ষিতে বুধবার (১ জুলাই) বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রো স্টেশনে ট্রেনের যাত্রাবিরতি (স্টপেজ) সাময়িকভাবে বন্ধ থাকবে। যাত্রীদের সাময়িক অসুবিধার জন্য ডিএমটিসিএল কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃ খিত। কিন্তু ঠিক কী কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ওই মেট্রো স্টেশন বন্ধ রাখতে ডিএমটিসিএলকে অনুরোধ জানিয়েছে, তা পোস্টে উল্লেখ করা হয়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## তেজগাঁও বিভাগে ডিএমপির অভিযানে গ্রেফতার ৬১

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত মোট ৬১ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (১ জুলাই) ডিএমপি মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ -পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তেজগাঁও বিভাগের বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন , মঙ্গলবার বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করে এই ব্যক্তিদের গ্রেফতার করা হয়। গ্রেফতারদের মধ্যে তেজগাঁও থানা ৯ জন, শেরেবাংলা নগর থানা ১৬ জন, মোহাম্মদপুর থানা ১৬ জন, আদাবর থানা ১০ জন, তেজগাঁও শিল্পাঞ্চল থানা ৪ জন ও হাতিরঝিল থা না পুলিশ ৬ জনকে গ্রেফতার করে। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## বাণিজ্য ও বিনিয়োগে সহযোগিতা আরও সম্প্রসারণে আগ্রহী মরক্কো

বাণিজ্য, বিনিয়োগ, ওষুধশিল্প, তৈরি পোশাক, পাট ও পাটজাত পণ্য, সামুদ্রিক খাত, জাহাজ নির্মাণ শিল্প এবং জনশক্তি খাতে সহযোগিতা আরও সম্প্রসারণে আগ্রহ প্রকাশ করেছে বাংলাদেশ ও মরক্কো। একই সঙ্গে ক্রীড়া , সংস্কৃতি, বিজ্ঞান ও প্রযুক্তি খাতে সহযোগিতা জোরদার এবং দুই দেশের জনগণের মধ্যে পারস্পরিক যোগাযোগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করা হয়েছে। বুধবার (১ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে বাংলাদেশে নবনিযুক্ত মরক্কোর রাষ্ট্রদূত লাল্লা বুতাইনা এল কেরদৌদি এল কৌলালির সৌজন্য সাক্ষাতে এস ব বিষয় নিয়ে আলোচনা হয়। বৈঠকে দুই দেশের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং ক্রমবর্ধমান দ্বিপক্ষীয় সহযোগিতার বিষয়টি পুনর্ব্যক্ত করা হয়। এ সময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী বাংলাদেশে নবনিযুক্ত মরক্কোর রাষ্ট্রদূতকে স্বাগত জানান এবং দুই দেশের বিদ্যমান সম্পর্ককে আরও শক্তিশালী করতে সরকারের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। সাক্ষাতে মরক্কোর রাষ্ট্রদূত বলেন, আফ্রিকা ও ইউরোপের বাজারে প্রবেশের ক্ষেত্রে মরক্কো একটি কৌশলগত কেন্দ্র (স্ট্র্যাটেজিক হাব)। এ সুযোগ কাজে লাগিয়ে বাংলাদেশ ও মরক্কোর মধ্যে তৈরি পোশাক , ওষুধশিল্প এবং সামুদ্রিক খাতে যৌথ বিনিয়োগ ও যৌথ উদ্যোগ (জয়েন্ট ভেঞ্চার) গড়ে তোলার প্রস্তাব দেন তিনি। রাষ্ট্রদূত আরও বলেন, দক্ষ ও আধা-দক্ষ জনশক্তি নিয়োগসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে সহযোগিতা আরও সম্প্রসারণে মরক্কো প্রতিশ্রুতিবদ্ধ। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম জনগণের মধ্যে পারস্পরিক যোগাযোগ (পিপল-টু-পিপল কনট্যাক্ট) বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি সাংস্কৃতিক ও ক্রীড়া বিনিময় কর্মসূচি সম্প্রসারণ , পারস্পরিক ভিসা অব্যাহতি চুক্তি (মিউচুয়াল ভিসা ওয়েভার অ্যাগ্রিমেন্ট) এবং নিয়মিত দ্বিপক্ষীয় সংলাপ ও উচ্চপর্যায়ের সফর বাড়ানোর প্রয়োজনীয়তার ওপর জোর দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## রাজধানীতে পুলিশের অভিযানে গ্রেফতার ৬৮

রাজধানীর বিভিন্ন এলাকায় ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) বিশেষ অভিযানে ৬৮ জনকে গ্রেফতার করা হয়েছে। বুধবার (১ জুলাই) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ -পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। নিয়াজ মেহেদী বলেন, মঙ্গলবার (৩০ জুন) দিনব্যাপী পরিচালিত অভিযানে গ্রেফতারদের মধ্যে চারজন তালিকাবহির্ভূত চাঁদাবাজ , সন্ত্রাসী, দস্যু, ছিনতাই ও ডাকাতি -সংশ্লিষ্ট অপরাধে জড়িত ৩৪ জন এবং মাদক কারবারে জড়িত ৩০ জন রয়েছেন। গ্রেফতারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## ধানমন্ডিতে শিক্ষার্থীদের নিরাপদ চলাচলে সড়কে উচ্ছেদ অভিযান

রাজধানীর ধানমন্ডিতে কাকলি হাই স্কুল অ্যান্ড কলেজের আশপাশে উচ্ছেদ অভিযান চালিয়েছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। শিক্ষার্থীদের নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে এবং জনসাধারণের অবাধ চলাচল সচল রাখতে ফুটপাত ও সড়কে এ অভিযান চালানো হয়। বুধবার (১ জুলাই) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আমিনুল ইসলামের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে স্কুলের আশপাশে অবস্থান নেওয়া বখাটেদের ছত্রভঙ্গ করে এলাকা থেকে সরিয়ে দেওয়া হয়। একই সঙ্গে ফুটপাত ও রাস্তার ওপর গড়ে ওঠা সব অবৈধ দোকানপাট ও অস্থায়ী স্থাপনা উচ্ছেদ করে রাস্তাটি সম্পূর্ণ পরিষ্কার করা হয়। ফুটপাত ও সড়ক অবৈধভাবে দখল করে ব্যবসা পরিচালনার দায়ে এ সময় ৫টি মামলা দায়েরের মাধ্যমে মোট ১০ হাজার ৩০০ টাকা জরিমানা আদায় করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## অর্থনৈতিক অঞ্চলের সংযোগ সড়ক উন্নয়নে ২৮১ কোটি টাকা ব্যয় অনুমোদন

'জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চলের সঙ্গে লক্ষ্মীপুর, নোয়াখালী ও ফেনী জেলার সংযোগকারী সড়ক যথাযথ মানে উন্নীতকরণ, প্রকল্পের পূর্তকাজে প্রায় ২৮১ কোটি (২৮০ কোটি ৯৯ লাখ ১৪ হাজার ৬৮৪ টাকা) টাকা ব্যয়ের সিদ্ধান্ত নিয়েছে সরকার। বুধবার (১ জুলাই) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়। বৈঠকে সূত্রে জানা যায়, 'জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চলের সঙ্গে লক্ষ্মীপুর, নোয়াখালী ও ফেনী জেলা সংযোগকারী সড়ক যথাযথ মানে উন্নীতকরণ, প্রকল্পের (প্যাকেজ-ডব্লিউপি-০১)- এর পূর্ত কাজ ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হলে সাতটি দরপ্রস্তাব জমা পড়ে। এর মধ্যে ৪টি দরপ্রস্তাব কারিগরিভাবে রেসপনসিভ বিবেচিত হয়। দরপত্রের সব প্রক্রিয়া শেষে টিসির সুপারিশে রেসপনসিভ সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান ঢাকার এম এ এইচ কন্সট্রাকশন লিমিটেডকে প্রকল্পটি বাস্তবায়নের কাজ দেওয়ার সিদ্ধান্ত হয়। এতে ব্যয় ধরা হয়েছে ১৩৪ কোটি ৫২ লাখ ৩ হাজার ৬৬৮ টাকা। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এ ব্যয়ের অনুমোদন দিয়েছে। বৈঠকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আর এক প্রস্তাবরে পরিপ্রেক্ষিতে, 'জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চলের সঙ্গে লক্ষ্মীপুর, নোয়াখালী ও ফেনী জেলা সংযোগকারী সড়ক যথাযথ মানে উন্নীতকরণ, প্রকল্পের (প্যাকেজ-ডব্লিউপি-০২)- এর পূর্ত কাজের ক্রয় প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## দেশের ৫০০ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫ হাজার সশস্ত্র আনসার মোতায়েন

দেশের উপজেলা পর্যায়ের স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে নিরাপত্তা জোরদার, দালালচক্র ও অনিয়ম প্রতিরোধ এবং সেবাগ্রহীতাদের জন্য নিরাপদ পরিবেশ নিশ্চিতে ৫০০ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫ হাজার সশস্ত্র আনসার সদস্য মোতায়েন করা হয়েছে। বুধবার (১ জুলাই) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদরদপ্তরে আয়োজিত অঙ্গীভূত আনসার সদস্যদের প্রয়োজনীয় দিকনির্দেশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ তথ্য জানান বাহিনীর অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মামুনূর রশিদ। ব্রিগেডিয়ার জেনারেল মামুনূর রশিদ বলেন, সরকারের জাতীয় নিরাপত্তা পরিকল্পনার অংশ হিসেবে প্রতিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১০ জন করে (একজন প্লাটুন কমান্ডার, একজন সহকারী প্লাটুন কমান্ডার এবং আটজন আনসার সদস্য) ২৪ ঘণ্টা পালাক্রমে দায়িত্ব পালন করবেন। স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে শৃঙ্খলা ও নিরাপত্তা বজায় রাখার পাশাপাশি জনগণের নির্বিঘ্ন সেবা নিশ্চিত করাই তাদের প্রধান দায়িত্ব হবে। উপস্থিত সদস্যদের উদ্দেশে তিনি বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সে দালালচক্র, অবৈধ অ্যাম্বুলেন্স বাণিজ্য, ওষুধ চক্র এবং অন্যান্য অপরাধমূলক কর্মকাণ্ড প্রতিরোধে কার্যকর ভূমিকা পালন করতে হবে। তিনি উল্লেখ করেন, দেশের বিভিন্ন সরকারি বিশেষায়িত হাসপাতাল ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে আনসার সদস্যরা এরই মধ্যে দক্ষতা, সততা ও পেশাদারত্বের মাধ্যমে প্রশংসা অর্জন করেছেন এবং নতুন দায়িত্ব পালনের ক্ষেত্রেও সেই ধারাবাহিকতা বজায় রাখতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## বাংলাদেশ ব্যাংকের কাছে সাবেক গভর্নর আতিউরের নথি চেয়েছে দুদক

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর আতিউর রহমানসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, ব্যাংকিং খাতে বিভিন্ন অনিয়ম, রিজার্ভ চুরি, হলমার্ক জালিয়াতি এবং এস আলম গ্রুপের ঋণ জালিয়াতির অভিযোগ বিষয়ে অনুসন্ধান শুরু করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এরই অংশ হিসেবে তিন সদস্যের একটি অনুসন্ধান দল গঠন করে বাংলাদেশ ব্যাংকের কাছে ২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ নথি ও তথ্য চেয়েছে সংস্থাটি। দুদকের তলবি চিঠিতে বলা হয়, সাবেক গভর্নর আতিউর রহমান ও অন্যদের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, বিভিন্ন অনিয়ম, ঋণ খেলাপিদের ছাড় দিয়ে নীতিমালা জারি, রিজার্ভ চুরি, হলমার্ক জালিয়াতি, এস আলম গ্রুপের ঋণ জালিয়াতিসহ বিভিন্ন ব্যাংকে ঋণ জালিয়াতির সুযোগ দিয়ে বিগত ১৫ বছরে ব্যাংক খাতকে ধ্বংস করার অভিযোগ রয়েছে। চিঠিতে আরও বলা হয়,

অভিযোগ অনুসন্ধানের জন্য দুদক উপপরিচালক মোমিনুল ইসলামকে প্রধান এবং উপপরিচালক রণজিৎ কুমার কর্মকার ও উপসহকারী পরিচালক ইয়াছিন মোল্লাকে সদস্য করে তিন সদস্যের অনুসন্ধান দল গঠন করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## সব ধরনের উগ্রবাদের বিরুদ্ধে সরকার দৃঢ়: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম বলেছেন , সরকার সব ধরনের সন্ত্রাসবাদ ও সহিংস উগ্রবাদের বিরুদ্ধে দৃঢ় অবস্থানে রয়েছে। এ ধরনের শক্তির বাংলাদেশে কোনো স্থান নেই। দেশের শান্তি ও স্থিতিশীলতা নষ্ট করার সুযোগ তাদের দেওয়া হবে না। বুধবার (১ জুলাই) হলি আর্টিসান বেকারিতে জঙ্গি হামলার দশম বার্ষিকী উপলক্ষ্যে নিজ বাসভবনে একটি স্মারক অনুষ্ঠানের আয়োজন করেন ঢাকায় নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত ড. আন্তোনিও আলেসান্দ্রো। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এ কথা বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। আজ সেই হামলার ১০ বছর পূর্ণ হলো। এক দশক আগের ভয়াবহ সেই হামলায় সাহসী যে মানুষগুলো প্রাণ দিয়েছিলেন , তাদের মনে রাখার আহ্বান জানান অনুষ্ঠানের অতিথিরা। শামা ওবায়েদ ইসলাম বলেন, আমরা শুধু তাদের (নিহত ব্যক্তিরা) স্মৃতির প্রতি নয়, তাদের পরিবারগুলোর সাহস, সহনশীলতা ও ঐক্যের প্রতিও শ্রদ্ধা জানাই। একজন মা ও অভিভাবক হিসেবে সন্তান ও পরিবারের সদস্য হারানো পরিবারগুলোর প্রতি আমার হৃদয়ের গভীর সহমর্মিতা রইল। তাদের স্মৃতি যেন ঘৃণা ও সংঘাতের বিরুদ্ধে আমাদের পথ দেখায়। মানবতা , সহমর্মিতা ও সহনশীলতার মূল্যবোধ আমরা যেন সবসময় ধরে রাখি। সন্ত্রাসবাদ নির্মূলে সরকার অঙ্গীকারের কথা উল্লেখ করে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন , যথাযথ আইনি প্রক্রিয়ার মাধ্যমে অপরাধীদের বিচারের আওতায় এনে জবাবদিহি নিশ্চিত করা হয়েছে। সরকার সব ধরনের সন্ত্রাসবাদ ও সহিংস উগ্রবাদের বিরুদ্ধে দৃঢ় অবস্থানে রয়েছে। এ ধরনের শক্তির বাংলাদেশে কোনো স্থান নেই। দেশের শান্তি ও স্থিতিশীলতা নষ্ট করার সুযোগ তাদের দেওয়া হবে না। এক দশক আগের এই জঙ্গি হামলায় নির্মমভাবে নিহত ইতালি ও জাপানের নাগরিকদের প্রসঙ্গ টানেন ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও আলেসান্দ্রো। তিনি বলেন, নিহতরা এসেছিলেন বিভিন্ন পটভূমি থেকে। তাদের অধিকাংশই তরুণ , মেধাবী ও ভবিষ্যৎ নিয়ে বড় স্বপ্ন দেখা মানুষ ছিলেন। তাদের প্রতি শ্রদ্ধা জানানো মানে বাংলাদেশের উন্নত সমাজ গঠনে তরুণদের ভূমিকার কথাও স্মরণ করা। হামলার সময় সাহসিকতার সঙ্গে দায়িত্ব পালন করা পুলিশ কর্মকর্তাদের প্রতিও তার শ্রদ্ধা। তারা মনে করিয়ে দেন , অন্যের নিরাপত্তা ও দেশের সুরক্ষার প্রশ্নে দায়িত্ববোধ কতটা গুরুত্বপূর্ণ। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ডিএসসিসির সড়ক ব্যবস্থাপনা নিয়ে সভা

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) সড়ক ব্যবস্থাপনা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান সভাপতিত্ব করেন। বুধবার (১ জুলাই) দুপুরে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে এ সভা অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি হাসান শিপলু এ তথ্য জানিয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## সরকারি ও বিরোধীদল ঐক্যবদ্ধভাবে উন্নয়ন কার্যক্রমে অংশীদার হবো

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম বলেছেন , সরকারি ও বিরোধীদল ঐক্যবদ্ধভাবে ঢাকা-১৫ আসনের সব উন্নয়ন কার্যক্রমে অংশীদার হবো এবং জনগণকে সঙ্গে নিয়ে সব সমস্যার সমাধান করে উন্নত ঢাকা গড়ে তুলবো। বুধবার (১ জুলাই) সকালে রাজধানীর পশ্চিম শেওড়াপাড়ায় এক মতবিনিময় সভায় তিনি এ কথা জানান। সভায় ঢাকা-১৫ আসনের সংসদ সদস্য ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান, ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মো. শফিকুল ইসলাম খান উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় স্থানীয় সরকার প্রতিমন্ত্রী বলেন, আমরা প্রধানমন্ত্রীর নির্দেশে এলাকার জনগণকে নিয়ে বিরোধীদলীয় নেতার মতবিনিময় সভায় এসেছি। তিনি এই এলাকার এমপি এবং ডিএনসিসি প্রশাসক এলাকার জনগণের সেবক। আমরা ঢাকা উত্তর সিটি করপোরেশনের পুরো টিমকে নিয়ে এসেছি জনগণের অভাব, অভিযোগ ও দুর্ভোগের কথা শুনতে। ডিএনসিসি প্রশাসক এখানকার জনগণের কথা শুনবেন এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। অগ্রাধিকার ভিত্তিতে পর্যায়ক্রমে ঢাকা-১৫ আসনের সকল সমস্যা সমাধান করা হবে। সভায় ডিএনসিসি প্রশাসক মো. শফিকুল ইসলাম খান বলেন , ঢাকা উত্তর সিটি করপোরেশন জনগণের সেবায় নিয়োজিত। ঢাকা উত্তর সিটি করপোরেশন প্রধানমন্ত্রীর নির্দেশনায় ক্লিন ঢাকা গ্রিন ঢাকা গড়ে তুলতে কাজ করে যাচ্ছে। তিনি বলেন , ঢাকা উত্তর সিটি করপোরেশন প্রতিনিয়ত বাসাবাড়ির বর্জ্য অপসারণ, ডেঙ্গু নিয়ন্ত্রণে বিভিন্ন কার্যক্রম, খাল পুনরুদ্ধার করে খাল সংস্কার, ড্রেন সংস্কার, রাস্তাঘাট সংস্কার, পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও বৃক্ষরোপণ অভিযানসহ সকল কার্যক্রম চালিয়ে যাচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## ড. আতিক মুজাহিদকে প্রধান করে এনসিপির কেন্দ্রীয় শৃঙ্খলা কমিটি

সাংগঠনিক শৃঙ্খলা সুসংহতকরণ এবং অভ্যন্তরীণ জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কেন্দ্রীয় শৃঙ্খলা কমিটি গঠন করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। কমিটির প্রধান করা হয়েছে দলের যুগ্ম আহ্বায়ক ও কুড়িগ্রাম -২ আসনের সংসদ সদস্য (এমপি) ড. আতিক মুজাহিদকে। উপ -প্রধানের দায়িত্ব পেয়েছেন অ্যাডভোকেট মুজাহিদুল ইসলাম শাহীন। বুধবার (১ জুলাই) দলের দপ্তর সেলের সদস্য সাদিয়া ফারজানা দিনা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। কমিটির সদস্যরা হলেন —মনিরা শারমিন, সুলতান মুহাম্মদ জাকারিয়া, আশরাফ উদ্দিন মাহদী, তানজিল মাহমুদ, অ্যাডভোকেট জাহিরুল ইসলাম মুসা, অ্যাডভোকেট হুমায়রা নূর, ফয়সাল মাহমুদ শান্ত, শারমিন ইরা, অ্যাডভোকেট আরমান হোসাইন, অ্যাডভোকেট মনজিলা জুমা, আব্দুল্লাহ আল ফয়সাল, মাহবুব আলম এবং তৌহিদ হোসেন মজুমদার। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## হামের উপসর্গ নিয়ে আরও এক শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে এক শিশুর মৃত্যু হয়েছে। এসময় হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে এক হাজার একশর বেশি শিশু। বুধবার (১ জুলাই) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, মঙ্গলবার সকাল ৮টা থেকে আজ বুধবার সকাল ৮টা পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ১৬৭ শিশু। এসময়ে নতুন করে হামের উপসর্গ দেখা গেছে ৯৫১ শিশুর শরীরে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে এক শিশুর মৃত্যু হয়েছে। তবে এ সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৬২৬ শিশুর। নিশ্চিত হামে আক্রান্ত হয়ে প্রাণ হারিয়েছে ৯৩ শিশু। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৭১৯ শিশু মারা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## মৃত্যুদণ্ড থেকে স্বামী, ৫ বছরের দণ্ড থেকে শাশুড়ি-দেবর খালাস

বরগুনায় যৌতুকের দাবিতে স্ত্রী হত্যা মামলায় বিচারিক আদালতে মৃত্যুদণ্ডপ্রাপ্ত স্বামী নূরুজ্জামানকে খালাস দিয়েছেন হাইকোর্ট। একইসঙ্গে পাঁচ বছর করে সশ্রম কারাদণ্ডপ্রাপ্ত শাশুড়ি ও দেবরকেও খালাস দিয়েছেন উচ্চ আদালত। মৃত্যুদণ্ড থেকে খালাস পাওয়া মো. নূরুজ্জামান পাথরঘাটা উপজেলার রায়হানপুর ইউনিয়নের সতকর গ্রামের আবদুল হামিদ দর্জির ছেলে। খালাস পাওয়া অন্য দুজন হলেন মো. নূরুজ্জামানের ভাই মো. রিয়াজ ও মা মোসা. আরবজান। ডেথ রেফারেন্স খারিজ এবং আসামিদের আপিল মঞ্জুর করে মঙ্গলবার (৩০ জুন) হাইকোর্টের বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর এবং বিচারপতি মো. নুরুল ইসলামের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই রায় দেন। আদালতে আসামিপক্ষে শুনানি করেন আইনজীবী মির্জা সালাহউদ্দিন আহমেদ ও মির্জা জিয়া উদ্দিন আহমেদ। এর আগে বরগুনায় যৌতুকের দাবিতে স্ত্রী হত্যা মামলায় স্বামী নূরুজ্জামানকে মৃত্যুদণ্ড ও এক লাখ টাকা জরিমানার রায় দিয়েছিলেন বিচারিক আদালত। পাশাপাশি নিহতের দেবর ও শাশুড়িকে পাঁচ বছর করে সশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও তিন মাসের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দিয়েছিলেন আদালত। ২০১৯ সালের ৯ এপ্রিল বরগুনায় নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. হাফিজুর রহমান এ রায় ঘোষণা করেন। মামলায় মোট ১৭ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ করা হয়। মামলা সূত্রে জানা যায়, পাথরঘাটা উপজেলার জ্ঞানপাড়া গ্রামের মো. রুস্তম আলী নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে ২০১০ সালের ২৫ আগস্ট ৯ জনের নাম উল্লেখ করে মামলা করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## জামিন নামঞ্জুর, রিমান্ড শেষে কারাগারে সাবেক এমপি নূর মোহাম্মদ

ঢাকার তেজগাঁও থানায় সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা মামলায় জামালপুর -১ (দেওয়ানগঞ্জ-বকশীগঞ্জ) আসনের সাবেক সংসদ সদস্য মো. নূর মোহাম্মদকে তিনদিনের রিমান্ড শেষে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে তার জামিন আবেদনও নাকচ করা হয়েছে। রিমান্ড শেষে বুধবার (১ জুলাই) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রাজু আহমেদের আদালতে তাকে হাজির করা হয়। শুনানি শেষে আদালত জামিন আবেদন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন। আদালতের প্রসিকিউশনের উপপরিদর্শক (এসআই) আরিফ রেজা বিষয়টি নিশ্চিত করেন। মামলার তথ্য অনুযায়ী, গত ২৭ জুন রাতে ঢাকার গুলশান এলাকা থেকে নূর মোহাম্মদকে গ্রেফতার করে ডিবি পুলিশ। পরদিন আদালতের অনুমতি নিয়ে তেজগাঁও থানায় সন্ত্রাসবিরোধী আইনে করা মামলায় তাকে তিন দিনের রিমান্ডে নেওয়া হয়। মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে, গত ১৮ জুন সকাল পৌনে ১০টার দিকে তেজগাঁও শিল্পাঞ্চল থানার মহাখালী বাস টার্মিনাল সংলগ্ন শহীদ তাজউদ্দীন আহমদ সরণিতে নিষিদ্ধ ঘোষিত একটি সংগঠনের ব্যানারে মিছিল বের করা হয়। ওই মিছিলে নূর মোহাম্মদসহ ৩০ থেকে ৩৫ জন অংশ নিয়েছিলেন। মামলায় আরও বলা হয়েছে, মিছিল চলাকালে রাষ্ট্রবিরোধী বিভিন্ন স্লোগান দেওয়া হয় এবং একপর্যায়ে ককটেল বিস্ফোরণের মাধ্যমে জনমনে আতঙ্ক সৃষ্টি করা হয়। পরে ঘটনাস্থল থেকে অবিস্ফোরিত ককটেল, ব্যানার, প্ল্যাকার্ড ও একটি মোবাইল ফোন

উদ্ধার করে পুলিশ। এ ঘটনার তদন্তের ধারাবাহিকতায় নূর মোহাম্মদকে সন্দেহভাজন হিসেবে গ্রেফতার করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## ঝালকাঠিতে হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি হাইকোর্টে খালাস

ঝালকাঠিতে ২০১৪ সালে নাসির উদ্দিন হত্যা মামলায় বিচারিক আদালতের দেওয়া পারুল বেগমের যাবজ্জীবন কারাদণ্ড এবং তার সঙ্গে পরকীয়া সম্পর্কে জড়িত বলে অভিযুক্ত খোকন হাওলাদারের মৃত্যুদণ্ড বাতিল করে দুজনকেই খালাস দিয়েছেন হাইকোর্ট। ডেথ রেফারেন্স খারিজ এবং আসামিদের আপিল মঞ্জুর করে বুধবার (১ জুলাই) বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর এবং বিচারপতি মো. নুরুল ইসলামের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই রায় দেন। আদালতে আসামিপক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির। মামলার নথি অনুযায়ী , ২০১৪ সালের ৬ ফেব্রুয়ারি মধ্যরাতে ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলার শৌলজালিয়া গ্রামের বাসিন্দা নাসির উদ্দিনকে তার স্ত্রী পারুল বেগম এবং তার সঙ্গে পরকীয়া সম্পর্কে জড়িত বলে অভিযোগ থাকা খোকন হাওলাদার গলাকেটে ও কুপিয়ে হত্যা করেন বলে অভিযোগ আনা হয়। ঘটনার পরদিন নিহতের ভাই সোহরাব হাওলাদার কাঁঠালিয়া থানায় হত্যা মামলা করেন। তদন্তের অংশ হিসেবে ওই বছরের ৭ ফেব্রুয়ারি পারুল বেগম এবং ৮ ফেব্রুয়ারি খোকন হাওলাদারকে গ্রেফতার করে পুলিশ। মামলার তদন্ত কর্মকর্তা, কাঁঠালিয়া থানার উপ-পরিদর্শক (এসআই) আবদুস সালাম ২০১৪ সালের ৩০ এপ্রিল দুই আসামির বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দাখিল করেন। পরবর্তী সময়ে ১৭ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ শেষে ২০১৮ সালের ১১ নভেম্বর ঝালকাঠির জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. ইখতিয়ারুল ইসলাম মল্লিক রায় ঘোষণা করেন। রায়ে খোকন হাওলাদারকে মৃত্যুদণ্ড এবং পারুল বেগমকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। খোকন হাওলাদারের বাড়ি ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলার পূর্ব কৈখালী গ্রামে এবং পারুল বেগমের বাড়ি একই উপজেলার শৌলজালিয়া গ্রামে। বিচারিক আদালতের রায়ের পর মৃত্যুদণ্ড অনুমোদনের জন্য মামলাটি হাইকোর্টে ডেথ রেফারেন্স হিসেবে পাঠানো হয়। একই সঙ্গে দণ্ডিত দুই আসামি রায়ের বিরুদ্ধে আপিল করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব

## গাঢ় নীল-হালকা জলপাই শার্ট ও খাকি প্যান্টে ফিরেছে পুলিশ

গাঢ় নীল ও হালকা জলপাই রঙয়ের শার্ট এবং খাকি রঙের প্যান্টে ফিরেছে পুলিশের পোশাক। বুধবার (১ জুলাই) নতুন পোশাক পরে দায়িত্ব পালন করতে দেখা গেছে পুলিশ সদস্যদের। নতুন পোশাক পরা একাধিক পুলিশ সদস্য জানান, নতুন পোশাকে ভালো লাগছে। আগের যে পোশাক ছিল সেটি বাংলাদেশ পুলিশের সঙ্গে মানানসই ছিল না। বুধবার রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) পরিচালিত পূর্বাচল নতুন শহর প্রকল্পে আইনশৃঙ্খলা ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে নবনির্মিত 'বরকাউ পুলিশ ক্যাম্প, উদ্বোধন অনুষ্ঠানে পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকিরকে গাঢ় নীল শার্টে এবং ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মোসলেহ উদ্দিন আহমদকে হালকা জলপাই রঙয়ের শার্টে দেখা যায়। তবে উভয়ের প্যান্টের রঙ ছিল এক 'খাকি'। এ বিষয়ে ডিএমপি মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী জাগো নিউজকে বলেন , আজকে থেকে নতুন পোশাক পরছে পুলিশ সদস্যরা। তবে সব সদস্যকে এখনও দেওয়া হয়নি। পর্যায়ক্রমে সব সদস্য এই পোশাক পাবেন। যারা নতুন ইউনিফর্ম পেয়েছেন তারা এরই মধ্যে নতুন ইউনিফর্মে দায়িত্ব পালন করতে শুরু করেছেন। গত মাসের ১৮ জুন পোশাকের রঙ পরিবর্তন করে প্রজ্ঞাপন জারি করে পুলিশ সদর দপ্তর। নতুন প্রজ্ঞাপনে পুলিশের শার্ট ও প্যান্টের পাশাপাশি জার্সি, কার্ডিগান, পুলওভার, জ্যাকেট, নারীদের পোশাক, মাথার আবরণ এবং পূর্ণহাতা পোশাকের রং–সংক্রান্ত বিধানেও পরিবর্তন আনা হয়েছে।

আগের বিধানে পুলিশের শার্টের রং ছিল আইরন বা লোহা-ধূসর, আর প্যান্টের রং ছিল কফি শেল বা কফি-বাদামি ধূসর। প্রজ্ঞাপনে বলা হয় , আগে লোহা-ধূসর রঙের শার্টের ওপর লোহা-ধূসর রঙের ফুলহাতা জার্সি , কার্ডিগান বা পুলওভার ব্যবহারের কথা ছিল। নতুন বিধানে সেটির পরিবর্তে নীল রঙের শার্টের ওপর গাঢ় নীল রঙের ফুলহাতা জার্সি, কার্ডিগান বা পুলওভার যুক্ত করা হয়েছে। প্রজ্ঞাপন অনুযায়ী , জেলা পুলিশ এবং এপিবিএন, এসপিবিএন, এসবি, সিআইডি ও র্যাব ছাড়া অন্যান্য ইউনিটের ক্ষেত্রে ট্রাউজার হবে খাকি রঙের টিসি টু ইল কাপড়ের। শার্ট হবে গাঢ় নীল রঙের টিসি প্লেইন ফেব্রিক কাপড়ের। শার্টের সামনে চারটি পকেট থাকবে। সামনের অংশে সমদূরত্বে সাতটি বোতাম থাকবে। প্রজ্ঞাপনে নারী পুলিশের পোশাকের বিষয়েও বিস্তারিত বলা হয়। নারী পুলিশ চাইলে শাড়ি পরতে পারবেন। জেলা পুলিশ ও অন্যান্য ইউনিটের ক্ষেত্রে গাঢ় নীল শাড়ির সঙ্গে গাঢ় নীল ব্লাউজ পরা যাবে। মহা নগর পুলিশের ক্ষেত্রে গাঢ় নীল শাড়ির সঙ্গে হালকা জলপাই রঙের ব্লাউজের কথা বলা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## সঞ্চয়পত্রের মুনাফায় পরিবর্তন আসছে না

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতায় পরিচালিত সঞ্চয় কর্মসূচির মুনাফা অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ফলে আগামী ছয় মাস আগের হারেই মুনাফা পাবেন সঞ্চয়পত্রের বিনিয়োগকারীরা। এর ফলে স্কিমের ধরন অনুযায়ী মুনাফার সর্বোচ্চ হার হবে ১১.৮২ শতাংশ থেকে ১১.৯৮ শতাংশ পর্যন্ত। অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে ,

সঞ্চয়পত্রের মুনাফার হার বছরে দু -বার নির্ধারণ করা হয়। প্রথম দফায় ১ জানুয়ারি থেকে ৩০ জুন পর্যন্ত এবং দ্বিতীয় দফায় ১ জুলাই থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত। তবে চলতি বছরে সঞ্চয়পত্রের মুনাফায় কোনো পরিবর্তন আনা হয়নি। ২০২৫ সালের ১ জুলাই থেকে কার্যকর হওয়া মুনাফার হার বহাল রয়েছে। এর আগে চলতি বছরের ১ জানুয়ারি থেকে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতায় পরিচালিত পাঁচটি সঞ্চয় কর্মসূচির মুনাফার হার কমানোর সিদ্ধান্ত নেওয়া হয়। তবে চারদিনের মাথায় সেই সিদ্ধান্ত বাতিল করে আগের মুনাফার হার কার্যকর করার সিদ্ধান্ত নেয় সরকার। আর চলতি বছরের শেষ ৬ মাসের জন্যও মুনাফার হার অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সঞ্চয় বিভাগ থেকে ১ জুলাই থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত সময়ের মুনাফার হার পু নঃনির্ধারণ করার উদ্যোগ নেওয়া হয়। তবে শীর্ষ পর্যায় থেকে মুনাফার হার অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ফলে নতুন করে মুনাফার নির্ধারণ করা হয়নি। যোগাযোগ করা হলে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সহকারী সচিব মোহাম্মদ মোবারক হোসেন জাগো নিউজকে বলেন , সঞ্চয়পত্রের মুনাফায় হার অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ফলে বিনিয়োগকারীরা আগের হারেই মুনাফা পাবেন। এদিকে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী সঞ্চয়পত্রের বিনিয়োগকারীদের দুটি ধাপ নির্ধারণ করা হয়েছে। একটি ধাপে ৭ লাখ ৫০ হাজার টাকার নিচের বিনিয়োগকারী। অন্য ধাপটি হলো ৭ লাখ ৫০ হাজার টাকার ওপরের বিনিয়োগকারী। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## এভারকেয়ারে নজরুল ইসলাম খান, ভিড় না করার অনুরোধ চিকিৎসকদের

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা নজরুল ইসলাম খান রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি হয়েছেন। চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী আপাতত তার সঙ্গে সাক্ষাৎ না করার অনুরোধ জানানো হয়েছে। বুধবার (১ জুলাই) বিএনপি মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানান। তিনি বলেন, নজরুল ইসলাম খান গত ২৫ জুন সিঙ্গাপুর থেকে ঢাকায় ফেরেন। পরে গতকাল ৩০ জুন তাকে বসুন্ধরা আবাসিক এলাকার এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। আজ হাসপাতালে তাকে দেখতে যান সংসদ সদস্য অ্যাডভোকেট শামসুর রহমা ন শিমুল বিশ্বাস। এসময় তার সঙ্গে শায়রুল কবির খান ছিলেন। তিনি জানান, শিমুল বিশ্বাস চিকিৎসকদের সঙ্গে কথা বলেছেন। শায়রুল কবির খানের ভাষ্য অনুযায়ী , নজরুল ইসলাম খানের কাছে সাক্ষাৎপ্রার্থীদের না যাওয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে চিকিৎসকদের পক্ষ থেকে। তবে তার বর্ত মান শারীরিক অবস্থা, অসুস্থতার কারণ বা চিকিৎসা বিষয়ে বিস্তারিত কোনো তথ্য জানানো হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## পূর্বাচলকে ঢাকায় অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত

পূর্বাচল নতুন শহর প্রকল্পের পুরো এলাকা ঢাকা জেলার অন্তর্ভুক্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত নি য়েছে সরকার। বুধবার (১ জুলাই) প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সচিবালয়ে অনুষ্ঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) ১২১তম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে নতুন তিনটি উপজেলা গঠনসহ মোট ছয়টি প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এর মধ্যে পাঁচটি প্রস্তাব অনুমোদন পেয়েছে বলে প্রধানমন্ত্রীর উপ -প্রেস সচিব মোস্তফা জুলফিকার হাসান (হাসান শিপলু) নিশ্চিত করেছেন। মন্ত্রিপরিষদ বিভাগ সূত্র জানায়, পূর্বাচল নতুন শহর প্রকল্পের বড় একটি অংশ নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলায় এবং অন্য অংশ গাজীপুরে র কালীগঞ্জ উপজেলায় অবস্থিত। তিন জেলায় বিভক্ত থাকায় প্রকল্পটির প্রশাসনিক কার্যক্রম পরিচালনায় দীর্ঘদিন ধরে জটিলতা তৈরি হচ্ছিল। এ সমস্যা দূর করতে প্রকল্পের পুরো এলাকা ঢাকা জেলার অন্তর্ভুক্ত করার প্রস্তাব দেয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। নিকার সভায় সেই প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। একই সভায় চট্টগ্রামের হাটহাজারী থানাকে বিভক্ত করে ‘হালদা থানা, প্রতিষ্ঠার প্রস্তাবও অনুমোদন পেয়েছে। অন্যদিকে, সড়ক ও জনপথ অধিদপ্তরের পু নর্গঠনের অংশ হিসেবে বগুড়া, গাইবান্ধা, জয়পুরহাট, নওগাঁ ও সিরাজগঞ্জ—এই পাঁচটি সড়ক বিভাগ নিয়ে বগুড়ায় একটি স্বতন্ত্র সড়ক জোন প্রতিষ্ঠার প্রস্তাবও নিকার সভায় উপস্থাপন করা হয়। তবে এটি নিকারের এখতিয়ারভুক্ত নয় উল্লেখ করে প্রস্তাবটি প্রত্যাহার করা হয়েছে বলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সূত্র জানিয়েছে। সূত্রটি আরও জানায়, বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসনিক সিদ্ধান্তের আওতাভুক্ত। তাই এ বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ নিজস্ব প্রক্রিয়ায় পরবর্তী সিদ্ধান্ত নেবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## মাদরাসা শিক্ষার্থীদের নিয়ে হবে জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা

মাদরাসা শিক্ষার্থীদের খেলাধুলায় আরও সম্পৃক্ত করতে জাতীয় পর্যায়ে পৃথক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। একই সঙ্গে দেশের প্রতিটি ইউনিয়নে ৮ বিঘা জমির ওপর খেলার মাঠ নির্মাণ , সাপ্তাহিক ছুটির দিনে প্রাথমিক বিদ্যালয়ের মাঠ খেলাধুলার জন্য উন্মুক্ত রাখা এবং সিটি করপোরেশন এলাকায় প্রতি দুইটি ওয়ার্ডে একটি করে ফুটসাল মাঠ নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। সম্প্রতি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক আন্তঃমন্ত্রণালয় সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সভাপতিত্ব করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক। সভার কার্যবিবরণী থেকে এ সব তথ্য জানা গেছে। সভায় প্রতিমন্ত্রী বলেন , নির্বাচনি ইশতেহারে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসেবে দেশের মহানগর থেকে গ্রামীণ জনপদ পর্যন্ত পর্যাপ্ত খেলার মাঠ গড়ে তোলা জরুরি। নতুন প্রজন্মকে মোবাইল ফোন ,

ইন্টারনেট ও মাদকের আসক্তি থেকে দূরে রেখে তাদের শারীরিক ও মানসিক বিকাশ নিশ্চিত করতে বিদ্যমান মাঠ সংস্কার, নতুন মাঠ নির্মাণ এবং ক্রীড়া অবকাঠামো সম্প্রসারণের ওপর গুরুত্ব দেওয়া হয়। সভায় যুব ও ক্রীড়া সচিব জানান, সরকারের ১৮০ দিনের কর্মপরিকল্পনার অংশ হিসেবে সম্ভাব্য খেলার মাঠ চিহ্নিত করার কার্য ক্রম চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## পূর্বাচলে ৪ থানা, ৬ তদন্ত কেন্দ্র ও ৪১ পুলিশ বক্স হবে: আইজিপি

পূর্বাচল নতুন শহর প্রকল্প প্রকৃত অর্থেই নতুন ঢাকা হবে বলে জানিয়েছেন বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো.আলী হোসেন ফকির। সেখানে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অধীনে ৪টি থানা, ৬টি তদন্ত কেন্দ্র, ২টি পুলিশ লাইনস , ৩টি উপ-পুলিশ কমিশনার (ডিসি) কার্যালয় এবং ৪১টি পুলিশ বক্স স্থাপনের প্রক্রিয়াও চলমান। বুধবার (১ জুলাই) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) পরিচালিত পূর্বাচল নতুন শহর প্রকল্পে আইন-শৃঙ্খলা ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে নবনির্মিত বরকাউ পুলিশ ক্যাম্প , উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। মো.আলী হোসেন ফকির বলেন , পূর্বাচল নতুন শহর প্রকল্পে পুলিশের কার্যক্রমের আনুষ্ঠানিক সূচনা হলো বরকাউ পুলিশ ক্যাম্প উদ্বোধনের মাধ্যমে। পূর্বাচলকে পরিকল্পিত , নিরাপদ ও আধুনিক নগরী হিসেবে গড়ে তুলতে এই ক্যাম্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আইন -শৃঙ্খলা পরিস্থিতি উন্নতির লক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন পূর্বাচল নতুন শহর প্রকল্প এলাকায় ডিএমপির মোট ৪টি থানা, ৬টি তদন্ত কেন্দ্র এবং ২টি পুলিশ লাইনস স্থাপনের জন্য সরকার কর্তৃক নীতিগত সিদ্ধা ন্ত গৃহীত হয়েছে। এছাড়াও ৩টি ডিসি অফিস স্থাপনের কার্যক্রম চলমান। পাশাপাশি পূর্বাচল নতুন শহর প্রকল্পের বিভিন্ন সেক্টরে ৪১টি পুলিশ বক্স স্থাপনের প্রক্রিয়াও চলমান। তিনি বলেন , পূর্বাচল আবাসিক প্রকল্পের নিরাপত্তা ও আইন -শৃঙ্খলাকে গুরুত্ব দিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণা লয় থানাগুলো ও তদন্তকেন্দ্র স্থাপনের প্রশাসনিক অনুমোদন দেয়। পরবর্তীতে রাজউক পর্যায়ক্রমে বাংলাদেশ পুলিশের অনুকূলে ২৯.২১ একর জমি বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত দেয়। যার মধ্যে ১৮.৬৩ একর জমির দলিল রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। বাকি জমির রেজিস্ট্রেশন প্রক্রিয়াধীন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## জুলাই সনদ ও গণভোটের রায় বাস্তবায়ন করতে হবে নাহিদ ইসলাম

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন , শুধু নামকাওয়াস্তে জুলাই গণঅভ্যুত্থান পালন করলে চলবে না। জুলাই সনদ ও গণভোটের রায় বাস্তবা য়ন করতে হবে। রাষ্ট্র কাঠামোর সংস্কার করতে হবে। বুধবার (১ জুলাই) দুপুরে রাজধানীর রায়েরবাজারে জুলাই আন্দোলনে নিহতদের কবর জিয়ারত শেষে সাংবাদিকদের ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। তিনি বলেন , জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী উপল ক্ষ্যে সরকার এখনও কোনো কর্মসূচি ঘোষণা করেনি। তবে সরকার দ্রুতই কর্মসূচি ঘোষণা করবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। তিনি আরও ব লেন, হাসানুল হক ইনু ছিলেন শেখ হাসিনার অন্যতম সহযোগী। তার ১০ বছরের সাজা যথেষ্ট নয়। আপিলের মাধ্যমে তার আরও কঠোর শাস্তির প্রত্যাশা করছি। নাহিদ ইসলাম বলেন , জুলাই হত্যা মামলার তদন্ত ও বিচার ধীরগতিতে চলছে। এ প্রক্রিয়া আরও দ্রুত করতে হবে। ওসমান হাদির হত্যাকারীদের দেশে ফিরিয়ে আনতে হবে। শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে ফাঁসির রায় কার্যকর করতে হবে। তিনি বলেন , ৫ আগস্টের মধ্যে জুলাই স্মৃতি জাদুঘর খুলে দিতে হবে। অন্যথায় জনগণ নিজেরাই জাদুঘর খুলে প্রবেশ করবে। এসময় আরও উপস্থিত ছিলেন এনসিপির সদস্য সচিব ও সংসদ সদস্য আখতার হোসেন , মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী , দক্ষিণাঞ্চলীয় মুখ্য সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহ এমপি , উত্তরাঞ্চলীয় মুখ্য সমন্বয়ক সারজিস আলম , যুগ্ম আহ্বায়ক তারিকুল ইসলাম , যুগ্ম সদস্য সচিব আবদুল্লাহ আল আমিন, আকরাম হুসাইনসহ দলের শীর্ষ নেতারা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## সীমান্ত পাহারার চেয়েও এখন সাইবার নিরাপত্তা বেশি জরুরি তথ্য ও সম্প্রচারমন্ত্রী

সীমান্ত পাহারার চেয়েও এখন সাইবার নিরাপত্তা বেশি জরুরি বলে মন্তব্য করেছেন তথ্য ও স ম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, আধুনিক যুগে নিরাপত্তার সনাতন ধারণা গুণগতভাবেই পরিবর্তিত হয়ে গেছে। এখন কোনো বড় ব্যবসা প্রতিষ্ঠানের সিন্দুক পাহারা দেওয়ার চেয়ে তার কম্পিউটারকে হ্যাকারমুক্ত রাখা এবং হাজার মাইলের সীমান্ত পাহারার চেয়েও সাইবার নিরাপ ত্তা নিশ্চিত করা অনেক বেশি জরুরি। বুধবার (১ জুলাই) রাজধানীর খিলগাঁওয়ে আনসার ও ভিডিপি সদর দপ্তরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মিডিয়া সেল প্রান্তিক কণ্ঠস্বর,-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন , যুদ্ধ কেবলই সমরাস্ত্রের বিষয় নয় , যোগাযোগ কেবলই মানুষের কণ্ঠস্বর বিনিময় করা নয়। কেন্দ্রীয় ব্যাংকের তহবিল চুরির ঘটনা আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে- ডিজিটাল কারসাজির মাধ্যমে কীভাবে নিরাপত্তা বিঘ্নিত হতে পারে। মন্ত্রী এসময় বাহিনীর ৬০ লাখ জনবলকে প্রচলিত ধারণায় আটকে না রেখে সময়োপযোগী ও আধুনিক চিন্তার মাধ্যমে দেশের কাজে লাগানোর এই উদ্ভাবনী প্রয়াসের প্রশংসা করেন। তথ্যমন্ত্রী বলেন, সরকারের তথ্য ব্যবস্থাপনার পরিকল্পনার একটি বড় অংশ হবে আনসার বাহিনীর তৈরি এই প্রান্তিক কণ্ঠস্বর ডিজিটাল প্ল্যাটফর্ম। অ্যানালগ ও ডিজিটাল পদ্ধ তির পার্থক্য বুঝতে পেরে

নতুন বাস্তবতার সঙ্গে খাপ খাইয়ে ডিজিটাল লিডারশিপ গ্রহণ করার জন্য বাহিনীর নেতৃত্বের প্রতি তিনি সাধুবাদ জানান। প্রযুক্তির চলমান পরিবর্তনের ধারাকে ডাইনামিক বা গতিশীল উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন , এই প্রযুক্তিগত বাস্তবতায় জ্ঞান ও মনোজগত কে স্থিতিশীল রাখার কোনো সুযোগ নেই। প্রতি মুহূর্তেই আমাদের চিন্তার দিক থেকে গতিশীল থাকতে হবে এবং চলমান আপগ্রেডিং সিস্টেমের মধ্যে থাকতে হবে। তা না হলে আজ যিনি আধুনিক , আগামীকালই তিনি অচল হয়ে যেতে পারেন। প্রান্তিক কণ্ঠস্বর প্ল্যাটফর্মটিকে অন্যান্য সরকারি দপ্তরে র জন্য একটি শিক্ষণীয় দৃষ্টান্ত হিসেবে তুলে ধরার প্রত্যয় ব্যক্ত করেন তথ্যমন্ত্রী। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে রাখেন সড়ক পরিবহন ও রেলপথ প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল সাজ্জাদ মাহমুদ। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## নানা আয়োজনে জুলাই বিপ্লবকে স্মরণ করছে `জুলাই ঐক্য চট্টগ্রাম,

জুলাই গণঅভ্যুত্থানের স্মৃতি সংরক্ষণ , সৃজনশীল প্রতিভার বিকাশ , সামাজিক ঐক্য জোরদার এবং শহীদ ও আহত পরিবারের প্রতি সম্মান জানাতে মাসব্যাপী বিভিন্ন কর্মসূচি ঘোষণা করেছে `জুলাই ঐক্য চট্টগ্রাম,। মঙ্গলবার (৩০ জুন) সংগঠনটির পক্ষ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কর্মসূচির ঘোষণা দেওয়া হয়। জানা গেছে , ১ থেকে ১৫ জুলাই `জুলাই স্মৃতি লিখন প্রতিযোগিতা, এবং ১ থেকে ২০ জুলাই `জুলাই শর্ট ভিডিওগ্রাফি প্রতিযোগিতা,র আয়োজন করা হয়েছে। এ ছাড়া ১৬ জুলাই `জুলাই এক্সিবিশন,, ১৭ জুলাই `বাঙালির আজাদীর লড়াই , শীর্ষক জুলাই সিম্পোজিয়াম এবং ২৪ জুলাই `জুলাই কনসার্ট, অনুষ্ঠিত হবে। সংগঠনটি জানায় , ৫ থেকে ২৮ জুলাই পর্যন্ত শহীদ পরিবারের সদস্য ও আহতদের সঙ্গে সাক্ষাৎ এবং উপহার প্রদান কর্মসূচি পালন করা হবে। পাশাপাশি মাসব্যাপী বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কার বিতরণ করা হবে ৩১ জুলাই। এ ছাড়া `শ্রমিকদের চোখে জুলাই , শীর্ষক একটি বিশেষ আয়োজন এবং `বীর চট্টলা, শীর্ষক একটি প্রামাণ্যচিত্রও প্রকাশের পরিকল্পনা রয়েছে। সংগঠনের পক্ষ থেকে জানানো হয়, এসব কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন ও প্রচারে গণমাধ্যমসহ সবার সহযোগিতা কামনা করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## জুন মাসে ঢাকায় বিশেষ অভিযানে গ্রেফতার ২৩১৪

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) বিভিন্ন ইউনিটের পরিচালিত বিশেষ অভিযানে রাজধানীর বিভিন্ন এলাকা থেকে বিভিন্ন অপরাধে জড়িত অভিযোগে মোট ২ হাজার ৩১৪ জনকে গ্রেফতার করা হয়েছে। বুধবার (১ জুলাই) ডিএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তিনি জানান , গত ১ জুন থেকে ৩০ জুন পর্যন্ত পরিচালিত এ অভিযানে গ্রেফতারদের মধ্যে ৭১ জন তালিকাবহির্ভূত। এছা ড়া সন্ত্রাসী, দস্যু, ছিনতাইকারী ও ডাকাতি সংশ্লিষ্ট অপরাধে জড়িত ৭৯৭ জন এবং মাদক কারবারে জড়িত ১৪৪৬ জনসহ মোট ২৩১৪ জনকে গ্রেফতার করা হয়। জননিরাপত্তা ও আইন -শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। গ্রেফতারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়েছে বলেও জানিয়েছেন ডিএমপির এই কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## কম্বোডিয়ার সাইবার স্ক্যাম কম্পাউন্ড থেকে ফিরলেন আরও১০৯ বাংলাদেশি

কম্বোডিয়ার বিভিন্ন সাইবার স্ক্যাম কম্পাউন্ড থেকে উদ্ধার হওয়া আরও ১০৯ বাংলাদেশি দেশে ফিরেছেন। মঙ্গলবার দিনগত রাত ১টা ২৫ মিনিটে থাই এয়ারওয়েজের একটি ফ্লাইটে ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তারা। এর মাধ্যমে গত চার দিনে দেশে ফিরেছেন মোট ৩৬২ জন। আর শুধু জুন মাসেই কম্বোডিয়া থেকে ফিরেছেন মোট ৫৮৩ জন বাংলাদেশি ভুক্তভোগী। দেশে ফিরে আসা প্রত্যেককে বি মানবন্দরে সিভিল অ্যাভিয়েশন সিকিউরিটি , প্রবাসী কল্যাণ ডেস্ক এবং ব্র্যাকের মাইগ্রেশন প্রোগ্রামের যৌথ উদ্যোগে জরুরি সহায়তা , কাউন্সেলিং এবং নিজ নিজ বাড়িতে পৌঁছানোর জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। বুধবার (১ জুলাই) এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানায় ব্র্যা ক মাইগ্রেশন প্রোগ্রাম। লক্ষ্মীপুর জেলার এক ভুক্তভোগী জানান, একটি রিক্রুটিং এজেন্সি ও দালাল চক্র তাকে কম্বোডিয়ায় একটি প্রতিষ্ঠানে কম্পিউটার অপারেটর হিসেবে চাকরির প্রতিশ্রুতি দেয়। এ জন্য তার কাছ থেকে ৫ লাখ ৩০ হাজার টাকা নেওয়া হয় এবং বিএমইটির ছাড়পত্রও সংগ্রহ করা হয়। কিন্তু কম্বোডিয়ায় পৌঁছে তিনি মাত্র এক মাসের ভিজিট ভিসা পান। বিমানবন্দর থেকে তাকে গ্রহণ করে বাংলাদেশি দালালরা। পরে আর কোনো বৈধ কর্মভিসা দেওয়া হয়নি। বরং টাকার বিনিময়ে তাকে একটি সাইবার স্ক্যাম কম্পাউন্ডে বিক্রি করে দেওয়া হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## ১২ লাখ ৬৭ হাজার শিক্ষার্থী অংশ নিচ্ছেন বৃহস্পতিবার

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল বৃহস্পতিবার (২ জুলাই)। এবার পরীক্ষায় অংশ নিচ্ছেন ১২ লাখ ৬৭ হাজার শিক্ষার্থী। জানা গেছে , প্রথমদিনে দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে বাংলা প্রথমপত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাদরাসা বোর্ডের অধীনে আলিমে কোরআন মাজিদ এবং কারিগরি বোর্ডে এইচএসসির

(বিএমটি) বাংলা-২ বিষয়ের পরীক্ষা নেওয়া হবে। সব বোর্ডে সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হয়ে চলবে দুপুর ১টা পর্যন্ত। তবে পরীক্ষার্থীদের অবশ্যই ৩০ মিনিট আগেই কে ন্দ্রে প্রবেশ করতে হবে। এ বছর নিয়মিত ও অনিয়মিত মিলিয়ে ১১টি শিক্ষা বোর্ডে পরীক্ষায় অংশ নিতে ফরম পূরণ করেছেন ১২ লাখ ৬৭ হাজার ৪৮৬ জন পরীক্ষার্থী। সারা দেশের দুই হাজার ৬৯৭টি পরীক্ষা কেন্দ্রে তারা পরীক্ষায় অংশ নেবেন। বোর্ডভিত্তিক হিসাবে সবচেয়ে বেশি পরীক্ষার্থী ঢাকা বোর্ডে। এ বোর্ডে ৩১০টি কেন্দ্রে এইচএসসি পরীক্ষা দেবেন তিন লাখ ৩৯৩ জন। রাজশাহী বোর্ডে ২০৮টি কেন্দ্রে পরীক্ষার্থী এক লাখ ৪০ হাজার ৮৩০ জন, দিনাজপুরে ২১২টি কেন্দ্রে এক লাখ ১৩ হাজার ৪৭৯ জন, যশোর বোর্ডে ২৪০টি পরীক্ষা কেন্দ্রে এক লাখ ১৭ হাজার ২১০ জন। চট্টগ্রামের ১১৪টি কেন্দ্রে এবার পরীক্ষার্থীর সংখ্যা ৯৯ হাজার ৬৮৮ জন, সিলেটের ৯৬টি কেন্দ্রে ৭১ হাজার ৭১১ জন, কুমিল্লার ১৯৩টি কেন্দ্রে ৯৪ হাজার ৮০২ জন, ময়মনসিংহের ১১১টি কেন্দ্রে ৭৩ হাজার ৩৭ জন এবং বরিশালের ১৪২টি পরীক্ষা কেন্দ্রে ৫৮ হাজার ৬৬৪ জন পরীক্ষার্থী রয়েছে। এছাড়া বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে এ বছর সারা দেশে ৪৬১টি পরীক্ষা কেন্দ্রে মোট ৯২ হাজার ৯০৫ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবেন। আর কারিগরি বোর্ডের অধীনে ৬১০টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ সাত হাজার ৯৬৪ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৭.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### সীমান্ত পাহারার চেয়েও সাইবার নিরাপত্তা গুরুত্বপূর্ণ: তথ্য ও সম্প্রচারমন্ত্রী

হাজার হাজার মাইল সীমান্ত পাহারা দেওয়ার থেকেও বর্তমানে সাইবার নিরাপত্তা বেশি গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। বুধবার সকালে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মিডিয়া সেলের ফেসবুক পেজ `প্রান্তিক কণ্ঠস্বর,র উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, `বর্তমানে নিরাপত্তার ধারণা গুণগতভাবে পাল্টে গেছে। কিলোমিটারের পর কিলোমিটার সীমান্ত পাহারা দেওয়ার থেকেও এখন সাইবার নিরাপত্তা বেশি গুরুত্বপূর্ণ।, তিনি আরও বলেন, `প্রচলিত ধারণার মধ্য থেকে আনসার বাহিনীকে বের করে আনার চেষ্টা প্রশংসনীয়। প্রান্তিক কণ্ঠস্বরের আবির্ভাব গুজব প্রতিরোধসহ সঠিক তথ্য প্রবাহকে নিশ্চিত করবে।, তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেন, `যুদ্ধ কেবলই সমরাস্ত্রের বিষয় নয়, যোগাযোগও কেবল মানুষের কণ্ঠস্বর বিনিময়ের বিষয় নয়। বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনা আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে, ডিজিটাল কারসাজির মাধ্যমে কীভাবে নিরাপত্তা বিঘ্নিত হতে পারে।, এ সময় বাহিনীর ৬০ লাখ সদস্যকে প্রচলিত ধারণায় আটকে না রেখে সময়োপযোগী ও আধুনিক চিন্তার মাধ্যমে দেশের কাজে লাগানোর এই উদ্ভাবনী উদ্যোগের প্রশংসা করেন তথ্যমন্ত্রী। তিনি বলেন, বাংলাদেশ সরকারের তথ্য ব্যবস্থাপনার পরিকল্পনার একটি বড় অংশ হবে আনসার বাহিনীর তৈরি `প্রান্তিক কণ্ঠস্বর, ডিজিটাল প্ল্যাটফর্ম। অ্যানালগ ও ডিজিটাল পদ্ধতির পার্থক্য অনুধাবন করে নতুন বাস্তবতার সঙ্গে খাপ খাইয়ে ডিজিটাল নেতৃত্ব গ্রহণের জন্য তিনি বাহিনীর নেতৃত্বকে সাধুবাদ জানান। প্রযুক্তির চলমান পরিবর্তনের ধারাকে `ডাইনামিক, বা গতিশীল উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, `এই প্রযুক্তিগত বাস্তবতায় জ্ঞান ও মনোজগতকে স্থিতিশীল রাখার কোনো সুযোগ নেই। প্রতি মুহূর্তে আমাদের চিন্তার ক্ষেত্রে গতিশীল থাকতে হবে এবং চলমান আপগ্রেডিং সিস্টেমের সঙ্গে তাল মিলিয়ে চলতে হবে। তা না হলে আজ যিনি আধুনিক, আগামীকালই তিনি অচল হয়ে যেতে পারেন।, (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৭.২০২৬ আসাদ)

### রাজধানী ঘিরে বৃত্তাকার সড়ক ও নৌপথের অগ্রগতি কতটা, জানলেন প্রধানমন্ত্রী

রাজধানীর যানজট নিরসনে ইনার সার্কুলার রিং রোড নির্মাণ এবং ঢাকাকে ঘিরে থাকা নদীপথ কার্যকরভাবে ব্যবহারের লক্ষ্যে চলমান অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলোর অগ্রগতি পর্যালোচনা করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার বিকালে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সড়ক ব্যবস্থাপনা-সংক্রান্ত এক বৈঠকে এ বিষয়ে আলোচনা হয় বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব হাসান শিপলু।তিনি বলেন, `এই প্রকল্পের মাধ্যমে রাজধানীর যানজট নিরসন কীভাবে হবে, তা বৈঠকে বিস্তারিতভাবে তুলে ধরা হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানকে রাজধানীর ইনার সার্কুলার রিং রোড নির্মাণ প্রকল্পের সর্বশেষ অবস্থা অবহিত করা হয়েছে।,বৈঠকে জানানো হয়, রাজধানীর ইনার সার্কুলার রিং রোড প্রকল্পটি গাবতলী থেকে বাবুবাজার এবং পোস্তগোলা থেকে ডেমরা পর্যন্ত বিস্তৃত। ১২ কিলোমিটার দীর্ঘ এ প্রকল্পের রায়েরবাজার, হাজারীবাগ ও কামরাঙ্গীরচর অংশের নির্মাণকাজ বর্তমানে চলমান রয়েছে। এ পর্যন্ত প্রকল্পটির ৪৫ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে।বৃত্তাকার এ সড়ক নির্মাণ সম্পন্ন হলে ঢাকা-সিলেট, ঢাকা-মাওয়া ও ঢাকা-চট্টগ্রামগামী যানবাহনকে রাজধানীর অভ্যন্তরীণ সড়ক ব্যবহার করতে হবে না। ফলে রাজধানীর সড়কে যানবাহনের চাপ কমবে এবং যানজটও হ্রাস পাবে।এ ছাড়া বৈঠকে ঢাকাকে ঘিরে থাকা প্রায় ১১০ কিলোমিটার নদীপথকে কার্যকরভাবে ব্যবহারের পরিকল্পনাও উপস্থাপন করা হয়। এতে বলা হয়, এ নৌপথ চালু করা গেলে রাজধানীর সড়কে যানবাহনের চাপ উল্লেখযোগ্যভাবে কমবে। একই সঙ্গে নগরীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে বৃত্তাকার নদীপথে সহজেই যাতায়াত করা সম্ভব হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৬.২০২৬ আসাদ)

## গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে রাজপথে বিরোধী দল: জামায়াত আমির

সরকার গণভোটের রায় অনুযায়ী সংস্কার না করায় বিরোধী দল রাজপথে রয়েছে বলে জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান।বুধবার জাতীয় সংসদের এলডি হলে বাজেট-পরবর্তী এক মতবিনিময় সভায় তিনি এ কথা জানান। শফিকুর রহমান অভিযোগ করেন, সংসদীয় রাজনীতিতে পর্যাপ্ত আলোচনার সুযোগ না থাকায় জনগণের দাবিকে সামনে রেখে বিরোধী দল রাজপথের কর্মসূচি বেছে নিতে বাধ্য হয়েছে। বিরোধীদলীয় নেতা বলেন, অন্তর্বর্তীকালীন সরকারের সময় জাতীয় ঐকমত্য কমিশনের সংলাপ, `জুলাই জাতীয় সনদ, ও গণভোটের মাধ্যমে সংবিধান সংস্কার পরিষদ গঠনের বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য হয়েছিল। সিপিবি ব্যতীত সংলাপে অংশ নেওয়া অন্যান্য দলগুলো এই সনদে স্বাক্ষর করেছিল এবং গণভোটে `হ্যাঁ, ভোটের পক্ষে প্রচার চালিয়েছিল। কিন্তু গণভোটে `হ্যাঁ, জয়ী হওয়ার পরও সরকার এখন সংবিধান সংস্কারের পরিবর্তে সংশোধনের দিকে হাঁটছে এবং এ লক্ষ্যে সংসদে বিশেষ কমিটি গঠনের প্রস্তাব দিয়েছে। সংসদে বিষয়টি নিয়ে আলোচনার সুযোগ না পাওয়ার অভিযোগ তুলে শফিকুর রহমান বলেন, সংসদ যেহেতু আমাদের কথা বলার সুযোগ দিল না, তাই এখন আমরা `জনগণের পার্লামেন্টে, চলে যাব। তিনি আরও বলেন, সংসদে কথা বলতে স্পিকারের অনুমতি লাগে, কিন্তু জনগণের পার্লামেন্টে কোনো অনুমতির প্রয়োজন নেই। বিরোধী দল জনদাবি নিয়ে জনগণের সাথেই রয়েছে এবং গণভোটের রায় বাস্তবায়নে অনড়। (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৬.২০২৬ আসাদ)

## ব্যাংকে টাকা লেনদেন নিয়ে নতুন নির্দেশনা বাংলাদেশ ব্যাংকের

ব্যাংক থেকে ব্যাংকে টাকা লেনদেনের ফি নির্ধারণ করেছে বাংলাদেশ ব্যাংক। আজ বুধবার কেন্দ্রীয় ব্যাংক থেকে এ সংক্রান্ত একটি সার্কুলার জারি করা হয়েছে।সার্কুলারে বলা হয়েছে, এনপিএসবির মাধ্যমে সম্পাদিত লেনদেন এবং কার্ড স্কিমের মাধ্যমে সরকারি অর্থ পরিশোধ ব্যবস্থায় পয়েন্ট অফ সেল, বাংলা কিউআর কোড লেনদেনে মার্চেন্ট ডিসকাউন্ট রেটের সীমা নির্ধারণ করা হয়। সার্কুলারে আরও বলা হয়, উল্লিখিত সার্কুলারের সব ফি বা চার্জ এবং শর্তাবলী অপরিবর্তিত রেখে এনপিএসবির আওতায় কেবল বাংলা কিউআর কোড পরিশোধ ব্যবস্থা ব্যবহার করে ব্যাংক অ্যাকাউন্ট, ডেবিট এ প্রিপেইড কার্ড, ক্রেডিট কার্ড, এমএফএস, পিএসপির মাধ্যমে মার্চেন্ট পেমেন্টে অ্যাকোয়ারিং ব্যাংক বা প্রতিষ্ঠান কর্তৃক মার্চেন্ট হতে আদায়যোগ্য এমডিআরের সর্বনিম্ন হার ১% নির্ধারণ করা হলো। তবে কোনো একোয়ারিং প্রতিষ্ঠান ডিজিটাল লেনদেনের উন্নয়নের স্বার্থে প্রোমোশনাল ক্যাম্পেইন পরিচালনা করতে পারবে বলে সার্কুলারে উল্লেখ আছে। কেন্দ্রীয় ব্যাংকের পরিচালক মো. শরাফত উল্লাহ খান স্বাক্ষরিত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৬.২০২৬ আসাদ)

## ২ কার্গো এলএনজি কিনবে সরকার

দেশে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিত করতে আন্তর্জাতিক স্পট মার্কেট থেকে দুই কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজি কেনার অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভা কমিটি। বুধবার রাজধানীর মন্ত্রিপরিষদ বিভাগে অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত ২০২৬ সালের সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির ২৯তম সভায় এ অনুমোদন দেওয়া হয়। অনুমোদন অনুযায়ী, দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা পূরণে ২০২৬ সালের জুলাই মাসের শেষার্ধে সরবরাহের জন্য এই দুই কার্গো এলএনজি সংগ্রহ করা হবে।অনুমোদিত প্রস্তাব অনুযায়ী, এক কার্গো এলএনজি সরবরাহ করবে বিপি সিঙ্গাপুর প্রাইভেট লিমিটেড এবং অপর কার্গো সরবরাহ করবে যুক্তরাজ্য ভিত্তিক টোটাল এনার্জিস গ্যাস অ্যান্ড পাওয়ার লিমিটেড। দেশের তাৎক্ষণিক জ্বালানি চাহিদা পূরণ এবং বিদ্যুৎ উৎপাদন, শিল্পকারখানা ও গৃহস্থালি পর্যায়ে স্থিতিশীল প্রাকৃতিক গ্যাস সরবরাহ বজায় রাখতে পেট্রোবাংলার সুপারিশের ভিত্তিতে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এ প্রস্তাব উত্থাপন করে। এই দুই কার্গো এলএনজি ক্রয়ে সরকারের মোট ব্যয় হবে ১ হাজার ৪৩৭ কোটি ৫৫ লাখ টাকা। (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৬.২০২৬ আসাদ)

## বিদায়ী অর্থবছরে রেকর্ড রেমিট্যান্স

বিদায়ী অর্থবছরে সব মিলিয়ে ৩ হাজার ৫৫৬ কোটি ২০ লাখ ডলার দেশে পাঠিয়েছেন প্রবাসীরা, যা এ যাবৎকালের সর্বোচ্চ। ২০২৫-২৬ অর্থবছরের রেমিট্যান্সের এই পরিমাণ গত অর্থবছরের চেয়ে ১৭ দশমিক ৩০ শতাংশ বেশি। ২০২৪-২৫ অর্থবছরে মোট ৩ হাজার ৩২ কোটি ৮৮ লাখ ডলারের রেমিট্যান্স দেশে এসেছিল। তবে গত কয়েক মাসে রেমিট্যান্স প্রবাহে যে ইতিবাচক ধারা চলছিল, অর্থবছরের শেষ মাস জুনে এসে তাতে ভাটার টান দেখা দিয়েছে। জুন মাসে ২৮০ কোটি ৬০ লাখ ডলার দেশে পাঠিয়েছেন বিশ্বের বিভিন্ন দেশে অবস্থানরত প্রবাসীরা। এই অংক আট মাসের মধ্যে সবচেয়ে কম। আর গত বছরের জুনের চেয়ে দশমিক ৬০ শতাংশ কম। গত ২০২৫-২৬ অর্থবছরের শেষ মাস জুনে ২৮২ কোটি ২৫ লাখ ডলার দেশে এসেছিল (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৬.২০২৬ আসাদ)

## বস্ত্র, ওষুধ ও সামুদ্রিক খাতে যৌথ উদ্যোগে আগ্রহী বাংলাদেশ ও মরক্কো

বস্ত্র, ওষুধ ও সামুদ্রিক খাতে বাংলাদেশের সঙ্গে যৌথ উদ্যোগ গড়ার প্রস্তাব দিয়েছে মরক্কো। একই সঙ্গে বাণিজ্য, বিনিয়োগ ও উচ্চপর্যায়ের সফর সম্প্রসারণের মাধ্যমে দ্বিপক্ষীয় সহযোগিতা আরও জোরদারে অঙ্গীকার ব্যক্ত করেছে দুই দেশ। আজ পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে বাংলাদেশে নিযুক্ত মরক্কোর রাষ্ট্রদূত লাল্লা বুতাইনা আল কেরদুদি আল কুলালি এ প্রস্তাব দেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বৈঠকে রাষ্ট্রদূত বলেন, মরক্কোর কৌশলগত ভৌগোলিক অবস্থান আফ্রিকা ও ইউরোপের বাজারে প্রবেশের সুযোগ সৃষ্টি করেছে। এ সুযোগ কাজে লাগিয়ে বস্ত্র, ওষুধ ও সামুদ্রিক খাতে দুই দেশের মধ্যে যৌথ উদ্যোগ গড়ে তোলা যেতে পারে। তিনি আরও জানান, দক্ষ ও অর্ধদক্ষ বাংলাদেশি জনশক্তি নিয়োগসহ সব ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণে মরক্কো প্রতিশ্রুতিবদ্ধ। বৈঠকে বাংলাদেশ ও মরক্কোর দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং ক্রমবর্ধমান দ্বিপক্ষীয় সহযোগিতার বিষয়টি পুনর্ব্যক্ত করা হয়। নবনিযুক্ত রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, দুই দেশের বিদ্যমান সম্পর্ক আরও শক্তিশালী করতে বাংলাদেশ সর্বাত্মক সহযোগিতা দিতে প্রস্তুত। বৈঠকে বাণিজ্য, বিনিয়োগ, ওষুধশিল্প, বস্ত্রশিল্প, পাট ও পাটজাত পণ্য, সামুদ্রিক বিষয়, জাহাজ নির্মাণ এবং জনশক্তি খাতে সহযোগিতা বৃদ্ধির বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। শামা ওবায়েদ ইসলাম ক্রীড়া, সংস্কৃতি, বিজ্ঞান ও প্রযুক্তি খাতেও সহযোগিতা সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৬.২০২৬ আসাদ)

## ২ লাখ ৭০ হাজার মেট্রিক টন গম আমদানি করবে সরকার

দেশে খাদ্যশস্যের পর্যাপ্ত মজুত নিশ্চিত করতে ২ লাখ ৭০ হাজার মেট্রিক টন গম আমদানিসহ সাতটি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। আজ রাজধানীর মন্ত্রিপরিষদ বিভাগে অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত ২০২৬ সালের সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২৯তম সভায় এসব প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। সভায় খাদ্য মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উত্থাপিত বিভিন্ন ক্রয় প্রস্তাব বিবেচনা করা হয়। অনুমোদিত প্রস্তাবগুলোর মধ্যে খাদ্য মন্ত্রণালয়ের গম আমদানি সংক্রান্ত দুটি প্রস্তাব রয়েছে। আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ২০২৫-২৬ অর্থবছরের প্যাকেজ-৩-এর আওতায় ৫০ হাজার মেট্রিক টন গম ক্রয়ের প্রস্তাব অনুমোদন দেয়া হয়েছে। এই গম সিঙ্গাপুর ভিত্তিক এম/এস অ্যাগ্রোকর্প ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেড সরবরাহ করবে। প্রতি মেট্রিক টনের মূল্য নির্ধারণ করা হয়েছে ২৯৭ দশমিক ৯২ মার্কিন ডলার। এ ক্রয়ে সরকারের মোট ব্যয় হবে প্রায় ১৮২ কোটি ৮৪ লাখ টাকা। এছাড়া পৃথক এক সিদ্ধান্তে সরকার-টু-সরকার চুক্তির আওতায় যুক্তরাষ্ট্র থেকে ২ লাখ ২০ হাজার মেট্রিক টন গম আমদানির প্রস্তাব অনুমোদন দেয়া হয়েছে। এ ক্ষেত্রে প্রতি মেট্রিক টনের মূল্য নির্ধারণ করা হয়েছে ৩২২ মার্কিন ডলার। এ আমদানিতে সরকারের মোট ব্যয় হবে আনুমানিক ৮৬৯ কোটি ৫৬ লাখ টাকা। (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৬.২০২৬ আসাদ)

## জাইকা প্রতিনিধিদলের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা জাইকার প্রেসিডেন্টসহ একটি প্রতিনিধি দল। বুধবার বিকেলে সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে জাপানের বৈদেশিক সম্পর্ক বিষয়ক সংসদীয় উপমন্ত্রী শিমাদা তোমাকি,র নেতৃত্বে প্রতিনিধি দলটি সাক্ষাৎ করে। প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব জাহিদুল ইসলাম রনি এ তথ্য জানান।তিনি জানান, সাক্ষাৎকালে মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর, এমআরটি লাইনসমূহ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালসহ জাইকা,র অর্থায়নে বাংলাদেশে চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। প্রধানমন্ত্রী তারেক রহমান ডিসেম্বরের মধ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল উদ্বোধনের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যেই কাজ সম্পন্ন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন বলে জানান উপ প্রেস সচিব। তিনি আরো জানান, বৈঠকে জ্বালানি সংকট মোকাবিলায় বাংলাদেশকে জাপানের ৩১২ মিলিয়ন মার্কিন ডলারের সহায়তা ৫০০ মিলিয়নে উন্নীত করার বিষয়ে জাপান ইতিবাচক সাড়া দিয়েছে। এছাড়া বাংলাদেশ ও জাপানের মধ্যে স্বাক্ষরিত বাংলাদেশ-জাপান অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি দ্রুত এগিয়ে নেওয়ার বিষয়ে উভয় পক্ষ তাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করে। জাহিদুল ইসলাম রনি জানান, এ সময় জাপানি প্রতিনিধি দল বাংলাদেশ নৌবাহিনীকে জাপানের পক্ষ থেকে পাঁচটি প্যাট্রোল বোট প্রদান করা হবে বলে প্রধানমন্ত্রীকে অবহিত করে। তিনি বলেন, বৈঠকে রোহিঙ্গা সংকট নিয়েও আলোচনা হয়। প্রধানমন্ত্রী তারেক রহমান রোহিঙ্গা শরণার্থীদের নিরাপদে, স্বেচ্ছায়, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসনের লক্ষ্যে জাপানের অব্যাহত সহযোগিতা ও আন্তর্জাতিক পরিসরে আরো সক্রিয় ভূমিকা আশা করেন। প্রতিনিধি দল প্রধানমন্ত্রীকে জাপান সফরের আমন্ত্রণ জানায়। প্রধানমন্ত্রী সুবিধাজনক সময়ে জাপান সফরের আশা প্রকাশ করেন বলেও জানান প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব জাহিদুল ইসলাম রনি। (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৬.২০২৬ আসাদ)

## বৃষ্টি-তাপমাত্রা নিয়ে ৩ মাসের আবহাওয়ার পূর্বাভাস জানাল অধিদপ্তর

আধুনিক প্রযুক্তি, আবহাওয়া বিন্যাস ও বায়ু মণ্ডলের বিভিন্ন স্তরের আবহাওয়া মানচিত্র ও জলবায়ু মডেল অনুসরণ করে আগামী তিন মাসের আবহাওয়ার পূর্বাভাস দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। এতে বলা হয়েছে আগামী তিন মাস অর্থাৎ জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এর মধ্যে জুলাই মাসে সারাদেশের অন্যান্য বিভাগে স্বাভাবিক বৃষ্টিপাত হলেও, স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপাত হবে চট্টগ্রাম বিভাগে। আবহাওয়া অফিসের পূর্বাভাস অনুযায়ী, জুলাইয়ে চট্টগ্রাম বিভাগে ৬৯৪ মিলিমিটার বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।জুলাই মাসে সবচেয়ে কম বৃষ্টির পূর্বাভাস রয়েছে রাজশাহী বিভাগে। আবহাওয়া অফিসের পূর্বাভাস অনুযায়ী জুলাইয়ে রাজশাহীতে ৩১১ মিলিমিটার বৃষ্টিপাত হতে পারে। আবহাওয়া অফিস জানিয়েছে, আগামী তিন মাসে বঙ্গোপসাগরে চার থেকে ছয়টি লঘুচাপ সৃষ্টি হতে পারে। যার মধ্যে এক থেকে তিনটি মৌসুমি নিম্নচাপে পরিণত হতে পারে। এই সময়ে দেশে অন্তত ১০ থেকে ১৫ দিন বজ্রপাত হতে পারে। তবে, পরবর্তী তিন মাসে তাপমাত্রা বৃদ্ধিরও ইঙ্গিত দেওয়া হয়েছে পূর্বাভাসে। এতে বলা হয়, এই তিন মাসে দেশে দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে। এই সময়ে বিছিন্নভাবে দেশে তিন থেকে পাঁচটি মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যেতে পারে।

(রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৬.২০২৬ আসাদ)

## পূর্বাচলে হচ্ছে ৪ থানা, ৬ হাজার পুলিশের নতুন জোনঃ আইজিপি

পূর্বাচল নতুন শহর প্রকল্পকে নিচ্ছিদ্র নিরাপত্তার চাদরে ঢাকতে এক বিশাল মহাপরিকল্পনা হাতে নিয়েছে পুলিশ। বুধবার (১ জুলাই) সকালে পূর্বাচলের ‵বরকাউ পুলিশ ক্যাম্প, উদ্বোধনের সময় এই জমকালো ভাবনার কথা জানান পুলিশ মহাপরিদর্শক মো. আলী হোসেন ফকির। তিনি জানান, দ্রুতই এই নতুন শহরে গড়ে তোলা হবে ৪টি থানা, ৬টি তদন্ত কেন্দ্র, ২টি পুলিশ লাইনস, ৩টি ডিসি অফিস এবং ৪১টি পুলিশ বক্স। এই বিশাল কর্মযজ্ঞের জন্য ইতোমধ্যে ২৯.২১ একর জমির মধ্যে ১৮.৬৩ একরের রেজিস্ট্রেশনও শেষ করে ফেলেছে পুলিশ। তবে সবচেয়ে বড় চমক হচ্ছে, পুরো পূর্বাচলকে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অধীনে এনে একজন অতিরিক্ত পুলিশ কমিশনারের নেতৃত্বে সম্পূর্ণ পৃথক একটি বিভাগ হিসেবে গড়ে তোলা হবে, যেখানে নিরাপত্তার দায়িত্বে থাকবেন প্রায় সাড়ে ছয় হাজার পুলিশ সদস্য। বর্ণাঢ্য এই উদ্বোধনী অনুষ্ঠানে ডিএমপি কমিশনার মোসলেহ উদ্দিন আহমদসহ পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৭.২০২৬ আসাদ)

## তিনটি নতুন উপজেলা ও একটি থানার অনুমোদন

দেশের প্রশাসনিক কাঠামোয় আরও তিনটি নতুন উপজেলা ও একটি নতুন থানা যুক্ত করার চূড়ান্ত অনুমোদন দিয়েছে ‵প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি, (নিকার)। নতুন অনুমোদিত উপজেলা তিনটি হচ্ছে— চট্টগ্রামের ‵ফটিকছড়ি উত্তর,, কুমিল্লার ‵বাঙ্গারা, এবং ময়মনসিংহের ‵পাগলা,। এছাড়া নতুন থানা হিসেবে অনুমোদন পেয়েছে চট্টগ্রামের ‵হালদা,।

বুধবার (১ জুলাই) প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত নিকারের ১২১তম সভায় এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠক শেষে সংশ্লিষ্ট সূত্র জানায়, স্থানীয় জনগণের দীর্ঘদিনের দাবি, ভৌগোলিক অবস্থান ও প্রশাসনিক সুবিধার্থে নতুন এই উপজেলা ও থানা গঠনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এই সিদ্ধান্তের ফলে সংশ্লিষ্ট এলাকার প্রশাসনিক কার্যক্রম আরও গতিশীল হবে এবং নাগরিক সেবা সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়া সহজ হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৭.২০২৬ আসাদ)

## জামায়াত জুলাই সনদ নিয়ে জাতির কাছে ওয়াদাবদ্ধঃ শফিকুর রহমান

২০২৬-২৭ অর্থ বছরের সদ্য পাস হওয়া বাজেট জামায়াতে ইসলামীর তৈরি ছায়া বাজেটের কাছাকাছিই হয়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির শফিকুর রহমান। বুধবার জাতীয় সংসদের এলডি হলে বাজেট পরবর্তী মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন। এ সময় জামায়াত আমির বাজেটে প্রান্তিক ও মুদি দোকানের অগ্রিমকর, সাইকেলের যন্ত্রাংশের করছাড়সহ বেশকিছু সেক্টরে বিরোধীদলের প্রস্তাবনা বিবেচনা করায় সরকারকে ধন্যবাদ দেন। শফিকুর রহমান বলেন, ৬১টি প্রয়োজনীয় আইটেমে কর কমানো হয়েছে, কিন্তু এতে যদি বাজারে প্রতিফলন দেখতে না পাওয়া যায়; তাতে বুঝে নিতে হবে এতে লাভবান হবে সিন্ডিকেটই। মতবিনিময় সভায় অতীতের সংসদ নির্বাচনের ইতিহাস তুলে ধরে সংসদে দায়িত্বহীন আচরণ না করার আহ্বানও জানান বিরোধীদলীয় নেতা।তিনি আবারও জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে জামায়াতের অবস্থান পরিষ্কার করে বলেন, এ নিয়ে আন্দোলন চলবে। জামায়াত জুলাই সনদ নিয়ে জাতির কাছে ওয়াদাবদ্ধ।

(রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৭.২০২৬ আসাদ)

## শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে ফাঁসির রায় কার্যকর করতে হবে : নাহিদ

আগামী ৫ আগস্টের মধ্যে জুলাই স্মৃতি জাদুঘর খুলে না দিলে জনগণ নিজেরাই জাদুঘর খুলে প্রবেশ করবে। বুধবার রায়েরবাজারে চব্বিশের গণঅভ্যুত্থানে শহিদদের গণকবর জিয়ারত শেষে সরকারের উদ্দেশে জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম এ কথা বলেন। তিনি বলেন, জুলাই হত্যা মামলার তদন্ত ও বিচার ধীর গতিতে হচ্ছে। এটা আরও দ্রুত করতে হবে। ওসমান হাদির হত্যাকারীদের দেশে ফেরাতে হবে। শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে ফাঁসির রায় কার্যকর করতে হবে। এ সময় হাসানুল হক ইনুকে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার অন্যতম সহযোগী উল্লেখ করে এই এনসিপি নেতা বলেন, ইনুর ১০ বছরের সাজা হতে পারে না। আমরা আপিলের মাধ্যমে তার কঠোর শাস্তি প্রত্যাশা করছি। সরকারের উদ্দেশে নাহিদ বলেন, শুধু নামকাওয়াস্তে জুলাই গণঅভ্যুত্থান পালন করলে চলবে না। জুলাই সনদ ও গণভোটের রায় বাস্তবায়ন করতে হবে। রাষ্ট্র কাঠামোর সংস্কার করতে হবে। জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষ্যে সরকার এখনও কোনো কর্মসূচি ঘোষণা করেনি। আশা করছি, সরকার দ্রুতই কর্মসূচি ঘোষণা করবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৭.২০২৬ আসাদ)

## টেক্সটাইল খাতে গবেষণা ও কারিগরি শিক্ষায় সর্বোচ্চ গুরুত্ব দেবে সরকার: শিক্ষামন্ত্রী

দেশের অর্থনীতির প্রধান চালিকাশক্তি টেক্সটাইল বা বস্ত্র খাতকে বিশ্ববাজারে আরও প্রতিযোগিতামূলক করে তুলতে গবেষণা, উদ্ভাবন এবং কারিগরি শিক্ষার ওপর সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেছেন, বাংলাদেশকে বিশ্বমানের পোশাক রপ্তানিকারক দেশ হিসেবে শীর্ষস্থানে ধরে রাখতে দক্ষ টেক্সটাইল প্রকৌশলী ও গবেষক তৈরির কোনো বিকল্প নেই। বুধবার বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইলস (বুটেক্স)-এর নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, বুটেক্স কেবল একটি শিক্ষাপ্রতিষ্ঠান নয়, বরং এখান থেকেই দেশের ভবিষ্যৎ নেতৃত্ব তৈরি হচ্ছে। তিনি গর্বের সাথে উল্লেখ করেন যে, চলতি বছর বুটেক্সের প্রায় ২০ জন শিক্ষার্থী বিসিএস ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়েছেন। এ সময় তিনি শিক্ষার্থীদের আশ্বস্ত করে বলেন, এ প্রতিষ্ঠানে ভর্তি হওয়া মানেই দেশের আগামীর নেতৃত্ব দেওয়ার প্রস্তুতি গ্রহণ করা। ড. মিলন বলেন, টেক্সটাইল প্রকৌশল একটি বিজ্ঞানভিত্তিক ক্ষেত্র। তাই সময়ের প্রয়োজনে টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে কৃত্রিম বুদ্ধিমত্তা পরিচালিত ল্যাবসহ আধুনিক গবেষণাগার স্থাপন করা হবে। গবেষণার মানোন্নয়নে সরকার অধিকতর বাজেট বরাদ্দ দেবে বলেও তিনি প্রতিশ্রুতি দেন। প্রধানমন্ত্রী তারেক রহমানের ভিশন তুলে ধরে শিক্ষামন্ত্রী বলেন, দেশের বিশাল জনসংখ্যাকে দক্ষ জনশক্তিতে রূপান্তর করাই বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। তিনি বলেন, ”অতীতে টেক্সটাইল শিল্পে বিদেশি নাগরিকদের ওপর নির্ভরতা থাকলেও, এখন আমাদের নিজস্ব মেধাবী প্রকৌশলীদের ওপরই আস্থা রাখতে হবে। আমরা চাই আমাদের শিক্ষার্থীরাই দেশীয় শিল্প পরিচালনা করবে।„ (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৭.২০২৬ আসাদ)

## ১ জুলাই থেকে হজের প্রাক-নিবন্ধন শুরু, শেষ ২৬ সেপ্টেম্বর

২০২৭ সালে হজ পালনে আগ্রহীদের জন্য ১ জুলাই থেকে প্রাক-নিবন্ধন কার্যক্রম শুরু হয়েছে। ধর্মবিষয়ক মন্ত্রণালয় জানিয়েছে, সৌদি সরকারের ঘোষিত হজ রোডম্যাপ অনুযায়ী আগামী ২৬ সেপ্টেম্বরের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। বুধবার ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের এক বার্তায় এ তথ্য জানানো হয়েছে। বার্তায় আগ্রহীদের উদ্দেশ্যে বলা হয়, ২০২৭ সালের হজের জন্য ১ জুলাই থেকে প্রাক-নিবন্ধন করুন। সৌদি সরকার ঘোষিত হজের রোডম্যাপ অনুযায়ী ২৬ সেপ্টেম্বরের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। এর আগে গত ২৯ মে সৌদি হজ ও উমরাহ মন্ত্রণালয় সৌদি আরবের জেদ্দায় এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে ২০২৭ সালের হজ কার্যক্রমের সময়সূচি ঘোষণা করে এবং বিভিন্ন দেশের ধর্ম বিষয়ক মন্ত্রীদের কাছে তা হস্তান্তর করে।ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন আমন্ত্রিত অতিথি হিসেবে এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন এবং সৌদি হজ ও উমরাহ মন্ত্রণালয়ের সহকারী মন্ত্রী ড. আল হাসান বিন ইয়াহইয়া আল মানাখরাহ তার কাছে আনুষ্ঠানিকভাবে হজের রোডম্যাপ হস্তান্তর করেন। রোডম্যাপ অনুসারে, চলতি বছরের ২৬ সেপ্টেম্বরের মধ্যে শেষ করতে হবে হজযাত্রী নিবন্ধন কার্যক্রম। ৮ নভেম্বর স্বাক্ষরিত হবে দ্বিপাক্ষিক হজচুক্তি। ২০২৭ সালের ২৮ জানুয়ারি থেকে হজ ভিসা ইস্যু শুরু হবে এবং ৮ এপ্রিল শুরু হবে হজ ফ্লাইট। চাঁদ দেখা সাপেক্ষে ১৫ মে অনুষ্ঠিত হবে ২০২৭ সালের হজ। (রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৭.২০২৬ আসাদ)

## আগামীকাল শুরু এইচএসসি পরীক্ষা, অভিন্ন প্রশ্নপত্রে নতুন অধ্যায়

আগামীকাল থেকে শুরু হচ্ছে এইচএসসি ও সমমান পরীক্ষা। এবার দেশের সব শিক্ষা বোর্ডে একই প্রশ্নপত্রে অনুষ্ঠিত হচ্ছে। প্রশ্নফাঁস ঠেকাতে নেয়া হয়েছে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা। প্রশ্নফাঁসের কোনও সম্ভাবনা নেই বলে জানান আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ড । তবে সব বোর্ডে একই মানদণ্ড বজায় রেখে উত্তরপত্র মূল্যায়ন করা এবং প্রশ্নফাঁস প্রতিরোধ করাই প্রধান চ্যালেঞ্জ হিসেবে দেখছেন শিক্ষাবিদরা। এবার এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ১২ লাখ ৭০ হাজার ৫৮৩ শিক্ষার্থী। গেলো বারের তুলনায় যা ১৯ হাজার ৪৭২ জন বেশি। ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে ১০ লাখ ৬৯ হাজার ৭১৪

জন। আর মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডে ২ লাখ ৮৬৯ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। বৃহস্পতিবার বাংলা প্রথম প্রত্রের মধ্যদিয়ে শুরু হচ্ছে পরীক্ষা পর্ব। এবার ২ হাজার ৯৯৭টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে পরীক্ষা। এর মধ্যে ১৪৫টিকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। যার ৪০টিই ঢাকায়। এইচএসসি পরীক্ষা সুষ্ঠু করতে প্রশ্নপ্রত্র বিতরণ, খাতা সংরক্ষণ, কোন ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, শৌচাগার তল্লাশিসহ ৩৫টি নির্দেশনা দেয়া হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০১.০৭.২০২৬ আসাদ)

# BBC

**TRUMP MADE MORE THAN $1BN FROM CRYPTO IN FIRST YEAR BACK IN OFFICE**

US President Donald Trump made more than $1bn last year from business dealings in cryptocurrency, according to his mandatory financial report for 2025. In a 927-page disclosure, he reported $635m in royalties from a Trump meme coin that has plunged in value since he launched it days before taking office. He also reported over $500m in income from World Liberty Financial, a cryptocurrency firm founded by his own sons and the children of his special envoy, Steve Witkoff. He earned millions more from real estate and Trump-themed items. But the White House denied he was profiting from the presidency. The earnings from his latest financial disclosure far outpace the previous ones for 2024, when Trump disclosed over $600m of income. But the White House, which has repeatedly emphasised that Trump has placed his businesses in a trust managed by his sons, again denied any conflict of interest. (BBC News Web Page: 01/07/26, FARUK)

**THREE-YEAR-OLD RESCUED AND TAKEN TO HOSPITAL SIX DAYS AFTER VENEZUELA QUAKE**

A three-year-old boy has been pulled alive from the rubble six days after the devastating earthquakes in Venezuela, a Jordanian rescue team has said. The child, named as Klieber Moran, was pulled from wreckage in La Guaira state, interim President Delcy Rodriguez said. Rodriguez described the child's rescue as a "source of hope for our people". It comes as UN warned that tens of thousands of people were urgently in need of food and shelter. The death toll from last week's quakes - with magnitudes of 7.2 and 7.5 - has risen to 1,943 with more than 10,000 people injured and tens of thousands more unaccounted for. The massive tremors probably damaged or destroyed 58,870 buildings, according to an initial assessment of satellite from Nasa. (BBC News Web Page: 01/07/26, FARUK)

**SUDAN'S RSF COMMITTED CRIMES AGAINST HUMANITY IN EL-FASHER: AMNESTY**

Sudanese paramilitaries committed crimes against humanity and ethnic cleansing during their campaign to seized the city of el-Faser last year, a rights group report says. The siege and takeover of the city in the western region of Darfur marked one of the bloodiest episodes in Sudan's civil war between Sudan's army and the Rapid Support Forces (RSF). "The RSF's crimes included murder, forcible transfer, imprisonment, torture, rape, sexual slavery, other forms of sexual violence, enslavement, extermination and persecution," said an Amnesty investigation released on Wednesday. The RSF has not commented on the Amnesty report but has denied previous such accusations. Sudan remains locked in a three-year power struggle between the regular army and the RSF paramilitaries. The ongoing civil war has killed hundreds of thousands of people, and forced more than 14 million people from their homes. Widespread sexual violence against men, women and children is being used as a weapon of war, the UN says. (BBC News Web Page: 01/07/26, FARUK)

**ROOF COLLAPSE KILLS 14 CHILDREN AT PAKISTAN TUITION CENTRE**

Fourteen children died after the roof of a building near Lahore collapsed on top of them, officials say. The incident happened at a private tuition centre in the Khana suburb of the Pakistani city. Young children under the age of 10 are among those to have been taken from the scene. Authorities launched an investigation into the collapse, and two people were taken into custody as part of the initial inquiry. Farooq Ahmed, a spokesman for the emergency service Rescue 1122, told the BBC they had received a call about the incident at 16:45. He said that the rescue operation had been completed within one hour, and most people recovered were between seven and 11 years old. Another five people are thought to be injured. (BBC News Web Page: 01/07/26, FARUK)

**AFGHAN TALIBAN LAUNCH STRIKES ON BORDER WITH PAKISTAN AS TENSIONS ESCALATE**

Afghanistan's Taliban regime said they have carried out strikes on targets along the border with Pakistan, injuring several people in Pakistan's southwestern Balochistan province. Pakistan's military said it had shot down four rudimentary drones and warned any further provocation "would receive a befitting response". The BBC has been unable to independently confirm the attack. The strikes come after Pakistan launched its own air strikes on Afghanistan on Sunday, killing 28 civilians, according to the UN. Tensions have reignited in the region after months of relative calm. The two countries had agreed to a ceasefire in October following weeks of deadly clashes. Pakistan has long accused Afghanistan of harbouring terrorists who carry out attacks on its soil, a claim the Taliban government rejects. Kabul in turn has accused Islamabad of carrying out unprovoked attacks which kill civilians. Pakistan says it only targets militants.
(BBC News Web Page: 01/07/26, FARUK)

**FIREFIGHTERS STRUGGLE TO CONTAIN DEADLY GREEK WILDFIRE**

Two people have been found dead as an out-of-control wildfire burns in northern Greece, forcing residents of a nearby village to evacuate. The body of a man was discovered in a charred area near Liti, about 15km north-west of the city of Thessaloniki. A second body - yet to be identified - was found later in a house in a forested area near the village. A woman rescued near the house with burn injuries is now said to be in a stable condition in hospital. A 12-year-old child is also reported missing. More than 100 firefighters, dozens of fire engines and at least seven aircraft are trying to contain the fire, reportedly facing a wall of flame some 5km long and still spreading. The cause of the blaze, which broke out at about 14:30 local time on Tuesday and quickly spread to a nearby forest, has not yet been determined. (BBC News Web Page: 01/07/26, FARUK)

**THREE KILLED IN MEXICO CITY WORLD CUP CELEBRATIONS**

A 19-year-old woman is among three people to have died from suffocation during World Cup celebrations in Mexico City on Tuesday. A 48-year-old woman and a 44-year-old man also died after crowds descended on the city following the country's 2-0 victory over Ecuador, the capital's health authority said on Wednesday. More than one million people took to the streets, mainly around the Angel of Independence monument in downtown, to mark the country's first World Cup knockout win since 1986, the city government said. City Mayor Clara Brugada expressed her "most sincere condolences" to the victims’ families and pledged support in the coming days. (BBC News Web Page: 01/07/26, FARUK)

**AT LEAST FIVE KILLED IN FIRE AT BELGIAN APARTMENT BUILDING**

At least five people have died and several others have been injured in a fire that broke out in a 10-storey block of flats in Antwerp, Belgian police say. Thick smoke was seen billowing from the eighth floor of the building in the Linkeroever district, after the fire broke out just before 10:00 on Wednesday. Dramatic video showed a man clambering from his balcony through a neighbour's window to escape the black smoke. Police say more than 200 people live in the block and the bodies of a number of victims have already been found. "It's a heavy toll here at Linkeroever," police spokeswoman Kim Bastiaens told Belgian public TV, adding that a number of people had suffered from serious and minor injuries.
(BBC News Web Page: 01/07/26, FARUK)

**DANGEROUS HEATWAVE TO HIT US AHEAD OF HOLIDAY WEEKEND**

A prolonged and dangerous heatwave will intensify across a swathe of the US this week, ushering in scorching daytime heat, high humidity and stifling overnight temperatures, forecasters predict. Some 120 million people nationwide are under an extreme heat warning as of Tuesday, as Americans head into the Fourth of July holiday weekend, the National Weather Service (NWS) said. To the north, much of Canada began experiencing its own heatwave on Tuesday, with temperatures up to 37C expected in Ontario. It comes after Europe's unprecedented early summer heatwave scorched several countries over recent days, with temperature records broken across the continent. The heatwave is forecast to hit a large area of the country, from the US east coast to central areas of the country. Starting on Thursday, about 250 million people will be exposed to some dangerous level of heat, according to weather forecasters. (BBC News Web Page: 01/07/26, FARUK)

**FARMING WORRIES AFTER INDIA RECORDS DRIEST JUNE IN OVER A DECADE**

India has recorded its driest June in 12 years, and the fifth-driest since nationwide rainfall records began in 1901, according to the country's weather department. The India

Meteorological Department (IMD) has also forecast below-normal rainfall for July, raising concerns over the progress of crop sowing this year. Government data shows the area planted with summer crops until the end of June is down by nearly 23% from the corresponding period in 2025, with rice sowing falling by a quarter. Millions of farmers rely on seasonal monsoon rains to sow their crops and a shortfall or delay significantly affects their output. Data released by the federal agriculture ministry showed farmers had sown summer crops across 18.27 million hectares till 30 June, down from 23.65 million hectares during the same period last year. (BBC News Web Page: 01/07/26, FARUK)

**::--::THE END::--::**